১৪ পৃষ্ঠের দীর্ঘতম মাংসপেশীর নিদর্শন *।

পৃষ্ঠের ঐ দীর্ঘতম মাংসপেশী কশেরুকামূলকটিযুক্ত মাংসপেশীর ন্যায় উৎপন্ন হইয়া পৃষ্ঠাবর্ত্তকানুপ্রস্থগামি প্রবর্দ্ধনেতে প্রবিষ্ট হয়। পৃষ্ঠের ঐ দীর্ঘতম মাংসপেশী পৃষ্ঠাবর্ত্তককে উর্দ্ধোত্তোলন করে এবং গাত্রকে সরলভাবে রাখে।

১৫. পৃষ্ঠের কণ্টকাকৃতিপ্রবর্দ্ধনযুক্ত মাংসপেশীর নিদর্শন।

পৃষ্ঠের কণ্টকাকৃতিপ্রবর্দ্ধনযুক্ত ঐ মাংসপেশী উর্দ্ধস্থ কট্যাবর্ত্তকের এবং অধঃস্থ পৃষ্ঠাবর্ত্তকের কণ্টকাকৃতি প্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং উর্দ্ধস্থ নবপৃষ্ঠাবর্ত্তকের কণ্টকাকৃতিপ্রবর্দ্ধনেতে প্রবিষ্ট হয়। পৃষ্ঠের কণ্টকপ্রবর্দ্ধনযুক্ত ঐ মাংসপেশী কশেরুকাবর্ত্তকাকে উত্তোলন করে।

১৬ পৃষ্ঠের কণ্টকাকৃতিপ্রবর্দ্ধনযুক্তোপমাংসপেশীর নিদর্শন।

পৃষ্ঠের কণ্টকাকৃতিপ্রবর্দ্ধনযুক্ত ঐ উপমাংসপেশীসমস্ত সপ্তম এবং অষ্টম এবং নবম এবং দশম পৃষ্ঠাবর্ত্তকানুপ্রস্থগামিপ্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং উর্দ্ধস্থ পৃষ্ঠাবর্ত্তকচতুষ্টয়ের এবং অধঃস্থ গ্রীবাবর্ত্তকের কণ্টকাকৃতি প্রবর্দ্ধনেতে প্রবিষ্ট হয়। পৃষ্ঠের কণ্টকাকৃতি

* পৃষ্ঠের ঐ দীর্ঘতম মাংসপেশীর ঊর্দ্ধাংশেতে অনুপ্রস্থরূপগামী এবং তৎসহিত অতি দৃঢ়রূপে সংযুক্ত মাংসতন্তুবিশিষ্ট এক অতিপ্রশস্ত পাতলাংশ থাকে। আল্বিনস্ নাবে ব্যবচ্ছেদক ঐ অংশের গ্রীবাবর্ত্তকপ্রবর্দ্ধনানুপ্রস্থগামি মাংসপেশীসংজ্ঞা করিয়াছেন কিন্তু তাহা পৃষ্ঠের দীর্ঘতম মাংসপেশীর কেবল এক অংশ জানিবেন। ঐ অংশ পৃষ্ঠাবর্ত্তকের পঞ্চ কিম্বা ছয় ঊর্দ্ধ্বাবর্ত্তকানুপ্রস্থগামি প্রবর্দ্ধনহইতে নির্গত হয় এবং অধঃস্থ ছয় গ্রীবাবর্ত্তকানুপ্রস্থগামি প্রবর্দ্ধনেতে প্রবিষ্ট হয়। ঐ অংশদ্বারা পৃষ্ঠের দীর্ঘতম মাংসপেশী গ্রীবাকে এক পার্শ্বে এবং জেষ্ঠ্যরূপে পশ্চাদ্দিগে আকর্ষণ করে।

প্রবর্দ্ধনযুক্ত ঐ উপমাংসপেশী কশেরুকাকে তের্চারূপে পশ্চাদ্দিগে আকর্ষণ করে

১৮ কশেরুকাপ্রবর্দ্ধনযুক্ত বহুধা মাংসপেশীর নিদর্শন *।

কশেরুকাপ্রবর্দ্ধনযুক্ত ঐ বহুধা মাংসপেশী কশেরুকামূলেতে এবং কটিখণ্ডেতে এবং কট্যাবর্ত্তকের তের্চা এবং অনুপ্রস্থগামি প্রবর্দ্ধনেতে এবং পৃষ্ঠাবর্ত্তকের এবং গ্রীবাবর্ত্তকচতুষ্টয়ের অনুপ্রস্থ প্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং কট্যাবর্ত্তকের এবং পৃষ্ঠাবর্ত্তকের কণ্টকাকৃতি প্রবর্দ্ধনেতে এবং গ্রীবাবর্ত্তকের কণ্টকাকৃতি ষট্ প্রবর্দ্ধনেতে প্রবিষ্ট হয়। কশেরুকাপ্রবর্দ্ধনযুক্ত ঐ বহুধা মাংসপেশী কশেরুকাকে উত্তোলন করে এবং পশ্চাদ্দিগে এবং এক পার্শ্বে আকর্ষণ করে।

১৯ গ্রীবাস্থকণ্টকাকৃতিপ্রবর্দ্ধনযুক্তোপমাংসপেশীর নিদর্শন।

গ্রীবাস্থকণ্টকাকৃতিপ্রবর্দ্ধনযুক্ত ঐ উপমাংসপেশী ঊর্দ্ধস্থ পঞ্চ কিম্বা ষট্ পৃষ্ঠাবর্ত্তকানুপ্রস্থগামি প্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং দ্বিতীয় এবং তৃতীয় এবং চতুর্থ এবং ষষ্ঠ গ্রীবাবর্ত্তকের কণ্টকাকৃতিপ্রবর্দ্ধনেতে প্রবিষ্ট হয়। গ্রীবাস্থকণ্টকাকৃতিপ্রবর্দ্ধনযুক্ত ঐ উপমাংসপেশী গ্রীবাকে তের্চারূপে পশ্চাদ্দিগে আকর্ষণ করে।

* প্রায় সমস্ত ব্যবচ্ছেদকেরা প্রয়োজনাভাবে কশেরুকাযুক্ত মাংসপেশীর সংখ্যা অতিবিস্তার করিয়াছেন কিন্তু আলবিনস্ নামে ব্যবচ্ছেদক মাংসপেশীর এ প্রকরণ অতি সংক্ষেপ করিয়াছেন তাহাতে যেং সকল মাংসপেশী স্নায়ুবন্ধবিশিষ্ট হইয়া কশেরুকার পশ্চাৎপার্শ্বসমীপস্থিতি করে এবং দগ্লস্ নামে ব্যবচ্ছেদক যেং সকল মাংসপেশীর গ্রীবার এবং পৃষ্ঠের এবং কটির অনুপ্রস্থগামি মাংসপেশী সংজ্ঞা করিয়াছেন সেই সকলকে কশেরুকাপ্রবর্দ্ধনযুক্ত বহুধা মাংসপেশীর মধ্যে গণনা করিয়াছেন।

২০ অসমানত্রিকোণাকার মাংসপেশীর নিদর্শন *।

অসমানত্রিকোণাকার ঐ মাংসপেশী অধঃস্থ পঞ্চ গ্রীবাবর্ত্তকানুপ্রস্থ প্রবর্দ্ধ নেতে উৎপন্ন হয় এবং প্রথম এবং দ্বিতীয় পর্শুকার ঊর্দ্ধ এবং বহিঃপার্শ্বে প্রবিষ্ট হয়। অসমানত্রিকোণাকার ঐ মাংসপেশী গ্রীবাকে পুরোদিগে এবং এক পার্শ্বে আকর্ষণ করে।

২১ কণ্টকাকারপ্রবর্দ্ধনাভ্যন্তর মাংসপেশীর নিদর্শন †।

কণ্টকাকারপ্রবর্দ্ধনাভ্যন্তর ঐ মাংশপেশী অধঃস্থ ষট্ গ্রীবাবর্ত্তকের প্রত্যেক কণ্টকাকারপ্রবর্দ্ধনোর্দ্ধাংশহইতে উৎপন্ন হয় এবং ঊর্দ্ধং আবর্ত্তকের প্রত্যেক কণ্টকাকারপ্রবর্দ্ধনাধোংশে প্রবিষ্ট হয়। কণ্টকাকারপ্রবর্দ্ধনাভ্যন্তর ঐ মাংসপেশী কণ্টকাকারপ্রবর্দ্ধনকে পরস্পর আকর্ষণ করে।

---

* অসমানত্রিকোণাকার ঐ মাংসপেশী অসমানত্রিকোণাকৃতিক্ষেত্রপ্রযুক্ত পুরাতন [illegible] ঐ প্রকার সংজ্ঞা করিয়াছেন। ঐ মাংসপেশী মাংসাংশত্রয়েতে কৃত তাহার মধ্যে পুরোংশ দিয়া বাহুমূলের রক্তপ্রবাহক নাড়ী গমন করে ঐ পুরোংশের অন্তঃস্থাংশের এবং অমধ্যাংশের মধ্যস্থান হইয়া হস্তাঙ্গুল্যাদির শিরা গমন করে। ঐ মাংসপেশীর মধ্যস্থাংশ অন্যাংশত্রয়হইতে দীর্ঘ এবং পাতল তাহা প্রায় পশ্চাদংশেতে আবৃত।

† প্রায় সমস্ত ব্যবচ্ছেদকগ্রন্থে ঐ প্রবর্দ্ধনাভ্যন্তর মাংসপেশীসকল গ্রীবার এবং পৃষ্ঠের এবং কটির প্রবর্দ্ধনাভ্যন্তরমাংসপেশী এই ক্রমে নির্ণীত আছে কিন্তু কটিদেশে কিম্বা পৃষ্ঠদেশে ঐ প্রকার মাংসপেশ নাই।

২২ অনুপৃষ্ঠপ্রবর্দ্ধনাভ্যন্তর মাংসপেশীর নিদর্শন *।

অনুপৃষ্ঠপ্রবর্দ্ধনাভ্যন্তর ঐ মাংসপেশীসমস্ত কশেরুকাবর্ত্তকের প্রত্যেকানুপৃষ্ঠগামিপ্রবর্দ্ধনোর্দ্ধাংশহইতে উৎপন্ন হয় এবং তদূর্দ্ধাবর্ত্তকের প্রত্যেকানুপৃষ্ঠগামিপ্রবর্দ্ধনাধোংশেতে প্রবিষ্ট হয়। অনুপৃষ্ঠপ্রবর্দ্ধনাভ্যন্তর ঐ মাংসপেশী অনুপৃষ্ঠগামি প্রবর্দ্ধনসকলকে পরস্পর আকর্ষণ করে।

## ॥ ১৯ ॥ উদরমধ্যে কশেরুকাপুরোদিগস্থ এবং পার্শ্বভাগস্থ মাংসপেশীর প্রকরণ।

১ কটিস্থ ক্ষুদ্র মাংসপেশীর নিদর্শন †।

কটিস্থ ঐ ক্ষুদ্র মাংসপেশী ঊর্দ্ধস্থ কট্যাবর্ত্তকের এবং কখনোং অধঃস্থ পৃষ্ঠাবর্ত্তকের পার্শ্বেতে এবং তদনুপৃষ্ঠগামি প্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং উপস্থাস্থির কানাতে এবং যে স্থানে উপস্থাস্থি কটিখণ্ডের সহিত সংযুক্ত সেই স্থানে প্রবিষ্ট হয়। কটিস্থ ঐ ক্ষুদ্র মাংসপেশী কটিকে পুরোদিগে আকর্ষণ করে।

* ঐ অনুপৃষ্ঠপ্রবর্দ্ধনাভ্যন্তর মাংসপেশী কেবল গ্রীবাতে এবং কটিদেশেতে পাওয়া যায় এবং ব্যবচ্ছেদকেরা যেং মাংসপেশীর পৃষ্ঠানুপৃষ্ঠপ্রবর্দ্ধনাভ্যন্তর মাংসপেশীসংজ্ঞা করিয়াছেন সেই সকল কেবল সূক্ষ্মং স্নায়ুবদংশ।

† কটিস্থ ঐ ক্ষুদ্র মাংসপেশীর এবং তৎপরে কথনীয় কটিস্থ বৃহন্মাংসপেশীর ব্যবচ্ছেদকেরা কটিযুক্ত মাংসপেশীসংজ্ঞা করিয়াছেন যেহেতুক ঐ মাংসপেশীদ্বয় কটিদেশের পুরোভাগে স্থিতি করে।

২ কটিস্থ বৃহন্মাংসপেশীর নিদর্শন।

কটিস্থ ঐ বৃহন্মাংসপেশী অধঃস্থ পৃষ্ঠাবর্ত্তকের এবং সমস্ত কট্যাবর্ত্তকের গাত্রেতে এবং তদনুপ্রস্থগামি প্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং ঊর্দ্ধস্থিস্থ ক্ষুদ্র প্রবর্দ্ধনাধোভাগে ঊর্দ্ধস্থাস্থিতে প্রবিষ্ট হয়। কটিস্থ ঐ বৃহন্মাংসপেশী ঊরুকে পুরোদিগে সঙ্কুচিত করে।

৩ কটিখণ্ডযুক্তান্তঃস্থ মাংসপেশীর নিদর্শন।

কটিখণ্ডযুক্তান্তঃস্থ ঐ মাংসপেশী কটিখণ্ডের অন্তঃস্থাগ্রেতে এবং তন্নিম্নাংশেতে এবং কানাতে উৎপন্ন হয় এবং কটিস্থ বৃহন্মাংসপেশীর ন্যায় প্রবেশ করে। কটিখণ্ডযুক্তান্তঃস্থ ঐ মাংসপেশী কটিস্থ বৃহন্মাংসপেশীর সাহায্য করে।

৪ কটিযুক্ত চতুঃপার্শ্বক মাংসপেশীর নিদর্শন *।

কটিযুক্ত ঐ চতুঃপার্শ্বক মাংসপেশী কটিখণ্ডস্থ কণ্টকাকৃতিপ্রবর্দ্ধনের পশ্চাদংশহইতে নির্গত হয় এবং ঊর্দ্ধস্থ চতুষ্টয় কট্যাবর্ত্তকানুপ্রস্থগামি প্রবর্দ্ধনেতে এবং অধঃস্থ পর্শুকার অধঃ কিনারায় এবং অধঃস্থ পৃষ্ঠাবর্ত্তকের পার্শ্বেতে প্রবিষ্ট হয়। কটিযুক্ত ঐ চতুঃপার্শ্বক মাংসপেশী কশেরুকাধারণ করে এবং এক পার্শ্বে আকর্ষণ করে।

৫ ত্রিকযুক্ত মাংসপেশীর নিদর্শন।

ত্রিকযুক্ত ঐ মাংসপেশী বস্তিখণ্ডের কণ্টকাকৃতি প্রবর্দ্ধনের পশ্চাৎ

* ব্যবচ্ছেদকেরা ঐ মাংসপেশীর অসমানচতুষ্পার্শ্বযুক্ত বৎসংজ্ঞা করিয়াছেন।

এবং অন্তঃ কিনারাতে উৎপন্ন হয় এবং কশেরুকামূলাধোংশেতে এবং পার্শ্বদিগে ত্রিকের তাবদ্দ্বাঘিমাতে প্রবিষ্ট হয়। ত্রিক যুক্ত ঐ মাংসপেশী ত্রিককে পরোদিগে আকর্ষণ করে *।

## ॥২০॥ অংসাস্থিস্থ এবং প্রগণ্ডোর্দ্ধাংশস্থ মাংসপেশীর প্রকরণ।

### ১ ত্র্যস্রু মাংসপেশীর নিদর্শন †।

ত্র্যস্রুনামক ঐ মাংসপেশী জত্রুতে এবং স্কন্ধাগ্রপ্রবর্দ্ধনেতে এবং অংসাস্থির কণ্টকাকৃতি প্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং প্রগণ্ডের মধ্যে এবং পশ্চাৎপার্শ্বে প্রবিষ্ট হয়। ত্র্যস্রুনামক ঐ মাংসপেশী বাহূত্তোলন করে।

### ২ অংসকণ্টকাকৃতিপ্রবর্দ্ধনোপরিস্থ মাংসপেশীর নিদর্শন।

ঐ অংসকণ্টকাকৃতিপ্রবর্দ্ধনোপরিস্থ মাংসপেশী অংসাস্থিমূলেতে এবং তৎকণ্টকাকৃতি প্রবর্দ্ধনেতে এবং তদূর্দ্ধস্থ পর্শ্বকাকৃতি প্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং প্রগণ্ডাস্থিশিরোস্থ এক বৃহৎগুটিকাতে প্রবিষ্ট হয়। অংসকণ্টকাকৃতিপ্রবর্দ্ধনোপরিস্থ ঐ মাংসপেশী বাহূত্তোলন করে।

### ৩ অংসকণ্টকাকৃতিপ্রবর্দ্ধনাধঃস্থ মাংসপেশীর নিদর্শন।

ঐ অংসকণ্টকাকৃতিপ্রবর্দ্ধনাধঃস্থ মাংসপেশী অংসাস্থিমূলেতে

---

* ত্রিকযুক্ত ঐ মাংসপেশীর কতগুলিতন্তু গ্রীবোত্তোলক মাংসপেশীর সহিত সম্মিলিত হইয়া বক্ষ্যোর্দ্ধাংশকে সংরুদ্ধ করে।

† ব্যবচ্ছেদকেরা ত্র্যস্রুনামক ঐ মাংসপেশীর ত্র্যস্রুসংজ্ঞা করিয়াছেন যেহেতুক তাহা দেল্টানামাক্ষরাকৃতি।

এবং কণ্টকাকৃতি প্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং ঐ অংসাস্থির গুটিকোর্দ্ধাংশে এবং তন্মধ্যাংশে প্রবিষ্ট হয়। কণ্টকাকৃতিপ্রবর্দ্ধনাধঃস্থ ঐ মাংসপেশী প্রগণ্ডাস্থিকে বহির্ঘূর্ণয়মান করে।

৪ শলাকাকার ক্ষুদ্র মাংসপেশীর নিদর্শন।

শলাকাকার ঐ ক্ষুদ্র মাংসপেশী অংসাস্থির অধঃস্থ পর্বতাকৃতি প্রবর্দ্ধনে উৎপন্ন হয় এবং অংসাস্থির গুটিকাকৃতি স্থানাধোংশে প্রবিষ্ট হয়। শলাকাকার ঐ ক্ষুদ্র মাংসপেশী অংসকণ্টকাকারপ্রবর্দ্ধনাধঃস্থ মাংসপেশীর সাহায্য করে *।

৫ শলাকাকার বৃহন্মাংসপেশীর নিদর্শন।

ঐ শলাকাকার বৃহন্মাংসপেশী অংসাস্থির অধঃকোণেতে এবং তদধঃপর্বতাকৃতি প্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং দ্বিমুণ্ডনামক মাংসপেশীর দীর্ঘমুণ্ডধারিসীতান্তঃপার্শ্বস্থ আলিতে প্রবিষ্ট হয়। শলাকাকার ঐ বৃহন্মাংসপেশী বাহুঘূর্ণবিষয়ে সাহায্য করে।

৬ অংসকণ্টকাকারপ্রবর্দ্ধনযুক্তোপমাংসপেশীর নিদর্শন।

অংসকণ্টকাকারপ্রবর্দ্ধনযুক্ত ঐ উপমাংসপেশী অংসাস্থিমূলে এবং তদূর্দ্ধস্থ এবং অধঃস্থ পর্বতাকৃতি প্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং প্রগণ্ডাস্থিশিরঃস্থিত এক ক্ষুদ্র গুটিকার ঊর্দ্ধাংশে প্রবিষ্ট হয়। অংসকণ্টকাকারপ্রবর্দ্ধনযুক্ত ঐ উপমাংসপেশী বাহুকে অন্তঃপার্শ্বে ঘূর্ণিত করে।

---

* ব্যবচ্ছেদকেরা ঐ শলাকাকার ক্ষুদ্র মাংসপেশীদ্বয়ের এবং তৎপরে কথনীয় মাংসপেশীদ্বয়ের শলাকাসংজ্ঞা করিয়াছেন যেহেতুক সে সকল দীর্ঘে গোলাকৃতি।

৭ প্রগণ্ডকাকচঞ্চ্বাকৃতিপ্রবর্দ্ধনযুক্ত মাংসপেশীর নিদর্শন *।

ঐ প্রগণ্ডকাকচঞ্চ্বাকৃতিপ্রবর্দ্ধনযুক্ত মাংসপেশী অংসাস্থির কাকচঞ্চ্বাকৃতিপ্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং প্রগণ্ডাস্থির মধ্যস্থানে অন্তঃপার্শ্বে প্রবিষ্ট হয়। প্রগণ্ডকাকচঞ্চ্বাকৃতিপ্রবর্দ্ধনযুক্ত ঐ মাংসপেশী বাহুকে পরোদিগে এবং ঊর্দ্ধদিগে ঘূর্ণিত করে।

## ॥ ২১ ॥ প্রগণ্ডদেশের মাংসপেশীর প্রকরণ।

১ প্রকোষ্ঠের নমনকারি দ্বিমুণ্ডক মাংসপেশীর নিদর্শন।

প্রকোষ্ঠের ঐ নমনকারিদ্বিমুণ্ডক মাংসপেশী দ্বিমুণ্ড হইয়া তাহার মধ্যে এক মুণ্ড কাকচঞ্চ্বাকৃতি প্রবর্দ্ধনেতে এবং অন্য মুণ্ড অর্থাৎ দীর্ঘ মুণ্ড অংসাস্থিস্থ কূপাকৃতিনিম্নতার ঊর্দ্ধকিনারায় স্থিত গুটিকাতে প্রবিষ্ট হয়। প্রকোষ্ঠের ঐ নমনকারি দ্বিমুণ্ডক মাংসপেশী প্রকোষ্ঠকে সঙ্কুচিত করে।

২ বাহুস্থান্তরমাংসপেশীর নিদর্শন।

ঐ বাহুস্থান্তরমাংসপেশী প্রগণ্ডাস্থ্যধোংশহইতে এবং প্রগুণাত্মক মাংসপেশীর স্নায়ুবদংশের উভয়পার্শ্বহইতে উৎপন্ন হয় এবং প্রকোষ্ঠাস্থিস্থ সূচ্যগ্রাকৃতি প্রবর্দ্ধনের পুরোভাগস্থ এক ক্ষুদ্র গুটিকাতে প্রবিষ্ট হয়। ঐ বাহুস্থান্তরমাংসপেশী সঙ্কোচনবিষয়ে প্রকোষ্ঠের সাহায্য করে।

* প্রগণ্ডকাকচঞ্চ্বাকৃতিপ্রবর্দ্ধনযুক্ত ঐ মাংসপেশীর মধ্যদিয়া মাংসপেশীবহিঃস্থচ্ছদসংজ্ঞকনামক মাংসপেশীস্থ শিরা গতি করে।

৩ প্রকোষ্ঠের বিস্তারক ত্রিশিরস্ক মাংসপেশীর নিদর্শন।

প্রকোষ্ঠের বিস্তারক ত্রিশিরস্ক ঐ মাংসপেশী ত্রিমুণ্ড হইয়া নির্গত হয় তাহার মধ্যে এক মুণ্ড অংসাস্থির অধঃস্থ পর্ব্বকাকৃতি প্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং দ্বিতীয় মুণ্ড প্রগণ্ডাস্থির ঊর্দ্ধ এবং বহিরংশেতে এবং তৃতীয় মুণ্ড প্রগণ্ডাস্থির পশ্চাদংশেতে উৎপন্ন হয় এবং স্কন্ধাগ্রোর্দ্ধ এবং বহিরংশে প্রবিষ্ট হয়। প্রকোষ্ঠের বিস্তারক ঐ ত্রিশিরস্ক মাংসপেশী প্রকোষ্ঠবিস্তার করে।

॥ ২২ ॥ প্রকোষ্ঠদেশের মাংসপেশীর প্রকরণ।

১ উত্তানকারি দীর্ঘ মাংসপেশীর নিদর্শন।

উত্তানকারী ঐ দীর্ঘ মাংসপেশী প্রগণ্ডাস্থির পুরঃপার্শ্বস্থ বহিরালাকৃতি প্রবর্দ্ধনেতে প্রগণ্ডাস্থির বহিঃস্থ পর্ব্বাকৃতি প্রবর্দ্ধনের কিঞ্চিদূর্দ্ধ ভাগে উৎপন্ন হয় এবং চক্রদণ্ডাকৃত্যস্থিতে উৎশলাকাকৃতি প্রবর্দ্ধনসমীপে প্রবিষ্ট হয়। উত্তানকারী ঐ দীর্ঘ মাংসপেশী পশ্চাদ্দিগে আকর্ষণবিষয়ে করতলের সাহায্য করে।

২ মণিবন্ধচক্রদণ্ডাস্থিযুক্ত বিস্তারক দীর্ঘ মাংসপেশীর নিদর্শন।

মণিবন্ধচক্রদণ্ডাস্থিযুক্ত বিস্তারক ঐ দীর্ঘ মাংসপেশী উত্তানকারি দীর্ঘ মাংসপেশীর মূলাধোংশেতে উৎপন্ন হয় এবং তর্জ্জনাঙ্গুলির করভাস্থ্যূর্দ্ধাংশে প্রবিষ্ট হয়। মণিবন্ধচক্রদণ্ডাস্থিযুক্ত বিস্তারক ঐ দীর্ঘ মাংসপেশী মণিবন্ধবিস্তার করে।

৩ মণিবন্ধচক্রদণ্ডাস্থিযুক্ত বিস্তারক হ্রস্ব মাংসপেশীর নিদর্শন।

মণিবন্ধচক্রদণ্ডাস্থিযুক্ত বিস্তারক ঐ হ্রস্ব মাংসপেশী প্রগণ্ডাস্থিস্থ বহিঃপর্ব্বাকৃতি প্রবর্দ্ধনের বহিঃ এবং অধোংশেতে এবং চক্রদণ্ডাকৃত্যস্থির ঊর্দ্ধাংশেতে উৎপন্ন হয় এবং মধ্যমার কর ভাস্থ্যূর্দ্ধাংশেতে প্রবিষ্ট হয়। মণিবন্ধচক্রদণ্ডাস্থিযুক্ত বিস্তারক ঐ হ্রস্ব মাংসপেশী মণিবন্ধচক্রদণ্ডাস্থিযুক্ত বিস্তারক দীর্ঘ মাংসপেশীর সাহায্য করে।

৪ অঙ্গুলির সামান্য বিস্তারক মাংসপেশীর নিদর্শন।

অঙ্গুলীর সামান্য বিস্তারক ঐ মাংসপেশী প্রগণ্ডাস্থির পর্ব্বাকৃতি বহিঃপ্রবর্দ্ধনহইতে নির্গত হয় এবং বৃদ্ধাঙ্গুলিব্যতিরিক্ত অঙ্গুলি চতুষ্টয়ের পশ্চাৎপার্শ্বে প্রবিষ্ট হয়। অঙ্গুলির সামান্য বিস্তারক ঐ মাংসপেশী অঙ্গুলিবিস্তার করে।

৫ কনিষ্ঠাঙ্গুলিবিস্তারক মাংসপেশীর নিদর্শন।

কনিষ্ঠাঙ্গুলিবিস্তারক ঐ মাংসপেশী প্রগণ্ডাস্থির বহিঃপর্ব্বাকৃতি প্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং কনিষ্ঠাঙ্গুল্যস্থিতে প্রবিষ্ট হয়। কনিষ্ঠাঙ্গুলিবিস্তারক ঐ মাংসপেশী কনিষ্ঠাঙ্গুলিবিস্তার করে।

৬ মণিবন্ধপ্রকোষ্ঠযুক্ত বিস্তারক মাংসপেশীর নিদর্শন।

মণিবন্ধপ্রকোষ্ঠযুক্ত বিস্তারক ঐ মাংসপেশী প্রগণ্ডাস্থির বহিঃপর্ব্বাকৃতি প্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং কনিষ্ঠাঙ্গুলির করভাস্থিতে প্রবিষ্ট হয়। মণিবন্ধপ্রকোষ্ঠযুক্ত বিস্তারক ঐ মাংসপেশী মণিবন্ধবিস্তারবিষয়ে সাহায্য করে।

৭ কফোণিযুক্ত মাংসপেশীর নিদর্শন।

কফোণিযুক্ত ঐ মাংসপেশী প্রগণ্ডাস্থির বহিঃ পর্ব্বাকৃতিপ্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং প্রকোষ্ঠের বহিঃকিনারায় প্রবিষ্ট হয়। কফোণিযুক্ত ঐ মাংসপেশী প্রকোষ্ঠবিস্তার করে।

৮ মণিবন্ধপ্রকোষ্ঠযুক্ত নমনকারি মাংসপেশীর নিদর্শন।

মণিবন্ধপ্রকোষ্ঠযুক্ত নমনকারী ঐ মাংসপেশী প্রগণ্ডাস্থির অন্তঃ পর্ব্বাকৃতিপ্রবর্দ্ধনেতে এবং কফোণ্যগ্রের পুরঃকিনারাতে উৎপন্ন হয়* এবং বর্ত্তুলাকৃত্যস্থিতে প্রবিষ্ট হয়। মণিবন্ধপ্রকোষ্ঠযুক্ত নমনকারী ঐ মাংসপেশী হস্তনমনবিষয়ে সাহায্য করে।

৯ করতলস্থ দীর্ঘ মাংসপেশীর নিদর্শন।

করতলস্থ দীর্ঘ ঐ মাংসপেশী প্রগণ্ডাস্থির অন্তঃপর্ব্বাকৃতি প্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং অন্তঃস্থ বলয়াকৃতিবন্ধনীতে এবং করতলবিস্তৃতবন্ধনীতে প্রবিষ্ট হয়†। করতলস্থ দীর্ঘ ঐ মাংসপেশী বাহুসঙ্কোচ করে।

---

* মণিবন্ধপ্রকোষ্ঠযুক্ত নমনকারি ঐ মাংসপেশীর উৎপত্তিস্থানদ্বয়ের মধ্যদিয়া প্রকোষ্ঠের শিরা প্রকোষ্ঠের পুরোদেশে প্রবেশ করে।

† ঐ করতলবিস্তৃতবন্ধনী স্নায়ুত্বগাকৃতি হইয়া করতলের সর্ব্বত্র বিস্তার করিয়া থাকে তাহাতে কোনোং ব্যবচ্ছেদকেরা অনুমান করিয়াছেন কিন্তু তাহা নিশ্চয়প্রমাণরহিত যে ঐ করতলবিস্তৃতবন্ধনী ঐ করতলস্থ দীর্ঘ মাংসপেশীর স্নায়ুরূপ অংশহইতে উৎপন্ন হয় কিন্তু তাহা নয় যেহেতুক কোনোং মনুষ্যেতে ঐ করতলস্থ দীর্ঘ মাংসপেশী কেবল বলয়াকৃতিবন্ধনীতে প্রবিষ্ট হইয়া থাকে তাহাতে নিশ্চয় জানা যায় যে করতলস্থ ঐ দীর্ঘ মাংসপেশী ঐ করতলবিস্তৃতবন্ধনীহইতে অনেক ভিন্নপদার্থ। তদ্ভিন্নও কোনোং মনুষ্যেতে করতলস্থ ঐ দীর্ঘ মাংসপেশী নাই কিন্তু ঐ করতলবিস্তৃতবন্ধনী কখনো রহিত নয়।

১০ মণিবন্ধচক্রদণ্ডাস্থিযুক্ত নমনকারি মাংসপেশীর নিদর্শন।

মণিবন্ধচক্রদণ্ডাস্থিযুক্ত নমনকারী ঐ মাংসপেশী প্রগণ্ডাস্থির অন্তঃ পর্ব্বাকৃতি প্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং প্রদেশিনীর করভাস্থিতে প্রবিষ্ট হয়। মণিবন্ধচক্রদণ্ডাস্থিযুক্ত নমনকারী ঐ মাংসপেশী হস্তকে নত করে।

১১ চক্রদণ্ডাস্থিযুক্তানুত্তানকারি শলাকাকৃতি মাংসপেশীর নিদর্শন।

চক্রদণ্ডাস্থিযুক্তানুত্তানকারী শলাকাকৃতি ঐ মাংসপেশী প্রগণ্ডাস্থির বহিঃপর্ব্বাকৃতি প্রবর্দ্ধনেতে এবং প্রকোষ্ঠাস্থির সূচ্যাকৃতি প্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং চক্রদণ্ডাস্থির ন্যুব্জ এবং পুরঃপার্শ্বাধঃ এবং তন্মধ্যভাগে প্রবিষ্ট হয়। চক্রদণ্ডাস্থিযুক্তানুত্তানকারি শলাকাকৃতি ঐ মাংসপেশী হস্তকে অন্তর্দিগে ঘূর্ণিত করে।

১২ অঙ্গুলীর দ্বিতীয়পর্ব্বনমনকারি বিদ্ধ মাংসপেশীর নিদর্শন *।

অঙ্গুলির দ্বিতীয়পর্ব্বনমনকারী ঐ বিদ্ধ মাংসপেশী প্রগণ্ডাস্থির অন্তঃস্থ পর্ব্বাকৃতি প্রবর্দ্ধনহইতে এবং প্রকোষ্ঠাস্থির সূচ্যাকৃতি প্রবর্দ্ধনের অন্তঃপার্শ্বহইতে এবং চক্রদণ্ডাকৃত্যস্থির ঊর্দ্ধ এবং পুরঃ পার্শ্ব হইতে নির্গত হয় এবং প্রত্যেকাঙ্গুলীর দ্বিতীয় পর্ব্বেতে প্রবেশ করে। অঙ্গুলির দ্বিতীয় পর্ব্বনমনকারী ঐ বিদ্ধ মাংসপেশী অঙ্গুলি পর্ব্বনত করে।

* ব্যবচ্ছেদকেরা ঐ মাংসপেশীর বিদ্ধসংজ্ঞা করিয়াছেন যেহেতুক যে স্নায়ুস্পর্শ চতুষ্টয়েতে ঐ মাংসপেশী অন্তপ্রাপ্ত হয় তাহা বিদীর্ণকারি অন্য এক মাংসপেশীর দ্বারা বিদ্ধ থাকে।

১৩ চক্রদণ্ডাকৃত্যস্থিযুক্তোত্তানকারি হ্রস্ব মাংসপেশীর নিদর্শন।

চক্রদণ্ডাকৃত্যস্থিযুক্তোত্তানকারী হ্রস্ব ঐ মাংসপেশী প্রগণ্ডাস্থির বহিঃপর্ব্বাকৃতি প্রবর্দ্ধনেতে এবং প্রকোষ্ঠাস্থির পশ্চাৎপার্শ্বে এবং বহিঃকিনারাতে উৎপন্ন হয় এবং চক্রদণ্ডাকৃত্যস্থির পুরঃ এবং অন্তর এবং ঊর্দ্ধভাগে প্রবিষ্ট হয়। চক্রদণ্ডাকৃত্যস্থিযুক্তোত্তানকারি হ্রস্ব ঐ মাংসপেশী চক্রদণ্ডাস্থিকে বহির্দিগে ঘূর্ণিত করে।

১৪ বৃদ্ধাঙ্গুষ্ঠাপকর্ষক দীর্ঘ মাংসপেশীর নিদর্শন।

বৃদ্ধাঙ্গুষ্ঠাপকর্ষক দীর্ঘ ঐ মাংসপেশী প্রকোষ্ঠাস্থির মধ্যভাগে তৎপশ্চাৎপার্শ্বহইতে এবং অস্থিমধ্যবর্ত্তিবন্ধনীহইতে এবং চক্রদণ্ডাস্থিহইতে নির্গত হয় এবং স্নায়ুবদংশদ্বয় হইয়া সমদ্বিভুজাস্থিতে এবং বৃদ্ধাঙ্গুলির প্রথমপর্ব্বেতে প্রবিষ্ট হয়। বৃদ্ধাঙ্গুষ্ঠাপকর্ষক দীর্ঘ ঐ মাংসপেশী বৃদ্ধাঙ্গুষ্ঠের প্রথম পর্ব্ব বহির্দিগে আকর্ষণ করে।

১৫ বৃদ্ধাঙ্গুষ্ঠবিস্তারক ক্ষুদ্র মাংসপেশীর নিদর্শন।

বৃদ্ধাঙ্গুষ্ঠবিস্তারক ঐ ক্ষুদ্র মাংসপেশী প্রকোষ্ঠাস্থির পশ্চাৎপার্শ্ব হইতে এবং অস্থিমধ্যবর্ত্তি বন্ধনীহইতে এবং চক্রদণ্ডাকৃত্যস্থিহইতে নির্গত হয় এবং বৃদ্ধাঙ্গুষ্ঠের দ্বিতীয় পর্ব্বাস্থির নুব্জপার্শ্বে প্রবিষ্ট হয়। বৃদ্ধাঙ্গুষ্ঠবিস্তারক ঐ ক্ষুদ্র মাংসপেশী বৃদ্ধাঙ্গুষ্ঠের দ্বিতীয় পর্ব্বকে তের্চ্ছারূপে বহির্দিগে আকর্ষণ করে।

১৬ বৃদ্ধাঙ্গুষ্ঠবিস্তারক বৃহন্মাংসপেশীর নিদর্শন।

বৃদ্ধাঙ্গুষ্ঠবিস্তারক ঐ বৃহন্মাংসপেশী প্রকোষ্ঠাস্থির এবং অস্থি

মধ্যবর্ত্তিবন্ধনীর পশ্চাৎপার্শ্বহইতে নির্গত হয় এবং বৃদ্ধাঙ্গুষ্ঠের তৃতীয় অর্থাৎ শেষপর্ব্বেতে প্রবিষ্ট হয়। বৃদ্ধাঙ্গুষ্ঠবিস্তারক ঐ বৃহ
২ মাংসপেশী বৃদ্ধাঙ্গুষ্ঠকে তের্চারূপে পশ্চাদ্দিগ আকর্ষণ করে।

১৭ প্রদেশিনীযুক্ত মাংসপেশীর নিদর্শন।

প্রদেশিনীযুক্ত ঐ মাংসপেশী প্রকোষ্ঠাস্থিমধ্যহইতে নির্গত হয় এবং প্রদেশিনীর করভাস্থিতে প্রবিষ্ট হয়। প্রদেশিনীযুক্ত ঐ মাংসপেশী প্রদেশিনীকে বিস্তার করে।

১৮ অঙ্গুলির তৃতীয়পর্ব্বনমনকারি বিদ্ধ মাংসপেশীর নিদর্শন।

অঙ্গুলির তৃতীয়পর্ব্বনমনকারী ঐ বিদ্ধ মাংসপেশী প্রকোষ্ঠাস্থির এবং অস্থিমধ্যবর্ত্তিবন্ধনীর ঊর্দ্ধ এবং পুরোভাগহইতে নির্গত হয় এবং প্রত্যেকাঙ্গুল্যগ্রপর্ব্বের পুরোভাগে প্রবিষ্ট হয়। অঙ্গুলির তৃতীয়পর্ব্বনমনকারী ঐ বিদ্ধ মাংসপেশী অঙ্গুলির অগ্রপর্ব্ব নত করে।

১৯ বৃদ্ধাঙ্গুষ্ঠনমনকারি দীর্ঘ মাংসপেশীর নিদর্শন।

বৃদ্ধাঙ্গুষ্ঠনমনকারী ঐ দীর্ঘ মাংসপেশী চক্রদণ্ডাকৃত্যস্থির ঊর্দ্ধ এবং পুরোভাগেতে উৎপন্ন হয় এবং বৃদ্ধাঙ্গুষ্ঠের অগ্রপর্ব্বেতে প্রবিষ্ট হয়। বৃদ্ধাঙ্গুষ্ঠনমনকারী ঐ দীর্ঘ মাংসপেশী বৃদ্ধাঙ্গুষ্ঠের অগ্রপর্ব্ব নত করে।

২০ চক্রদণ্ডাকৃত্যস্থিস্থাধোমুখকারি চতুষ্কোণ মাংসপেশীর নিদর্শন।

চক্রদণ্ডাকৃত্যস্থিস্থাধোমুখকারী ঐ চতুষ্কোণ মাংসপেশী প্রকোষ্ঠাস্থিরান্তরাধোভাগহইতে উৎপন্ন হয় এবং চক্রদণ্ডাস্থিতে

তন্নির্গতিস্থানসম্মুখবর্ত্তি স্থানে প্রবিষ্ট হয়। চক্রদণ্ডাকৃত্যস্থিস্থা ধোমুখক.[†] ঐ চতুষ্কোণ মাংসপেশী চক্রদণ্ডাস্থিকে অন্তর্দিগে ঘূর্ণিত করে এবং হস্তকে উবুড়করণবিষয়ে সাহায্য করে।

## ॥ ২৩ ॥ পাণিস্থ মাংসপেশীর প্রকরণ।

### ১ কিঞ্জুলুকাকৃতি মাংসপেশীর নিদর্শন *।

কিঞ্জুলুকাকৃতি ঐ মাংসপেশী বিদ্ধকারি মাংসপেশীর স্নায়ুবদংশেতে উৎপন্ন হয় এবং অঙ্গুলির সামান্য বিস্তারক মাংসপেশীর স্নায়ুবদংশেতে প্রবিষ্ট হয়। কিঞ্জুলুকাকৃতি ঐ মাংসপেশী অঙ্গুলির প্রথম পর্ব্বকে নত করে এবং অন্যপর্ব্বদ্বয় বিস্তৃত করে †।

### ২ বৃদ্ধাঙ্গুষ্ঠাপকর্ষক হ্রস্ব মাংসপেশীর নিদর্শন।

বৃদ্ধাঙ্গুষ্ঠাপকর্ষক ঐ হ্রস্ব মাংসপেশী অন্তঃস্থ বলয়াকৃতি বন্ধনীর পুরোভাগেতে এবং ক্ষুদ্রনাবাকৃত্যস্থিতে এবং বৃদ্ধাঙ্গুষ্ঠাপকর্ষক দীর্ঘ মাংসপেশীর এক স্নায়ুবদংশেতে উৎপন্ন হয় এবং বৃদ্ধাঙ্গুষ্ঠ মূলসমীপে তদ্দ্বিতীয় পর্ব্বাস্থির বহিঃপার্শ্বেতে প্রবিষ্ট হয়। বৃদ্ধাঙ্গুষ্ঠাপকর্ষক ঐ হ্রস্ব মাংসপেশী বৃদ্ধাঙ্গুলিকে অন্যাঙ্গুলিহইতে অপকর্ষণ করে।

---

* ঐ মাংসপেশী কিঞ্জুলুকাকৃতিপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা তাহার তৎসংজ্ঞা করিয়াছেন।

† ঐ মাংসপেশীর দুই বিরুদ্ধপদার্থবিষয় প্রথমতঃ ফ্যালোপিয়ুস্ নামে ব্যবচ্ছেদকের জ্ঞাত হইয়াছিলেন। ঐ মাংসপেশীর যে বিস্তারকরণশক্তি তাহা অঙ্গুলির সামান্য বিস্তারক মাংসপেশীর সহিত অংশপ্রযুক্ত জানিবেন।

৩ বৃদ্ধাঙ্গুষ্ঠের ব্যুত্থানকারি মাংসপেশীর নিদর্শন।

বৃদ্ধাঙ্গুষ্ঠের ব্যুত্থানকারী ঐ মাংসপেশী অন্তঃস্থ বলয়াকৃতি বন্ধনীর অন্তঃ এবং পুরোংশেতে এবং ক্ষুদ্রনাবাকৃত্যাস্থিতে উৎপন্ন হয় এবং বৃদ্ধাঙ্গুষ্ঠের প্রথমপর্ব্বাস্থিতে প্রবিষ্ট হয়। বৃদ্ধাঙ্গুষ্ঠের ব্যুত্থানকারী ঐ মাংসপেশী বৃদ্ধাঙ্গুষ্ঠকে অন্তর্দ্দিগে আকর্ষণ করে এবং তদক্ষে ঘূর্ণিত করে।

৪ বৃদ্ধাঙ্গুষ্ঠের নমনকারি হ্রস্ব মাংসপেশীর নিদর্শন।

বৃদ্ধাঙ্গুষ্ঠের নমনকারী ঐ হ্রস্ব মাংসপেশী সমদ্বিদ্বিভুজাকৃত্যাস্থিতে এবং অন্তঃস্থ বলয়াকৃতি বন্ধনীতে এবং বৃহদস্থিতে এবং পশ্চিমখণ্ডাস্থিতে উৎপন্ন হয় এবং তিলাকৃত্যাস্থিতে এবং বৃদ্ধাঙ্গুষ্ঠের দ্বিতীয় পর্ব্বাস্থিতে প্রবিষ্ট হয়। বৃদ্ধাঙ্গুষ্ঠের নমনকারী ঐ হ্রস্ব মাংসপেশী বৃদ্ধাঙ্গুষ্ঠের দ্বিতীয়পর্ব্বকে নত করে।

৫ বৃদ্ধাঙ্গুষ্ঠাপকর্ষক মাংসপেশীর নিদর্শন।

বৃদ্ধাঙ্গুষ্ঠাপকর্ষক ঐ মাংসপেশী প্রদেশিনীর করভাস্থিতে উৎপন্ন হয় এবং বৃদ্ধাঙ্গুষ্ঠের দ্বিতীয়পর্ব্বাস্থিমূলে প্রবিষ্ট হয়। বৃদ্ধাঙ্গুষ্ঠাপকর্ষক ঐ মাংসপেশী বৃদ্ধাঙ্গুষ্ঠকে অঙ্গুলির প্রতি আকর্ষণ করে।

৬ প্রদেশিন্যপকর্ষক মাংসপেশীর নিদর্শন।

প্রদেশিন্যপকর্ষক ঐ মাংসপেশী বৃদ্ধাঙ্গুষ্ঠের প্রথম পর্ব্বাস্থির অন্তঃপার্শ্বেতে এবং সমদ্বিভুজাস্থিতে উৎপন্ন হয় এবং প্রদেশিনীর পশ্চাদংশে প্রথমপর্ব্বাস্থিতে প্রবিষ্ট হয়। প্রদেশিন্যপকর্ষক ঐ মাংসপেশী প্রদেশিনীকে বৃদ্ধাঙ্গুষ্ঠের প্রতি আকর্ষণ করে।

৭ করতলযুক্ত হ্রস্ব মাংসপেশীর নিদর্শন।

করতলযুক্ত ঐ হ্রস্ব মাংসপেশী অন্তঃস্থ বলয়াকৃতি বন্ধনীতে এবং করতলবিস্তৃত বন্ধনীতে উৎপন্ন হয় এবং বর্ত্তুলাকৃত্যস্থিতে এবং কনিষ্ঠাপকর্ষক মাংসপেশীর চর্ম্মেতে প্রবিষ্ট হয়। করতলযুক্ত ঐ হ্রস্ব মাংসপেশী করতলসঙ্কোচ করে।

৮ কনিষ্ঠাপকর্ষক মাংসপেশীর নিদর্শন।

কনিষ্ঠাপকর্ষক ঐ মাংসপেশী অন্তঃস্থ বলয়াকৃতিবন্ধনীতে এবং বর্ত্তুলাকৃত্যস্থিতে উৎপন্ন হয় এবং কনিষ্ঠাঙ্গুলির প্রথমপর্ব্বাস্থি পার্শ্বেতে প্রবিষ্ট হয়। কনিষ্ঠাপকর্ষক ঐ মাংসপেশী কনিষ্ঠাকে অন্যাঙ্গুলহইতে অপকর্ষণ করে।

৯ কনিষ্ঠানমনকারি ক্ষুদ্র মাংসপেশীর নিদর্শন।

কনিষ্ঠানমনকারী ঐ ক্ষুদ্র মাংসপেশী পক্ষিনখাস্থিহইতে এবং অন্তঃস্থ বলয়াকৃতিবন্ধনীহইতে নির্গত হয় এবং কনিষ্ঠার করভাস্থিতে প্রবিষ্ট হয়। কনিষ্ঠানমনকারী ঐ ক্ষুদ্র মাংসপেশী কনিষ্ঠাকে নত করে।

১০ কনিষ্ঠার করভাস্থিযুক্তাপকর্ষক মাংসপেশীর নিদর্শন।

কনিষ্ঠার করভাস্থিযুক্তাপকর্ষক ঐ মাংসপেশী পক্ষিনখাস্থিতে এবং অন্তঃস্থ বলয়াকৃতি বন্ধনীতে উৎপন্ন হয় এবং কনিষ্ঠার করভাস্থিতে প্রবিষ্ট হয়। কনিষ্ঠার করভাস্থিযুক্তাপকর্ষক ঐ মাংসপেশী কনিষ্ঠার করভাস্থিকে অন্যকরভাস্থির প্রতি আকর্ষণ করে।

১১ অস্থিমধ্যবর্ত্ত্যান্তরস্থ মাংসপেশীর নিদর্শন।

অস্থিমধ্যবর্ত্ত্যান্তরস্থ ঐ মাংসপেশী করভাস্থ্যভ্যন্তরে উৎপন্ন হয় এবং অঙ্গুলিমূলে প্রবিষ্ট হয়। অস্থিমধ্যবর্ত্ত্যান্তরস্থ ঐ মাংসপেশী অঙ্গুলিবিস্তার করে এবং বৃদ্ধাঙ্গুষ্ঠের প্রতি নত করে *।

১২ অস্থিমধ্যবর্ত্তি বহিঃস্থ মাংসপেশীর নিদর্শন।

অস্থিমধ্যবর্ত্তী ঐ বহিঃস্থ মাংসপেশী পাণির পশ্চাৎপার্শ্বে করভাস্থ্যভ্যন্তরে স্থিতি করে এবং অঙ্গুলিমূলে প্রবিষ্ট হয়; অস্থিমধ্যবর্ত্তিবহিঃস্থ ঐ মাংসপেশী অঙ্গুলিবিস্তার করে তাহার মধ্যে অস্থিমধ্যবর্ত্তি বহিঃস্থ প্রথম মাংসপেশী মধ্যমাকে অন্তর্দিগে আকর্ষণ করে এবং অস্থিমধ্যবর্ত্তী বহিঃস্থ দ্বিতীয় মাংসপেশী ঐ মধ্যমাকে বহির্দিগে আকর্ষণ করে এবং অস্থিমধ্যবর্ত্তী বহিঃস্থ তৃতীয় মাংসপেশী প্রদেশিনীকে অন্তর্দিগে আকর্ষণ করে।

## ॥ ২৪ ॥ বস্তিপশ্চাৎপার্শ্বস্থ এবং উরুর্দ্ধস্থ মাংসপেশীর প্রকরণ।

১ কটিপ্রোথযুক্ত বৃহত্তম মাংসপেশীর নিদর্শন।

কটিপ্রোথযুক্ত ঐ বৃহত্তম মাংসপেশী কটিখণ্ডের কণ্টকা কা

* অস্থিমধ্যবর্ত্ত্যান্তরস্থ তৃতীয় মাংসপেশী অস্থিমধ্যবর্ত্ত্যন্তর অন্য মাংসপেশীহইতে অনেক ভিন্ন যেহেতুক তদ্দ্বারা মধ্যমা বৃদ্ধাঙ্গুষ্ঠহইতে বিভিন্ন হয়। কখন অস্থিমধ্যবর্ত্তি বহিঃস্থ মাংসপেশী ত্রয় কিম্বা চতুষ্টয় করিয়া থাকে এবং অস্থিমধ্যবর্ত্ত্যন্তর্মাংসপেশী কইদ্য ত্রয় করিয়া থাকে।

প্রবর্দ্ধনেতে এবং কশেরুকামূলবন্ধনখণ্ডযুক্ত পশ্চাৎস্থ বন্ধনীতে এবং কশেরুকামূলেতে এবং ত্রিকেতে উৎপন্ন হয় এবং উর্দ্ধস্থিস্থ কর্কশরেখোর্দ্ধাধোংশে প্রবিষ্ট হয়। কটিপ্রোথযুক্ত ঐ বৃহত্তম মাংসপেশী ঊরুকে বিস্তৃত করে এবং বহির্দিগে আকর্ষণ করে।

২ কটিপ্রোথযুক্ত মধ্যম মাংসপেশীর নিদর্শন।

কটিপ্রোথযুক্ত ঐ মধ্যম মাংসপেশী কশেরুকাতে এবং কটিখণ্ডের উর্দ্ধাংশেতে উৎপন্ন হয় এবং উর্দ্ধস্থিস্থ বৃহৎপ্রবর্দ্ধনের বহিঃপশ্চাদ্ভাগে প্রবিষ্ট হয়। কটিপ্রোথযুক্ত ঐ মধ্যম মাংসপেশী ঊরুকে বহির্দিগে এবং কিঞ্চিৎপশ্চাদ্দিগে আকর্ষণ করে এবং সঙ্কোচসময়ে ঊরুকে ঘূর্ণায়মান করে।

৩ কটিপ্রোথযুক্ত ক্ষুদ্র মাংসপেশীর নিদর্শন।

কটিপ্রোথযুক্ত ঐ ক্ষুদ্র মাংসপেশী কটিখণ্ডের বহিঃপার্শ্বেতে এবং তদ্বৃহৎখাঁজের কিনারাতে উৎপন্ন হয় এবং উর্দ্ধস্থিস্থ বৃহৎপ্রবর্দ্ধনের উর্দ্ধ এবং পুরোদিগে প্রবিষ্ট হয়। কটিপ্রোথযুক্ত ঐ ক্ষুদ্র মাংসপেশী কটিপ্রোথযুক্ত মধ্যম মাংসপেশীর সাহায্য করে।

৪ নাটিয়াকৃতি মাংসপেশীর নিদর্শন *।

নাটিয়াকৃতি ঐ মাংসপেশী কশেরুকামূলপুরোভাগে উৎপন্ন হয় এবং উর্দ্ধাস্থিস্থ বৃহৎপ্রবর্দ্ধনমূলসমীপস্থিত এক নিম্নস্থানে প্রবিষ্ট হয়। নাটিয়াকৃতি ঐ মাংসপেশী ঊরুকে বহির্দিগে ঘূর্ণিত করে।

* ঐ মাংসপেশী নাটিয়াকৃতিপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা তাহার ঐ সংজ্ঞা করিয়াছেন।

৫ যমজ মাংসপেশীর নিদর্শন *।

যমজ ঐ মাংসপেশী দুই অংশ হইয়া উৎপন্ন হয় তাহার মধ্যে এক অংশ বস্তিনখণ্ডস্থ কণ্টকাকৃতি প্রবর্দ্ধনের বহিঃপার্শ্বেতে এবং অন্য খণ্ড বস্তিনখণ্ডের গুটিকাকৃতি প্রবর্দ্ধনেতে এবং পশ্চাৎ স্থাংশ কশেরুকামূলবস্তিনখণ্ডযুক্ত বন্ধনীতে উৎপন্ন হয় এবং যে নিম্নাংশে লাটিমাকৃতি মাংসপেশী প্রবিষ্ট হয় সেই নিম্নাংশে প্রবেশ করে। ঐ যমজ মাংসপেশী উরুকে বহির্দিগে ঘূর্ণিত করে এবং যখন রোধকান্তরস্থ মাংসপেশী ক্রীড়া করে তখন ঐ মাংসপেশীর শক্তি স্বস্থানে বদ্ধ করিয়া রাখে।

৬ রোধকান্তরস্থ মাংসপেশীর নিদর্শন।

রোধকান্তরস্থ ঐ মাংসপেশী ফলকাকৃতিপ্রবর্দ্ধনছিদ্রোর্দ্ধস্থ অর্দ্ধাংশের অন্তঃকিনারাতে এবং যে নিম্নস্থানে লাটিমাকৃতি মাংশ পেশী প্রবেশ করে সেই নিম্ন স্থানে প্রবিষ্ট হয়। রোধকান্তরস্থ ঐ মাংসপেশী উরুকে বহির্দিগে ঘূর্ণিত করে।

৬এবং চতুষ্কোণ মাংসপেশীর নিদর্শন †।

উরুস্থ ঐ চতুষ্কোণ মাংসপেশী বস্তিনখণ্ডের গুটিকাকৃতি প্র

* কোনো২ ব্যবচ্ছেদকেরা ঐ যমজ মাংসপেশীর অংশদ্বয়কে পৃথক্২ মাংসপেশী অনুমান করিয়া তাহার তৎসংজ্ঞা হইয়াছে। রোধকান্তরস্থ মাংসপেশীর স্নায়ুরদংশ ঐ যমজ মাংসপেশীর অংশদ্বয়ের মধ্য দিয়া গতি করে।

† উরুস্থ ঐ চতুষ্কোণ মাংসপেশীর সংজ্ঞাতে অনুমান হয় যে তাহা চতুষ্কোণাকৃতি কিন্তু তাহা নয়।

র্দ্ধনেতে উৎপন্ন হয় এবং ঊর্দ্ধস্থিত বৃহৎ এবং ক্ষুদ্রপ্রবর্দ্ধনমধ্যস্থিত এবং নালিতে প্রবিষ্ট হয়। ঊরুস্থ ঐ চতুষ্কোণ মাংসপেশী ঊরুকে বহির্দিগে আকর্ষণ করে। ✓

## ॥২৫॥ ঊরুদেশস্থ মাংসপেশীর প্রকরণ*।

### ১ জঙ্ঘাদেশস্থ নমনকারি দ্বিমুণ্ডক মাংসপেশীর নিদর্শন।

জঙ্ঘাদেশস্থ নমনকারী ঐ দ্বিমুণ্ডক মাংসপেশী দ্বিমুণ্ড হইয়া উৎপন্ন হয় তাহার মধ্যে এক মুণ্ড বস্তিঃখণ্ডের গুটিকাকৃতি প্রবর্দ্ধনেতে এবং অন্য মুণ্ড কটিপ্রোথযুক্ত বৃহন্মাংসপেশীর প্রবেশ স্থানসমীপে কর্কশরেখাতে উৎপন্ন হয় এবং জঙ্ঘাবহ্যাস্থির ঊর্দ্ধ পশ্চাদ্ভাগে প্রবিষ্ট হয়†। জঙ্ঘাদেশস্থ নমনকারী ঐ দ্বিমুণ্ডক মাংসপেশী জঙ্ঘাকে নত করে।

### ২ স্নায়ুপ্রায়নামক মাংসপেশীর নিদর্শন।

স্নায়ুপ্রায়নামক ঐ মাংসপেশী বস্তিঃখণ্ডের গুটিকাকৃতিস্থানেতে

---

* ঊরুদেশস্থ এবং জঙ্ঘাদেশস্থ মাংসপেশী প্রশস্তবন্ধনীনামক এক প্রশস্ত স্নায়ুবস্তু দ্বারা কোষেতে আবৃতন্যায় আবৃত থাকে। ঐ প্রশস্তবন্ধনী কটিপ্রোথযুক্ত মাংসপেশী হইতে এবং তদ্ভিন্ন অন্যাং মাংসপেশীহইতে উৎপন্ন হইয়া যে মাংসপেশী আবৃত করে তাহার মধ্য দিয়া গমন করিয়া কর্কশরেখাতে অতিসংলগ্নভাবে থাকে এবং ঊরুপর্য্যন্ত করিয়া জঙ্ঘাদেশে ক্রমেৎ অন্ত হয়। ঐ প্রশস্তবন্ধনী ঊরুদেশের অন্তঃপার্শ্বেতে অন্য স্থানাপেক্ষা সূক্ষ্ম।

† ঐ মাংসপেশীর স্নায়ুবদংশেতে বহিঃজানুবন্ধনী কৃত হয়।

উৎপন্ন হয় এবং জঙ্ঘাস্থির উর্দ্ধান্তঃপার্শ্বে প্রবিষ্ট হয়। স্নায়ুপ্রায়নামক ঐ মাংসপেশী জঙ্ঘাকে অন্তর্দ্দিগে নত করে।

৩ ত্বচ্প্রায়নামক মাংসপেশীর নিদর্শন *।

ত্বচ্প্রায়নামক ঐ মাংসপেশী বঙ্ক্ষণখণ্ডের গুটিকাকৃতি প্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং জঙ্ঘাস্থিশিরোর্দ্ধ পশ্চাৎপার্শ্বে প্রবিষ্ট হয়। ত্বচ্প্রায়নামক ঐ মাংসপেশী জঙ্ঘাকে নত করে।

৪ উরুস্থ কোষাবতানক মাংসপেশীর নিদর্শন।

উরুস্থ ঐ কোষাবতানক মাংসপেশী কটিখণ্ডস্থ উর্দ্ধ এবং পুরোকণ্টকাকৃতি প্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং উরুদেশাচ্ছন্নকারি প্রশস্ত বন্ধনীর অন্তঃপার্শ্বে প্রবিষ্ট হয়। উরুস্থ ঐ কোষাবতানক মাংসপেশী প্রশস্ত বন্ধনীকে বিস্তৃত করে।

৫ স্বাস্তিকাসনোপকারি মাংসপেশীর নিদর্শন।

স্বাস্তিকাসনোপকারী ঐ মাংসপেশী উর্দ্ধস্থ এবং পুরঃকটিখণ্ডস্থ কণ্টকাকৃতি প্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং জঙ্ঘাস্থির উর্দ্ধান্তঃপার্শ্বেতে প্রবিষ্ট হয়। স্বাস্তিকাসনোপকারী ঐ মাংসপেশী জঙ্ঘাকে অন্তর্দ্দিগে আকর্ষণ করে।

---

* ত্বচ্প্রায়নামক ঐ মাংসপেশীর চতুরঙ্গুলিপ্রমাণ দীর্ঘ এক অতিপ্রশস্ত এবং চেপ্টা স্নায়ুবন্ধনীরূপে উৎপন্নপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা তাহার তৎসংজ্ঞা করিয়াছেন।

† স্পাইগেলিয়স্ নামে ব্যবচ্ছেদক প্রথমতঃ ঐ মাংসপেশীর স্বাস্তিকাসনোপকারীসংজ্ঞা করিয়াছিলেন যেহেতুক তাহা তৎপ্রকারোপবেশনে সাহায্য করে।

৬ উরুস্থ সরল মাংসপেশীর নিদর্শন।

উরুস্থ ঐ সরল মাংসপেশী দুই স্নায়ুবদংশ হইয়া উৎপন্ন হয় তাহার মধ্যে প্রথম স্নায়ুবদংশ কটিখণ্ডের অধঃ এবং পুরঃকণ্টকাকৃতি প্রবর্দ্ধনেতে এবং অন্যস্নায়ুবদংশ চষকাকৃতিনিম্নতার পশ্চাৎকিনারাতে উৎপন্ন হয় এবং অষ্ঠীবদস্থির ঊর্দ্ধ এবং পুরোভাগে প্রবিষ্ট হয়। উরুস্থ ঐ সরল মাংসপেশী জঙ্ঘাকে বিস্তৃত করে।

৭ উরুস্থ সূক্ষ্মনামক মাংসপেশীর নিদর্শন।

উরুস্থ সূক্ষ্মনামক ঐ মাংসপেশী বঙ্ক্ষণখণ্ডের এবং উপস্থাস্থিখণ্ডের পুরোভাগেতে উৎপন্ন হয় এবং জঙ্ঘার ঊর্দ্ধান্তঃপার্শ্বে প্রবিষ্ট হয়। উরুস্থ ঐ সূক্ষ্মনামক মাংসপেশী জঙ্ঘাকে নত করে।

৮ উরুস্থ প্রশস্ত বহির্মাংসপেশীর নিদর্শন *।

উরুস্থ ঐ প্রশস্ত বহির্মাংসপেশী উরুস্থাস্থিস্থ বৃহৎপ্রবর্দ্ধনের পুরঃ এবং অধোংশেতে এবং কর্কশরেখার বহিঃকিনারাতে উৎপন্ন হয় এবং অষ্ঠীবদস্থির ঊর্দ্ধ এবং বহিরংশেতে প্রবিষ্ট হয়। উরুস্থ ঐ প্রশস্ত বহির্মাংসপেশী জঙ্ঘাবিস্তার করে।

৯ উরুস্থ প্রশস্তান্তর্মাংসপেশীর নিদর্শন।

উরুস্থ ঐ প্রশস্তান্তর্মাংসপেশী কর্কশরেখার অন্তঃকিনারাতে এবং

* উরুস্থ ঐ প্রশস্ত বহির্মাংসপেশী এবং উরুস্থ প্রশস্তান্তর্মাংসপেশী এবং জঙ্ঘানামক মাংসপেশী এতত্রয় এইরূপ পরস্পর সংলগ্নীভূত যে কোনো২ ব্যবচ্ছেদকেরা তাহারদিগকে সংযুক্ত একই মাংসপেশী অনুমান করিয়াছেন।

ঊর্দ্ধাস্থিপুরোভাগের ঊর্দ্ধাস্থিস্থ ক্ষুদ্র প্রবর্দ্ধনমূলে আরব্ধ হইয়া উৎপন্ন হয় এবং অষ্ঠীবদস্থির ঊর্দ্ধান্তঃপার্শ্বে প্রবিষ্ট হয়। উক্ত ঐ প্রশস্তান্তর্মাংসপেশী জঙ্ঘাবিস্তার করে।

১০ জঙ্ঘানামক মাংসপেশীর নিদর্শন *।

জঙ্ঘানামক ঐ মাংসপেশী ঊর্দ্ধাস্থিস্থ ক্ষুদ্র প্রবর্দ্ধনের বহিঃ এবং পুরোভাগে উৎপন্ন হয় এবং অষ্ঠীবদস্থির ঊর্দ্ধাংশে প্রবিষ্ট হয়। জঙ্ঘানামক ঐ মাংসপেশী জঙ্ঘাবিস্তার করে।

১১ উপস্থনামক মাংসপেশীর নিদর্শন †।

উপস্থনামক ঐ মাংসপেশী উপস্থাস্থির পুরঃকিনারাতে উৎপন্ন হয় এবং কর্কশরেখার ঊর্দ্ধ এবং পুরোভাগে প্রবিষ্ট হয়। উপস্থনামক ঐ মাংসপেশী ঊরুকে অন্তর্দিগে এবং ঊর্দ্ধদিগে আকর্ষণ করে এবং কিঞ্চিদ্বহির্দিগে ঘূর্ণিত করে।

---

* জঙ্ঘানামক ঐ মাংসপেশীর অতীতে কখন২ অন্য দুই ক্ষুদ্র মাংসপেশী দেখা যায় আলবিনস্ নামে ব্যবচ্ছেদক তাহারদিগের জঙ্ঘারো মাংসপেশীসংজ্ঞা করিয়াছেন। ঐ দুই মাংসপেশী অষ্ঠীবদস্থির ওষ্ঠপার্শ্বে অন্ত হয় এবং তদ্দারা ওপকোমর ধমনী মর্দিত হওনবিষয়ে নিবারিত হয়। কখন২ কোনো মনুষ্যেতে ঐ দুই ক্ষুদ্র মাংসপেশী থাকে না কিন্তু না থাকিলে জঙ্ঘানামক মাংসপেশীর বন্ধনগুলিন তক [illegible] সংযুক্ত থাকে।

† কোনো২ ব্যবচ্ছেদকেরা ঐ উপস্থাস্থির কণ্ঠিকাকৃত্যস্থিসংজ্ঞা করিয়াছেন যে হেতুক তাহার তদাকৃতি তদনুসারে ঐ উপস্থনামক মাংসপেশীরও কণ্ঠিকাকৃত্যস্থিযুক্ত মাংসপেশীসংজ্ঞা করিয়াছেন।

১২ উরুস্থাভিকর্ষক দীর্ঘ মাংসপেশীর নিদর্শন *।

উরুস্থাভিকর্ষক ঐ দীর্ঘ মাংসপেশী উপস্থাস্থির ঊর্দ্ধ এবং পুরোংশেতে উৎপন্ন হয় এবং কর্কশরেখার মধ্য এবং পশ্চাদ্ভাগে প্রবিষ্ট হয়। উরুস্থাভিকর্ষক ঐ দীর্ঘ মাংসপেশী উপস্থনামক মাংসপেশীর ন্যায় কার্য্যসম্পন্ন করে।

১৩ উরুস্থাভিকর্ষক হ্রস্ব মাংসপেশীর নিদর্শন।

উরুস্থাভিকর্ষক ঐ হ্রস্ব মাংসপেশী উপস্থাস্থিশাখাপুরোভাগে উৎপন্ন হয় এবং কর্কশরেখার অন্তর এবং ঊর্দ্ধভাগে প্রবিষ্ট হয়। ঐ উরুস্থাভিকর্ষক হ্রস্ব মাংসপেশী শেষকথিত মাংসপেশী দ্বয়ের ন্যায় কার্য্যসম্পাদক।

১৪ উরুস্থাভিকর্ষক বৃহন্মাংসপেশীর নিদর্শন।

উরুস্থাভিকর্ষক ঐ বৃহন্মাংসপেশী উপস্থাস্থিস্থ শাখার অধ এবং পুরোভাগেতে উৎপন্ন হয় এবং কর্কশরেখার তাবদ্দ্রাঘিমাতে প্রবিষ্ট হয়। উরুস্থাভিকর্ষক ঐ বৃহন্মাংসপেশী পূর্ব্বকথিত মাংসপেশীত্রয়ের ন্যায় কার্য্যসম্পাদক।

১৫ উরুস্থ বহিঃস্থাবরোধক মাংসপেশীর নিদর্শন।

উরুস্থ বহিঃস্থাবরোধক ঐ মাংসপেশী অবরোধকনামক বন্ধনীর [illegible] ফলকাকৃতিচ্ছিদ্রের পরিধির অভ্যান্তরাংশেতে উৎপন্ন হয় এবং বৃহৎপ্রবর্ত্তনমূলসমীপে ঊর্ব্বস্থিতে প্রবিষ্ট হয়।

* কোনোই ব্যবচ্ছেদকেরা ঐ উরুস্থাভিকর্ষক দীর্ঘ মাংসপেশীর এবং তৎপরে কথনীয় মাংসপেশীদ্বয়ের অযুক্তাবস্থাকিংবা ত্রিযুক্ত একই মাংসপেশী অনুমান করিয়া তাহার উরুস্থ ত্রিযুক্ত মাংসপেশী সংজ্ঞা করিয়াছেন।

উরুস্থ বহিঃস্থাবরোধক ঐ মাংসপেশী উরুকে তের্চারূপে বহির্দিগে আকর্ষণ করে এবং উরুকে নত করিয়া অন্তর্দিগে আকর্ষণ করে।

## ॥ ২৬ ॥ জঙ্ঘাদেশের মাংসপেশীর প্রকরণ।

### ১ জঙ্ঘাডিম্বোৎপাদক বহির্মাংসপেশীর নিদর্শন *।

জঙ্ঘাডিম্বোৎপাদক ঐ বহির্মাংসপেশী দ্বিমুণ্ডক হইয়া উৎপন্ন হয় তাহার মধ্যে এক মুণ্ড উর্দ্ধস্থিস্থ অন্তঃপর্ব্বাকৃতি পুবর্দ্ধনেতে এবং অন্য মুণ্ড উর্দ্ধস্থিস্থ বহিঃপর্ব্বাকৃতি পুবর্দ্ধনেতে উৎপন্ন হইয়া এই মাংসপেশীর এবং পরে কথনীয় মাংসপেশীর সামান্য কার্য্যসম্পাদক এক বৃহৎগোলবন্ধনীতে পুবেশ করে। জঙ্ঘাডিম্বোৎপাদক ঐ বহির্মাংসপেশী পাদবিস্তার করে।

### জঙ্ঘাডিম্বোৎপাদকান্তর্মাংসপেশীর নিদর্শন।

ঐ জঙ্ঘাডিম্বোৎপাদকান্তর্মাংসপেশী দ্বিমুণ্ডাকৃতি হইয়া উৎপন্ন হয় তাহার মধ্যে এক মুণ্ড জঙ্ঘাবদ্ধাস্থিশিরঃপশ্চাদ্ভাগহইতে এবং অন্যমুণ্ড জঙ্ঘাস্থির উর্দ্ধ এবং পশ্চাদংশহইতে নির্গত হইয়া স্বকার্য্যসম্পাদক এবং পূর্ব্বকথিত মাংসপেশীর কার্য্যসম্পাদক এক বৃহদ্বন্ধনীবৎ হইয়া পার্ষ্ণ্যস্থির অধঃপশ্চাদংশেতে সংলিপ্ত হয়। ঐ জঙ্ঘাডিম্বোৎপাদকান্তর্মাংসপেশী পাদবিস্তার করে।

---

* ঐ জঙ্ঘাডিম্বোৎপাদকান্তর্মাংসপেশী কুক্কুরজিহ্বাকৃতিপ্রযুক্ত কোনোং ব্যবচ্ছেদকেরা তাহার বৎনংজ্ঞা করিয়াছেন। ব্যবচ্ছেদকেরা ঐ মাংসপেশীর বন্ধনীমংশের পার্ষ্ণিবন্ধনীসংজ্ঞা করিয়াছেন।

৩ পাদতলাচ্ছাদক মাংসপেশীর নিদর্শন *।

পাদতলাচ্ছাদক ঐ মাংসপেশী ঊর্দ্ধাস্থির বহিঃস্থ প্রবর্দ্ধনোর্দ্ধ পশ্চাদংশেতে উৎপন্ন হয় এবং পার্ষ্ণ্যস্থির পশ্চাদংশের অন্তঃপার্শ্বে প্রবিষ্ট হয়। ঐ পাদতলাচ্ছাদক মাংসপেশী পাদবিস্তার বিষয়ে সাহায্য করে।

৪ জঘননামক মাংসপেশীর নিদর্শন †।

জঘননামক ঐ মাংসপেশী ঊর্দ্ধাস্থির বহিঃপর্ব্বাকৃতি প্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং জঙ্ঘাস্থির ঊর্দ্ধান্তঃপার্শ্বে প্রবিষ্ট হয়। জঘন নামক ঐ মাংসপেশী জঙ্ঘাসঙ্কোচবিষয়ে এবং অন্তর্দ্দিগে ঘূর্ণিতকরণ বিষয়ে সাহায্য করে।

৫ পাদাঙ্গুলিনমনকারি দীর্ঘ মাংসপেশীর নিদর্শন ‡।

পাদাঙ্গুলিনমনকারী ঐ দীর্ঘ মাংসপেশী জঙ্ঘাস্থির ঊর্দ্ধ এবং অন্তঃপার্শ্বেতে উৎপন্ন হয় এবং পাদাঙ্গুলিনমনকারী হ্রস্ব মাংসপেশীর ছিদ্র দিয়া গমনানন্তর স্নায়ুবদংশচতুষ্টয় হইয়া পাদের

* পাদতলাচ্ছাদক ঐ মাংসপেশীর উৎসংজ্ঞা হইয়াছে যেহেতুক ব্যবচ্ছেদকেরা অনুমান করিয়াছিলেন যে তাহাহইতে করতলবিস্তৃতধমনী উৎপন্না হয় কিন্তু তাহা নয় যেহেতুক ঐ মাংসপেশীহইতে ঐ ধমনী প্রতিপাল্যা নয়।

† ব্যবচ্ছেদকেরা ঐ জঘননামক মাংসপেশীর স্ত্রীয়ো ন্বিতপ্রযুক্ত উৎসংজ্ঞা করিয়াছেন।

‡ পাদাঙ্গুলিনমনকারী ঐ দীর্ঘ মাংসপেশী পাদতলমধ্যস্থানে অন্য এক মাংসাংশের সহিত সংমিলিত থাকে। ঐ মাংসাংশ প্রথমতঃ শিল্ভিয়স্ নামে ব্যবচ্ছেদককর্তৃক মুখ্যপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা ঐ মাংসাংশের অ্যাকেসরি শিল্ভিয়স সংজ্ঞা করিয়াছেন।

বৃদ্ধাঙ্গুষ্ঠব্যতিরিক্ত সমস্ত পাদাঙ্গুলীর অগ্রপর্ব্বে প্রবিষ্ট হয়। পাদাঙ্গুলিনমনকারী ঐ দীর্ঘ মাংসপেশী পাদাঙ্গুল্যগ্রপর্ব্ব নত করে।

৬ পাদের বৃদ্ধাঙ্গুষ্ঠনমনকারি দীর্ঘ মাংসপেশীর নিদর্শন।

পাদের বৃদ্ধাঙ্গুষ্ঠনমনকারী ঐ দীর্ঘ মাংসপেশী জঙ্ঘাবদ্ধাস্থির শিরোধোভাগে তৎপশ্চাদংশে উৎপন্ন হয় এবং বৃদ্ধাঙ্গুষ্ঠের অগ্রপর্ব্বে প্রবিষ্ট হয়। পাদের বৃদ্ধাঙ্গুষ্ঠনমনকারি ঐ দীর্ঘ মাংসপেশী বৃদ্ধাঙ্গুষ্ঠকে নত করে।

৭ জঙ্ঘাস্থিযুক্ত পুরঃস্থ মাংসপেশীর নিদর্শন।

জঙ্ঘাস্থিযুক্ত পুরঃস্থ ঐ মাংসপেশী জঙ্ঘাস্থির পশ্চাদ্দিগে বহিঃকিনারাতে তদ্ভিন্ন জঙ্ঘাবদ্ধাস্থিসমীপবর্ত্তিনী অস্থিমধ্যবর্ত্তি বন্ধনেতে উৎপন্ন হয় এবং ক্ষুদ্রনাবাকৃত্যস্থির ঊর্দ্ধান্তরংশেতে এবং মধ্যস্থ কোণাকৃত্যস্থির পার্শ্বে প্রবিষ্ট হয়। জঙ্ঘাবদ্ধাস্থিযুক্ত ঐ পুরঃস্থ মাংসপেশী পাদকে অন্তর্দ্দিগে আকর্ষণ করে।

৮ জঙ্ঘাবদ্ধাস্থিযুক্ত দীর্ঘ মাংসপেশীর নিদর্শন।

জঙ্ঘাবদ্ধাস্থিযুক্ত ঐ দীর্ঘ মাংসপেশী জঙ্ঘাস্থির শিরোবহিঃপার্শ্বে এবং যাহার সহিত অধঃগামিহইয়া অনেক স্থান ব্যাপিয়া সংলগ্ন এমত জঙ্ঘাবদ্ধাস্থির ঊর্দ্ধ এবং পুরঃ এবং বহিরংশেতে উৎপন্ন হয় এবং বৃদ্ধাঙ্গুষ্ঠের চরণাধঃস্থ পঞ্চাঙ্গুল্যস্থিতে প্রবিষ্ট হয়। জঙ্ঘাবদ্ধাস্থিযুক্ত ঐ দীর্ঘ মাংসপেশী পাদকে বহির্দ্দিগে চালন করে।

৯ জঙ্ঘাবদ্ধাস্থিযুক্ত হ্রস্ব মাংসপেশীর নিদর্শন।

জঙ্ঘাবদ্ধাস্থিযুক্ত ঐ হ্রস্ব মাংসপেশী জঙ্ঘাবদ্ধাস্থির বহিঃ এবং

পুরোভাগেতে উৎপন্ন হয় এবং পাদকনিষ্ঠার চরণাধঃস্থ পঙ্ক্ত্যস্থিতে প্রবিষ্ট হয়। জঙ্ঘাবদ্ধাস্থিযুক্ত ঐ হ্রস্ব মাংসপেশী জঙ্ঘাবদ্ধাস্থিযুক্ত দীর্ঘ মাংসপেশীর সাহায্য করে।

১০ পাদাঙ্গুলীবিস্তারক দীর্ঘ মাংসপেশীর নিদর্শন।

পাদাঙ্গুলীবিস্তারক ঐ দীর্ঘ মাংসপেশী জঙ্ঘাস্থির ঊর্দ্ধ এবং বহিঃ এবং পুরোভাগেতে এবং অস্থিমধ্যবর্ত্তি বন্ধনীতে এবং জঙ্ঘাবদ্ধাস্থির অন্তঃকিনারাতে উৎপন্ন হয় এবং পাদবৃদ্ধাঙ্গুষ্ঠব্যতিরিক্ত অন্য পাদাঙ্গুলীর প্রথম পর্ব্বেতে স্নায়ুবদ্ধংশচতুষ্টয় হইয়া প্রবিষ্ট হয়। পাদাঙ্গুলীবিস্তারক ঐ দীর্ঘ মাংসপেশী পাদাঙ্গুলি বিস্তার করে।

১১ জঙ্ঘাবদ্ধাস্থিযুক্ত তৃতীয় মাংসপেশীর নিদর্শন।

জঙ্ঘাবদ্ধাস্থিযুক্ত ঐ তৃতীয় মাংসপেশী জঙ্ঘাবদ্ধাস্থির অধোর্দ্ধাংশে পুরোভাগেতে এবং অস্থিমধ্যবর্ত্তি বন্ধনীতে উৎপন্ন হয় এবং পাদকনিষ্ঠার চরণাধঃপঙ্ক্ত্যস্থিতে প্রবিষ্ট হয়। জঙ্ঘাবদ্ধাস্থিযুক্ত ঐ তৃতীয় মাংসপেশী পাদনমন করে।

১২ জঙ্ঘাস্থিযুক্ত মধ্যম মাংসপেশীর নিদর্শন।

জঙ্ঘাস্থিযুক্ত ঐ মধ্যম মাংসপেশী জঙ্ঘাস্থির ঊর্দ্ধ পুরোংশে উৎপন্ন হয় এব অন্তঃস্থ কোনাকৃত্যস্থিতে প্রবিষ্ট হয়। জঙ্ঘাস্থিযুক্ত ঐ মধ্যম মাংসপেশী পাদনমন করে।

১৩ পাদবৃদ্ধাঙ্গুষ্ঠের যথার্থ বিস্তারক মাংসপেশীর নিদর্শন।

পাদবৃদ্ধাঙ্গুষ্ঠের ঐ যথার্থ বিস্তারক মাংসপেশী জঙ্ঘাস্থির ঊর্দ্ধ এবং পুরোংশেতে উৎপন্ন হয় এবং বৃদ্ধাঙ্গুষ্ঠাস্থির ন্যুব্জপার্শ্বে প্রবিষ্ট

হয়। পাদবৃদ্ধাঙ্গুষ্ঠের ঐ যথার্থ বিস্তারক মাংসপেশী পাদবৃ..ঙ্গুলী বিস্তার করে।

## ॥২৭॥ চরণস্থ মাংসপেশীর প্রকরণ।

### ১ পাদাঙ্গুলীবিস্তারক হ্রস্ব মাংসপেশীর নিদর্শন।

পাদাঙ্গুলিবিস্তারক ঐ হ্রস্ব মাংসপেশী পার্ষ্ণ্যস্থির ঊর্দ্ধ এবং পুরোভাগে উৎপন্ন হয় এবং স্নায়ুবদংশচতুষ্টয় হইয়া প্রবিষ্ট হয় তাহার মধ্যে এক স্নায়ুবদংশ পাদবৃদ্ধাঙ্গুষ্ঠনমনকারি দীর্ঘ মাংসপেশীর স্নায়ুবদংশের সহিত সংলগ্ন হয় এবং অন্য স্নায়ুবদংশত্রয় পাদাঙ্গুলিবিস্তারক দীর্ঘ মাংসপেশীর স্নায়ুবদংশেতে প্রবিষ্ট হয়। পাদাঙ্গুলীবিস্তারক ঐ হ্রস্ব মাংসপেশী পাদাঙ্গুলি বিস্তার করে।

### ২ পাদাঙ্গুলীনমনকারি হ্রস্ব মাংসপেশীর নিদর্শন।

পাদাঙ্গুলিনমনকারী ঐ হ্রস্ব মাংসপেশী পার্ষ্ণ্যস্থির অধোভাগ হইতে উৎপন্ন হয় এবং স্নায়ুবদংশচতুষ্টয় হইয়া প্রবেশ করে ঐ স্নায়ুবদংশচতুষ্টয় পাদবৃদ্ধাঙ্গুষ্ঠনমনকারী দীর্ঘ মাংসপেশীকে গমনস্থানদেওনানন্তর বৃদ্ধাঙ্গুষ্ঠব্যতিরিক্ত অন্য পাদাঙ্গুলীচতুষ্টয়ের দ্বিতীয় পর্ব্বাস্থিতে প্রবিষ্ট হয়। পাদাঙ্গুলীনমনকারী ঐ হ্রস্ব মাংসপেশী পাদাঙ্গুলীর দ্বিতীয় পর্ব্ব নত করে।

### ৩ পাদবৃদ্ধাঙ্গুষ্ঠাপকর্ষক মাংসপেশীর নিদর্শন।

পাদবৃদ্ধাঙ্গুষ্ঠাপকর্ষক ঐ মাংসপেশী পার্ষ্ণ্যস্থির অন্তরধোংশহইতে উৎপন্ন হয় এবং বৃদ্ধাঙ্গুষ্ঠের প্রথম পর্ব্বে প্রবেশ করে। পাদ

বৃদ্ধা[illegible]াপকর্ষক ঐ মাংসপেশী বৃদ্ধাঙ্গুষ্ঠকে অন্যাঙ্গুলীহইতে অপকর্ষণ করে।

৪ পাদকনিষ্ঠাপকর্ষক মাংসপেশীর নিদর্শন।

পাদকনিষ্ঠাপকর্ষক ঐ মাংসপেশী পার্ষ্ণ্যস্থির বহিঃস্থ গুটিকাকৃতি প্রবর্দ্ধনেতে এবং কনিষ্ঠাঙ্গুলীর চরণাধঃস্থ পঞ্জাস্থিমূলেতে এবং করতলবিস্তৃত বন্ধনীতে উৎপন্ন হয় এবং পাদকনিষ্ঠাঙ্গুলীর প্রথম পর্ব্বের বহিঃপার্শ্বে প্রবেশ করে। পাদকনিষ্ঠাপকর্ষক ঐ মাংসপেশী পাদকনিষ্ঠাকে বহিরাকর্ষণ করে।

৫ পাদস্থ কিঞ্চুলুকাকৃতি মাংসপেশীর নিদর্শন।

পাদস্থ কিঞ্চুলুকাকৃতি ঐ মাংসপেশী পাদাঙ্গুলীবিস্তারক দীর্ঘ মাংসপেশীর স্নায়ুবদংশেতে উৎপন্ন হয় এবং পাদাঙ্গুলীর ঊর্দ্ধস্থ স্নায়ুবৎ প্রশস্তাংশেতে প্রবিষ্ট হয়। পাদস্থ ঐ কিঞ্চুলুকাকৃতি মাংসপেশী পাদাঙ্গুলীকে অন্তর্দ্দিগে আকর্ষণ করে।

৬ পাদবৃদ্ধাঙ্গুষ্ঠনমনকারি হ্রস্ব মাংসপেশীর নিদর্শন।

পাদবৃদ্ধাঙ্গুষ্ঠনমনকারী ঐ হ্রস্ব মাংসপেশী পার্ষ্ণ্যস্থির অধঃ এবং পুরোভাগে এবং বহিঃস্থ কোণাকৃত্যস্থির অধোভাগেতে উৎপন্ন হয় এবং স্নায়ুবদংশদ্বয় হইয়া বৃদ্ধাঙ্গুষ্ঠের প্রথম পর্ব্বাস্থিতে প্রবিষ্ট হয়। পাদবৃদ্ধাঙ্গুষ্ঠনমনকারী ঐ হ্রস্ব মাংসপেশী বৃদ্ধাঙ্গুষ্ঠের প্রথম পর্ব্বাস্থি নত করে।

৭ পাদবৃদ্ধাঙ্গুষ্ঠাভিকর্ষক মাংসপেশীর নিদর্শন।

পাদবৃদ্ধাঙ্গুষ্ঠাভিকর্ষক ঐ মাংসপেশী দ্বিতীয় এবং তৃতীয় এবং চতুর্থ পাদাঙ্গুলীর চরণাধঃস্থ পঞ্জাস্থিমূলসমীপেতে উৎপন্ন হয় এবং

বহিঃস্থ তিলাকৃত্যস্থিতে কিম্বা পাদবৃদ্ধাঙ্গুষ্ঠের প্রথম পর্ব্বেতে প্রবেশ করে। পাদবৃদ্ধাঙ্গুষ্ঠাভিকর্ষক ঐ মাংসপেশী বৃদ্ধাঙ্গুষ্ঠকে অন্যাঙ্গুলীর প্রতি আকর্ষণ করে এবং নত করে।

৮ পাদানুপুঙ্খগামি মাংসপেশীর নিদর্শন।

পাদানুপুঙ্খগামি ঐ মাংসপেশী পাদকনিষ্ঠাঙ্গুলীর চরণাধঃস্থ পঞ্জাস্থির পুরোভাগের অধঃ এবং বহিরংশেতে উৎপন্ন হয় এবং অন্তঃস্থ তিলাকৃত্যস্থিতে এবং বৃদ্ধাঙ্গুষ্ঠের চরণাধঃপঞ্জাস্থির পুরোভাগেতে প্রবিষ্ট হয়। পাদানুপুঙ্খগামী ঐ মাংসপেশী চরণসঙ্কোচ করে।

৯ পাদকনিষ্ঠানমনকারি হ্রস্ব মাংসপেশীর নিদর্শন।

পাদকনিষ্ঠানমনকারী ঐ হ্রস্ব মাংসপেশী কনিষ্ঠাঙ্গুলীর চরণাধঃ পঞ্জাস্থিমূলেতে উৎপন্ন হয় এবং কনিষ্ঠার প্রথম পর্ব্বাস্থিতে প্রবেশ করে। পাদকনিষ্ঠানমনকারী ঐ হ্রস্ব মাংসপেশী কনিষ্ঠাকে নত করে।

১০ পাদাস্থিমধ্যবর্ত্ত্যন্তঃস্থ মাংসপেশীর নিদর্শন *।

পাদাস্থিমধ্যবর্ত্ত্যন্তঃস্থ ঐ মাংসপেশী চরণাধঃস্থ পঞ্জাস্থ্যভ্যন্তরে স্থিতি করে।

১১ পাদাস্থিমধ্যবর্ত্তি বহিঃস্থ মাংসপেশীর নিদর্শন †।

* পাদাস্থিমধ্যবর্ত্ত্যন্তঃস্থ ঐ মাংসপেশী তিনটা আছে তদ্দ্বারা পাদাঙ্গুলী সমস্ত পাদের বৃদ্ধাঙ্গুষ্ঠের প্রতি আকৃষ্ট হয়।

† পাদাস্থিমধ্যবর্ত্তি বহিঃস্থ ঐ মাংসপেশী চতুষ্টয় আছে তাহার মধ্যে প্রথম মাংসপেশীদ্বারা পাদপ্রদেশিনী বৃদ্ধাঙ্গুষ্ঠের প্রতি আকৃষ্টা হয় এবং অন্য মাংসপেশীর দ্বারা বৃদ্ধাঙ্গুষ্ঠব্যতিরিক্ত অন্যপাদাঙ্গুলী সমস্ত বহির্দিগে চালিত হয়। তদ্ভিন্ন পাদাস্থিমধ্যবর্ত্তি নামক মাংসপেশীসমস্ত পাদাঙ্গুলীবিস্তারবিষয়ে সাহায্য করে।

# তৃতীয় খণ্ড।

## অষ্টাশীতিতম প্রকরণ।

### উদরের অর্থাৎ অধঃউদরের বিবরণ।

॥ ১ ॥ ব্যবচ্ছেদকেরা বক্ষোস্থ্যগ্রাবধি গাত্রাংশাধঃপর্য্যন্ত স্থানের উদর অর্থাৎ অধউদরসংজ্ঞা করিয়াছেন।

॥ ২ ॥ ব্যবচ্ছেদকেরা উদরকে দেশত্রয় করিয়া নির্ণয় করিয়াছেন অর্থাৎ উদরোর্দ্ধদেশ এবং নাভিদেশ এবং উদরাধোদেশ। তাহার মধ্যে উদরোর্দ্ধদেশ বক্ষোস্থ্যগ্রাবধি আরব্ধ হইয়া নাভ্যবধি দ্ব্যঙ্গুল প্রমাণোর্দ্ধস্থানপর্য্যন্ত এবং নাভিদেশ ঐ স্থানাবধি আরব্ধ হইয়া নাভ্যধোদ্ব্যঙ্গুলপ্রমাণপর্য্যন্ত এবং উদরাধোদেশ ঐ স্থানাবধি আরব্ধ হইয়া উপস্থাস্থিপর্য্যন্ত এই ক্রমে ব্যবচ্ছেদকেরা দেশত্রয় করিয়া নির্ণয় করিয়াছেন।

॥ ৩ ॥ অপর ব্যবচ্ছেদকেরা ঐ দেশত্রয়ের একং দেশকে ক্রমেতে অন্য দেশত্রয় করিয়া অংশ করিয়াছেন অর্থাৎ তৎপার্শ্ব দেশদ্বয় এবং মধ্যদেশ।

॥ ৪ ॥ ব্যবচ্ছেদকেরা উদরোর্দ্ধদেশস্থ মধ্যভাগের উদরোর্দ্ধাংশ এবং উভয় পার্শ্বভাগের উপপর্শ্বকাধোংশসংজ্ঞা করিয়াছেন অপর নাভিদেশস্থ মধ্যভাগের নাভ্যংশসংজ্ঞা এবং তদুভয়পার্শ্বের কট্যংশসংজ্ঞা করিয়াছেন এবং উদরাধোদেশস্থ মধ্যভাগের উদ

রাধোংশসংজ্ঞা এবং তদুভয়পার্শ্বের বঙ্খণাংশসংজ্ঞা করিয়া ছেন তদ্ভিন্ন উদরপশ্চাদংশের ব্যবচ্ছেদকেরা কটিদেশসংজ্ঞা করিয়াছেন।

॥ ৫ ॥ উদরের নির্ণীত ঐ সমস্তাংশাভ্যানকরণ অতিপ্রয়োজনার্হ যেহেতুক ব্যবচ্ছেদগ্রন্থে এবং অস্ত্রচিকিৎসাগ্রন্থে ঐ সমস্ত স্থানের সংজ্ঞা ভিন্নং রূপে কথিত আছে। অপর উদরেতে কিং স্থিতি করে তন্নির্ণয়করণানন্তর তাহারদিগের পৃথকং নাম এবং ব্যবস্থা এবং কার্য্য ব্যাখ্যা করা যাইবে।

॥ ৬ ॥ অপর চর্ম্ম এবং বসাধারিত্বচ্ এবং উদরস্থ মাংসপেশী দূরীকরণানন্তর অন্ত্রবেষ্টত্বচ্ দেখা যায়। পরে ঐ ত্বচ্ভেদ করিলে অন্ত্রাপ্লাবক অন্ত্রের উর্দ্ধে ভাসমানরূপে দেখা যায় ঐ অন্ত্রাপ্লাবক অন্ত্রের সর্ব্বত্র শ্লথরূপে এবং স্নিগ্ধরূপে এবং উর্ম্মিমত্তারূপে তাবদুদর দেশ ব্যাপিয়া থাকে। অপর আমাশয় উদরোর্দ্ধদেশে বসতি করে তদধঃস্থানে বৃক্ক স্থিতি করে পরে যকৃৎ দক্ষিণোপপর্শুকাধোদেশ ব্যাপিয়া থাকে এবং প্লীহা বামোপপর্শুকাধোদেশে স্থিতি করে এবং মেটিয়াদ্বয় উদরস্থ কটিদেশমধ্যস্থানে দেখা যায় এবং ক্লোম এবং উপস্থাংশসমস্ত উদরাধোদেশে স্থিতি করে।

---

## তৃতীয় খণ্ডের প্রথমাধ্যায়।

### উননবতিতম প্রকরণ।

#### অন্ত্রবেষ্টের নিদর্শন।

॥ ১ ॥ এই অন্ত্রবেষ্ট অতিদৃঢ়স্বচ্ছাকৃতি জানিবেন তাহাতে উদরের সমস্তান্ত্র বেষ্টিত এবং লুণ্ঠিত হইয়া থাকে। অনেকং ব্যব

(...)বেরা বিশেষতঃ বিন্স্লোনামক ব্যবচ্ছেদক কহিয়াছেন যে ঐ অন্ত্র(...) দুই পৃথক ত্বগ্বৎপর্দা তে কৃত কিন্তু অনুমান হয় যে তাঁহারা ঐ বিষয়ে ভ্রান্ত হইয়াছিলেন যেহেতুক যে ত্বচ্‌কে তাঁহারা স্বতন্ত্র ত্বচ্ অনুমান করিয়াছিলেন তাহা কেবল এক অতিসূক্ষ্মমধুকোষবৎপর্দা যাহাহইতে কতগুলি অংশ উদরনির্গতরক্তক্ষারকনাড়ীতে প্রেরিত হয়। তদ্ভিন্নও ঐ পর্দাহইতে হৃৎপ্রবাহক এবং হৃদ্দুহ নামকাবাহক নাড়ী আচ্ছাদনপ্রাপ্তা হয় তাহাতে অনুমান হয় যে ঐ আচ্ছাদন কেবল অন্ত্রবেষ্টের কিয়দংশ।

॥ ২ ॥ ঐ অন্ত্রবেষ্টের ঊর্ম্মিমত্তাংশেতে প্রায় তাবদন্ত্র বেষ্টিত থাকে ঐ অন্ত্রবেষ্ট অতিকোমল এবং অতিশয় বিস্তৃতহওনে সমর্থ এবং তদন্তঃপার্শ্বহইতে নির্গত এক প্রকার বাষ্পদ্বারা সর্ব্বদা স্নিগ্ধভাবে এবং আর্দ্রভাবে থাকে ঐ বাষ্প চোষক নাড়ীতে পুনর্ব্বার পরাবৃত্ত হইয়া স্বস্বনাড়ীতে ক্রীড়া করে।

॥ ৩ ॥ ঐ আর্দ্রত্বেতে অন্ত্রবেষ্ট কোমলভাবে থাকে এবং অন্ত্রের উপর্য্যুপরি ক্রীড়নেতে যেং ঘর্ষণ এবং অন্যং হিংসাপ্রাপ্তি হয় তাহা নিবারিত হয়।

॥ ৪ ॥ যখন ঐ দ্রবাংশের বাহুল্য হয় কিম্বা যখন চোষক নাড়ী স্বকার্য্যসম্পন্নবিষয়ে অসমর্থপ্রযুক্ত ঐ আর্দ্রাংশ পরাবৃত্ত হয় না তখন জলোদরীরোগ জন্মে এবং যখন কোনো দোষেতে ঐ আর্দ্রত্ব নির্গত হয় না তখন ঐ অন্ত্রবেষ্ট ক্রমেং স্থূল এবং রোগযুক্ত হয় তাহাতে কখনং এক অন্ত্র অন্য অন্ত্রের সহিত সংলগ্নভাবে থাকে।

॥ ৫॥ ঐ অন্ত্রবেষ্ট অতিশয় নাড়ীময় নয় এবং সমধাতুময় এবং তাহা অত্যাল্পব্যথনীয় এবং যে শিরা তাহার মধ্য দিয়া গমন করে সে সকল উদরস্থ মাংসপেশীহইতে নির্গত অনুমেয় হয়।

## তৃতীয় খণ্ডের দ্বিতীয়াধ্যায়।

### নবতিতম প্রকরণ।

#### অন্ত্রাপ্লাবকের নিদর্শন।

॥ ১॥ ঐ অন্ত্রাপ্লাবক দ্বিপর্দাবৎ হইয়া অন্ত্রবেষ্টহইতে উৎপন্ন হয় এবং বসাতে মিশ্রিত হইয়া আমাশয়ের এবং প্লীহার এবং দ্বাদশাঙ্গুল্যান্ত্রের এবং আদিস্থূলান্ত্রনামক অন্ত্রের সহিত সংলগ্ন হইয়া ঐ সমস্ত অংশহইতে শুথরূপে লুণ্ঠিত এবং অন্ত্রোর্দ্ধে ভাসমান থাকে। ঐ অন্ত্রাপ্লাবক সকল মনুষ্যেতে সমান নয় কোনোং মনুষ্যেতে বড় এবং কোনোং মনুষ্যেতে ক্ষুদ্র এবং কোনোং মনুষ্যেতে বস্ত্যংশপর্য্যন্ত অধোদিগে গতি করে এবং প্রায় সর্ব্বদা দক্ষিণ পার্শ্বাপেক্ষা বামপার্শ্বে দীর্ঘ।

॥ ২॥ প্রাচীন ব্যবচ্ছেদকেরা ঐ নির্ণীত অংশের অন্ত্রাপ্লাবক সংজ্ঞা করিয়াছিলেন এবং তাহা ঐ নামে প্রসিদ্ধ ছিল কিন্তু ইদানীন্তন ব্যবচ্ছেদকেরা ঐ অন্ত্রাপ্লাবককে ত্রিধা ব্যাখ্যা করিয়াছেন বিশেষতঃ উদরের আদিস্থূলান্ত্রযুক্ত বৃহদাপ্লাবক এবং উদরস্থ যকৃদ্যুক্ত ক্ষুদ্রাপ্লাবক এবং আদিস্থূলান্ত্রাপ্লাবকসংজ্ঞা করিয়াছেন। ঐ অন্ত্রাপ্লাবকত্রয় এই এক বিষয়ে একই পদার্থ অর্থাৎ ঐ অন্ত্রা

প্লাব ক্ত্রয় অতিসংলগ্ন মধুকোষ বত্বচেতে বিভিন্নীকৃত হইয়া অতি সূক্ষ্ম পর্দাদ্বয়রূপে কৃত আছে।

॥ ৩ ॥ উদরের আদি স্থূলান্ত্রযুক্ত বৃহদাপ্লাবক যদ্বিষয়ে আমরা ব্যাখ্যা করিয়াছি সে তাহার রক্তপ্রবাহক নাড়ীকে প্লীহাযুক্ত এবং যকৃদ্যুক্ত রক্তপ্রবাহক নাড়ীহইতে প্রাপ্ত হয় এবং তদ্রক্তাবাহক নাড়ী সমস্ত দ্বারনামক রক্তাবাহক নাড়ীতে অস্ত হয়। উদরের আদিস্থূলান্ত্রযুক্ত ঐ বৃহদাপ্লাবকের শিরা অত্যল্প হইয়া প্লীহার এবং যকৃতের জালবদংশহইতে উৎপন্ন হয়।

॥ ৪ ॥ উদরস্থ যকৃদ্যুক্ত ক্ষুদ্রাপ্লাবক বৃহদাপ্লাবকাপেক্ষা অতিশয় বসাময়। ঐ ক্ষুদ্রাপ্লাবক দ্বাদশাঙ্গুল্যন্ত্রের ঊর্দ্ধাংশে আরব্ধ হইয়া আমাশয়ের ক্ষুদ্রোর্ম্মিমত্তাংশ দিয়া গলদ্বারপর্য্যন্ত গতি করণানন্তর পিত্তকোষগলসমীপে যকৃতের দক্ষিণস্থ বন্ধনীর পশ্চাদংশে অস্ত হয় তাহাতে ঐ ক্ষুদ্রাপ্লাবক যকৃতের ক্ষুদ্র দল আচ্ছাদন করে। যকৃতের ঐ ক্ষুদ্র দলারব্ধস্থানসমীপে এক ছিদ্র দেখা যায় ঐ ছিদ্র প্রথমতঃ বিন্স্লো নামে ব্যবচ্ছেদককর্ত্তৃক দৃষ্ট হইয়াছিল সে ছিদ্র দিয়া বায়ুপ্রবেশ করাইলে ঐ ক্ষুদ্রাপ্লাবক কোষ স্ফীত হইতে পারে *। ঐ ক্ষুদ্রাপ্লাবকের প্রায় সমস্ত নাড়ী আমাশয়মূর্দ্ধগামি রক্তাবাহক এবং রক্ত প্রবাহক নাড়ীহইতে উৎপন্ন হয়।

॥ ৫ ॥ আদিস্থূলান্ত্রাপ্লাবক অন্ধান্ত্রের পুরোংশে এবং আদিস্থূলান্ত্রের দক্ষিণপার্শ্বে উৎপন্ন হয়। ঐ আদিস্থূলান্ত্রাপ্লাবক

* ঐ কোষ অতিপাতল এবং স্বচ্ছ এবং ঐ ছিদ্রদ্বারা কোষে পারদপ্রবেশ করাইলে ঐ কোষ তদ্ধারনসমর্থ হয়।

অন্তঃশূন্যসূচ্যগ্রাকৃতি হইয়া ঐ আদিস্থূলান্ত্রে সংলগ্নভাবে থাকে এবং প্রায় সর্ব্বদা বৃহদাপ্লাবকপ্রাংশে অস্ত হয় তাহাতে অনুমান হয় যে ঐ আদিস্থূলান্ত্রবৃহদাপ্লাবক কেবল অন্ধান্ত্রের এবং আদি স্থূলান্ত্রের ত্বক্ যাহা বায়ুদ্বারা স্ফীত করাইলে সূচ্যগ্রাকৃতি হয়।

॥ ৬ ॥ ব্যবচ্ছেদকেরা অদ্যাপর্য্যন্ত ঐ আপ্লাবকের বিশেষং কার্য্য নিশ্চয়জ্ঞাত নয় কিন্তু অনুমান হয় যে তাহা অতিকোমল পদার্থ এবং শ্লথরূপে স্থিতিপ্রযুক্ত তদ্দ্বারা অন্ত্রের সংমর্দ্দনজন্য সংযোগ নিবারিত হয় যেহেতুক কোনো মনুষ্যেতে যখন কোনো পীড়াদ্বারা ঐ আপ্লাবকের বসা অতিশয় অল্পত্বপ্রাপ্ত হয় তখন অন্ত্রের সংযোগ হয় তদ্ভিন্ন কোনোং ব্যবচ্ছেদকেরা অনুমান করিয়াছেন যে ঐ অন্ত্রাপ্লাবক পিত্তনির্ম্মাণবিষয়ে সাহায্য করে কিন্তু তাহা অনুমানমাত্র।

## তৃতীয় খণ্ডের তৃতীয়াধ্যায়।

### একনবতিতম প্রকরণ।

#### আমাশয়ের নিদর্শন।

॥ ১ ॥ আমাশয় মাংসপেশীপদার্থক কোষবৎ হেলিত গলদেশতুম্ব্যাকৃতি হইয়া উদরোর্দ্ধদেশে অনুপ্রস্থরূপে স্থিতি করে কিন্তু দক্ষিণ পার্শ্বাপেক্ষা বামপার্শ্বে কিঞ্চিদধিক হেলিত জানিবে।

॥ ২ ॥ ঐ আমাশয়েতে দ্বারদ্বয় আছে তাহার মধ্যে এক দ্বার

গংক্রাকে গ্রহণ করে তাহাতে ব্যবচ্ছেদকেরা তাহার হৃন্নিকটস্থান সংজ্ঞা করিয়াছেন এবং কোনোং ব্যবচ্ছেদকেরা তাহার আমাশয়ের বামদ্বার কিম্বা ঊর্দ্ধদ্বারসংজ্ঞা করিয়াছেন কিন্তু বাস্তব ঐ দ্বার অন্য দ্বারহইতে অনেক ঊর্দ্ধ নয়। ব্যবচ্ছেকেরা ঐ অন্য দ্বারের দক্ষিণদ্বার কিম্বা অধোদ্বারসংজ্ঞা করিয়াছেন আমাশয়ের ঐ দ্বারদ্বয় আমাশয়ের গাত্রাংশহইতে কিঞ্চিদুচ্চীকৃত।

॥ ৩ ॥ আহারাদি গল দিয়া হৃন্নিকটস্থান হইয়া আমাশয়ে প্রবিষ্ট হয় পরে সেই স্থানে জীর্ণ হইয়া অধোদ্বার দিয়া অন্ত্রে প্রবিষ্ট হয়।

॥ ৪ ॥ আমাশয় পর্দ্দাচতুষ্টয়েতে নির্ম্মিত এবং ঐ পর্দ্দাচতুষ্টয় এমত অতিদৃঢ়রূপে পরস্পর জটাবৎ জড়ীভূত যে অতিপ্রাজ্ঞ ব্যবচ্ছেদকেরো স্বতন্ত্র করা প্রায় অসাধ্য। ঐ পর্দ্দাচতুষ্টয়ের মধ্যে বহিঃপর্দ্দা ত্বক্‌পদার্থ যেহেতুক তাহা অন্ত্রবেষ্টহইতে উৎপন্ন এবং দ্বিতীয় পর্দ্দা মাংসপেশীপদার্থক হইয়া অনেক মাংসতন্তুবতন্তুতে কৃত আছে ঐ মাংসতন্তুসমস্ত আমাশয়ের অন্যাংশাপেক্ষা তদ্দ্বারসমীপাংশে অধিক থাকে। তৎপরে তৃতীয় পর্দ্দা অর্থাৎ শিরাপদার্থক পর্দ্দা স্থিতি করে তাহার মধ্যপার্শ্বে মকমলবস্ত্রবৎপর্দ্দা স্থিতি করে জানিবেন ঐ মকমলবস্ত্রবৎ পর্দ্দাতে আমাশয়ের অন্তঃপার্শ্ব কৃত হয়।

॥ ৫ ॥ ঐ আমাশয়ের শেষকথিত দুই পর্দ্দা অন্য পর্দ্দাদ্বয়াপেক্ষা অতিবড় তাহাতে আমাশয়ের অন্তঃপার্শ্বের ঊর্ম্মিমত্তাংশ কৃত হয়। ঐ ঊর্ম্মিমত্তাংশ আমাশয়ের অন্তঃপার্শ্বে সর্ব্বত্র ব্যাপিয়া থাকে কিন্তু সর্ব্বাপেক্ষা অধোদ্বারনিকটবর্ত্তিস্থানে অধিক থাকে তাহাতে

অনুমান হয় যে ঐ ঊর্ম্মিমত্তাংশ এবং বৃহত্তাজবৎ হইয়া আহারাদি যেন অতিশীঘ্র নির্গত না হয় তদ্বিষয়ে সাহায্য করে ঐ ঊর্ম্মিমত্তাংশ কপাটবৎ কার্য্যসম্পাদকপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা তাহারদের তৎসংজ্ঞা করিয়াছেন।

॥৬॥ ঐ আমাশয়ের অন্তঃপর্দা নিষ্ঠীবের ন্যায় এক প্রকার নির্যাসেতে সর্ব্বদা আর্দ্রভাবে থাকে ব্যবচ্ছেদকেরা ঐ নির্যাসের উদরনির্যাসসংজ্ঞা করিয়াছেন। কোনোং ব্যবচ্ছেদকেরা অনুমান করিয়াছেন যে ঐ নির্যাস শিরাপদার্থক ত্বচ্মধ্যস্থিত অতি সূক্ষ্মং মাংসগ্রন্থিতে নির্ম্মিত হয়* এবং ঐ মাংসগ্রন্থির প্রক্ষেপক প্রণালীসমস্ত মকমলবস্ত্রবত্ত্বচ্পার্শ্বেতে নির্গত হয়।

॥৭॥ ঐ আমাশয়ের রক্তপ্রবাহকনাড়ী অর্থাৎ উদরনির্যাসোৎপাদকনাড়ী প্রায়সমস্ত অক্ষান্তস্থ নাড়ীহইতে উৎপন্ন হয় এবং আমাশয়ের কতগুলি রক্তাবাহিকানাড়ী প্লীহস্থ নাড়ীতে এবং অন্যং রক্তাবাহক নাড়ীসকল দ্বারনামক রক্তাবাহক নাড়ীতে প্রবেশ করে এবং ঐ আমাশয়ের শিরাসমস্ত অষ্টমযুগ্মশিরাহইতে অর্থাৎ চঞ্চলনামক যুগ্মশিরাহইতে উৎপন্ন হয়।

॥৮॥ আমাশয়ের পর্দাচতুষ্টয়বিষয়ে ব্যবচ্ছেদকেরা যাহা

* হেম্বরনামক ব্যবচ্ছেদক ঐ মাংসগ্রন্থিবিষয়ে কহিয়াছেন যে ঐ মাংসগ্রন্থি শূকরেতে অনায়াসে দৃশ্য কিন্তু মনুষ্যোতে অতিদুর্দৃশ্য তদ্ভিন্ন অনেকং ব্যবচ্ছেদকেরা ঐ মাংসগ্রন্থির আকার নির্ণয় করিয়াছেন কিন্তু অদ্যাপি মনুষ্যের আমাশয়ে স্থিত যেং মাংসগ্রন্থি সে সকল যথার্থরূপে নিশ্চিত হয় নাই এবং ইদানীন্তন ব্যবচ্ছেদকেরা প্রায়সকলে অনুমান করিয়াছেন যে ঐ উদরনির্যাস আমাশয়ের শোচকনাড়ীহইতে নির্গত হয়।

নি য় করিয়াছেন তাহা আহারাদিপ্রণালীবিষয়েও সত্য যেহেতুক ঐ আমাশয়ের ন্যায় গল এবং অন্ত্র পর্দাচতুষ্টয়েতে নির্ম্মিত।

॥ ৯॥ আহারাদিপথের নিদর্শন দেওনের পূর্ব্বে এবং আমাশয়ের পৃথক্২ কার্য্য বিস্তারপূর্ব্বে আহারাদিজীর্ণবিষয়ে সাহায্যকারী অন্য২ অংশের নিদর্শনদেওন অতিপ্রয়োজনার্হ।

## তৃতীয় খণ্ডের চতুর্থাধ্যায়।

### দ্বিনবতিতম প্রকরণ।

#### গলের নিদর্শন।

॥১॥ ঐ গল ত্বচ্পদার্থিকা এবং মাংসপেশীপদার্থিকা প্রণালী বৎ হইয়া মুখের মধ্যাধোংশহইতে আরব্ধ হইয়া আমাশয় স্থোর্দ্ধদ্বারপর্য্যন্ত গতি করে। ঐ গলের ঊর্দ্ধাংশস্থানে আহারাদি গৃহীত হয় সেই স্থান ধূর্ত্তপুষ্পাকৃতিপ্রযুক্ত তাহার ধূর্ত্তপুষ্প নাম হইয়াছে।

॥ ২॥ পরে ঐ গল আমাশয়স্থোর্দ্ধদ্বারাবধি পৃষ্ঠাবর্ত্তকের নিকটবর্ত্তী হইয়া ব্যবধায়কপর্য্যন্ত গতি করিয়া তন্মধ্যস্থিত এক ছিদ্রেতে প্রবিষ্ট হইয়া একাদশ কিম্বা দ্বাদশ পৃষ্ঠাবর্ত্তকসমীপে আমাশয়ে অস্ত হয়।

॥ ৩॥ গলের রক্তপ্রবাহক বহিঃস্থ নাড়ীদ্বারা এবং নলস্থ রক্ত প্রবাহক নাড়ীদ্বারা এবং পর্শুকামধ্যবর্ত্তূর্দ্ধস্থ রক্তপ্রবাহক নাড়ী দ্বারা ঐ গল প্রাচুর্য্যরূপে প্রতিপালিত হয় ঐ গলের সমস্ত রক্তাবাহক

নাড়ী অযুগ্মনামিকা এবং কণ্ঠান্তরস্থা এবং স্তনস্থরক্তবাহিকা ইত্যাদি নাড়ীতে স্বস্বরক্তক্ষেপণ করে।

॥ ৪ ॥ ঐ গলের প্রায় সমস্ত শিরা অষ্টম যুগ্মশিরাহইতে উৎপন্ন হয়।

॥ ৫ ॥ গলের মধ্যে একপ্রকার নির্যাস নির্গত হইয়া গলের তাবদন্তঃপার্শ্বকে স্নিগ্ধভাবে রাখে এবং আহারগিলনবিষয়ে সাহায্য করে তাহাতে অনুমান হয় যে ঐ নির্যাস আহারাদিপ্রণালীতে স্থিত অন্য নির্যাসবৎ অতিক্ষুদ্র২ মাংসগ্রন্থিদ্বারা নির্ম্মিত হয়।

## তৃতীয় খণ্ডের পঞ্চমাধ্যায়।

### ত্রিনবতিতম প্রকরণ।

#### অন্ত্রের নিদর্শন।

॥ ১ ॥ অন্ত্র প্রণালীবৎ এবং যে গাত্রাংশে স্থিতি করে তাহা হইতে ষড়্গুণ দীর্ঘ। ঐ প্রণালী আমাশয়ের অধোদ্বারাবধি গুহ্যদ্বারপর্য্যন্ত গতি করে।

॥ ২ ॥ অত্যনায়াসে অনুমান হয় যে অন্ত্রের ন্যায় ঐ মত দীর্ঘ বস্তু ঐ প্রকার সংকীর্ণোদরমধ্যে অন্যান্যাংশের সহিত স্থিতার্থে উপর্য্যুপরি উর্ম্মিমত্তরূপে না থাকিলে স্থিতি করিতে পারে না।

॥ ৩ ॥ যেরূপ কহিয়াছি তদ্রূপ ঐ অন্ত্র কেবল একই দীর্ঘপ্রণালীবৎ কিন্তু ব্যবচ্ছেদকেরা তাহার পৃথক্২ অংশের পৃথক্২ সংজ্ঞা করিয়াছেন।

॥ ৪ ॥ প্রথমতঃ ব্যবচ্ছেদকেরা অংশদ্বয় করিয়া অন্ত্রের সংজ্ঞা করিয়াছেন অর্থাৎ ক্ষুদ্রান্ত্র এবং স্থূলান্ত্র তাহার মধ্যে ক্ষুদ্রান্ত্র আমাশয়াবধি আরব্ধ হইয়া স্থূলান্ত্রপর্য্যন্ত এবং ঐ স্থূলান্ত্র ক্ষুদ্রান্ত্রে আরব্ধ হইয়া গুহ্যদ্বার প্রতি অধোগামি হইয়া অন্তপ্রাপ্ত হয়।

॥ ৫ ॥ ঐ অংশদ্বয়ের এক২ অংশ পুনঃকৃতাংশ হইয়াছে অর্থাৎ ক্ষুদ্রান্ত্রের দ্বাদশাঙ্গুল্যান্ত্র এবং শূন্যান্ত্র এবং বহুবক্রান্ত্রসংজ্ঞা করিয়া স্থূলান্ত্রের অন্ধান্ত্র এবং আনিস্থূলান্ত্র এবং সরলান্ত্র এই ক্রমে সংজ্ঞা করিয়াছেন।

॥ ৬ ॥ তাহার মধ্যে ক্ষুদ্রান্ত্রসমস্ত উদরের মধ্যে এবং পুরোংশে স্থিতি করে এবং স্থূলান্ত্র উদরপার্শ্বে এবং উদরোর্দ্ধে এবং অধোংশে স্থিতি করে।

॥ ৭ ॥ ঐ নির্ণীতান্ত্রাংশের মধ্যে দ্বাদশাঙ্গুল্যান্ত্র প্রথমান্ত্র হয় এবং তাহা দ্বাদশাঙ্গুলিপ্রমাণ দীর্ঘপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা তাহার তৎসংজ্ঞা করিয়াছেন। ঐ দ্বাদশাঙ্গুলান্ত্র আমাশয়ের অধোদ্বারে আরব্ধ হইয়া শূন্যান্ত্রে অন্তপ্রাপ্ত হয় ঐ শূন্যান্ত্রনামকান্ত্র অন্যান্ত্রাংশাপেক্ষা সর্ব্বদা শূন্যভাবে থাকে তাহাতে ব্যবচ্ছেদকেরা তাহার তৎপ্রকারক সংজ্ঞা করিয়াছেন।

॥ ৮ ॥ তৎপরে বহুবক্রান্ত্রনির্ণয় করি ঐ বহুবক্রান্ত্র দ্বাদশাঙ্গুলান্ত্র এবং শূন্যান্ত্র এই উভয়াপেক্ষা দীর্ঘপ্রযুক্ত এবং উপর্য্যুপরি ঊর্ম্মিমত্তারূপে স্থিতিপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা তাহার তৎসংজ্ঞা করিয়াছেন। ঐ বহুবক্রান্ত্রের বৃহদূর্ম্মিমত্তাংশ অন্ধান্ত্র নামে প্রথম স্থূলান্ত্রাচ্ছাদন করিয়া থাকে ঐ বৃহদূর্ম্মিমত্তাংশ যাহা কোনো২

ব্যবচ্ছেদকেরা আদিস্থূলান্ত্রের অংশ অনুমান করিয়াছেন তাহা।* অঙ্গুলিচতুষ্টয়প্রমাণপ্রশস্ত এবং প্রায় তদ্রূপ দীর্ঘ এক কোষবৎ হইয়া তাহাতে বহিঃপার্শ্বে অন্ধান্ত্রসংলগ্নাংশনামক এক ক্ষুদ্রাংশ সংলগ্ন থাকে।

॥ ৯ ॥ ঐ অন্ধান্ত্র উদরদক্ষিণপার্শ্বে কটিদেশে স্থিতি করে এবং অন্যান্ত্রাপেক্ষা স্থূলাকৃতি হইয়া আদিস্থূলান্ত্রে অন্ত পায়।

॥ ১০ ॥ ঐ আদিস্থূলান্ত্র দক্ষিণপার্শ্বস্থ মেটিয়ার প্রতি ঊর্দ্ধগামি হইয়া তৎসহিত সংলগ্নভাবে থাকে পরে যকৃতের উত্তানপার্শ্বাধোংশ হইয়া এবং আমাশয়ের অধোদিগ্ হইয়া প্লীহার প্রতি গতি করিয়া তাহার সহিত সংযুক্তহওনানন্তর বামপার্শ্বস্থ মেটিয়ার সহিত সংযুক্ত হইয়া কশেরুকামূলের প্রতি গমন করে পরে সেই স্থানহইতে সরলরূপে গতিকরণপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা ঐ অংশের সরলান্ত্রসংজ্ঞা করিয়াছেন।

॥ ১১ ॥ আদিস্থূলান্ত্রের তাবদ্দৈর্ঘ্যমাংশগামিবন্ধনীবদংশ ত্রয় আছে ঐ বন্ধনীবদংশত্রয় স্থূলান্ত্রের অন্তঃপর্দাদ্বয়াপেক্ষা খর্ব্ব তদ্দ্বারা আদিস্থূলান্ত্রের মধ্যপার্শ্বে স্থিত ভাঁজস্বরূপ ঊর্ম্মিমন্তাংশ বর্দ্ধিত হয়।

॥ ১২ ॥ সরলান্ত্রের অন্ত্যাংশে অর্থাৎ গুহ্যদ্বারেতে মাংসপেশী

* অন্ত্রাংশের এ রূপ পৃথক২ সংজ্ঞাকরণবিষয়ে ব্যবচ্ছেদকেরা ভিন্ন২ মত হইয়াছেন কিন্তু যেমত এই স্থানে নির্দিষ্ট সেমত এইক্ষণে প্রায় সর্ব্বত্রগ্রাহ্য। কোনো২ ব্যবচ্ছেদকেরা ঐ অন্ধান্ত্রস্থ ক্ষুদ্রসংলগ্নাংশের কেবল অন্ধান্ত্রসংজ্ঞা করিয়াছেন এবং কোনো২ ব্যবচ্ছেদকেরা ঐ ক্ষুদ্র সংলগ্নাংশের কিঞ্চুলুকাকৃতিপ্রযুক্ত কিঞ্চুলুকাকৃতি সংলগ্নাংশসংজ্ঞা করিয়াছেন।

ত্রয় আছে তাহার মধ্যে এক মাংসপেশী বলয়াকৃতি তন্তুতে কৃত প্রযুক্ত ... গুহ্যদ্বাররুদ্ধকরণপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা তাহার গুহ্যসঙ্কোচক বলয়সংজ্ঞা করিয়াছেন।

॥ ১৩ ॥ গুহ্যের অন্য মাংসপেশীদ্বয়ের গুহ্যদ্বারোত্তোলক মাংসপেশীসংজ্ঞা করিয়াছেন যেহেতুক তাহারা গুহ্যদ্বারোত্তোলন করে। যখন ঐ গুহ্যোত্তোলক মাংসপেশীদ্বয় পক্ষাঘাত পীড়াপ্রযুক্ত কিম্বা অন্য কোনো পীড়াপ্রযুক্ত স্বস্বসঙ্কোচনশক্তিরহিত হয় তখন গুহ্যদ্বার বহির্নির্গত হয় এবং যখন গুহ্যসঙ্কোচকবলয় কোনো পীড়াপ্রযুক্ত স্বশক্তিরহিত হয় তখন মলাদি অনিচ্ছাপূর্ব্বক নির্গত হয়।

॥ ১৪ ॥ ইহার পূর্ব্বে কহিয়াছি যে অন্ত্রপ্রণালী তাহার পর্দাচতুষ্টয়ের তাবদ্দ্বারামাতে কৃত কিন্তু এই স্থানে কথ্য যে আমাশয়ে যে মত সেমত অন্ত্রের অন্তঃস্থ দুইপর্দা বহিঃস্থ পর্দাদ্বয়াপেক্ষা বড় তাহাতে অন্ত্রের অন্তঃপার্শ্বস্থ ভাঁজরূপ ঊর্ম্মিমত্তাংশ কৃত হয় ব্যবচ্ছেদকেরা ঐ ঊর্ম্মিমত্তাংশের সংবেদনভাঁজ সংজ্ঞা করিয়াছেন।

॥ ১৫ ॥ কোনোং ব্যবচ্ছেদকেরা অনুমান করিয়াছেন যে ঐ ভাঁজবদূর্ম্মিমত্তাংশ আহারহইতে অন্নরসকে পৃথক্করণসময়ানুরোধে মলগতিনিবারণ করে কিন্তু অন্য ব্যবচ্ছেদকেরা অন্য প্রকার অনুমান করিয়া কহিয়াছেন যে ঐ কপাটবদূর্ম্মিমত্তাংশ অধোমুখ প্রযুক্ত মলের অধোগতিনিবারণ করিতে পারে না কিন্তু তৎপ্রত্যাগমন নিবারণ করে।

॥ ১৬ ॥ কিন্তু ব্যবচ্ছেদকেরা তদ্ভাঁজবদংশবিষয়ে যাহা কহিয়াছেন কহন অনুমান হয় যে সেগুলি অন্য কোনো কার্য্যসম্প

ন্নার্থে নিযুক্ত হইয়াছে যেহেতুক ঐ ভাঁজবদূর্ম্মিমত্তাংশ অধো মুখগামী হইলেও তথাপি তদ্দ্বারা অন্ত্রপ্রণালীতে যেং সমান স্থান কৃত হয় সেইং স্থান মলের অধোগতিনিবারণসমর্থ হইতে পারে এবং তদ্দ্বারা অন্নরসশোষণার্থে অধিকস্থান কৃত হয় এবং সেই অংশসকলের অধোমুখস্থিতিপ্রযুক্ত তদ্দ্বারা আহারাদির প্রত্যাগমন নিবারিত হইতে পারে।

॥ ১৭ ॥ ঐ সংনেদনভাঁজবদংশভিন্ন আদিস্থূলান্ত্রের কপাট নামে সকলহইতে বড় অন্যএক ভাঁজবদংশ আছে ঐ অংশ যে স্থানে বহ্বক্রান্ত্র আদিস্থূলান্ত্রের সহিত সংযুক্ত হয় সেই স্থানে স্থিতি করে। ঐ কপাটবদংশ আহারাদিকে অধোদিগে গতিকরণে নিবারণ করে না কিন্তু প্রত্যাগমনসময়ে বারণ করে তাহাতে গুহ্য দ্বার দিয়া ঔষধাদি প্রক্ষেপকরণসময়ে ঐ কপাটবদংশজন্যে ঔষধাদি ক্ষুদ্রান্ত্রে প্রবিষ্টহওনবিষয়ে নিবারিত হয়*।

॥ ১৮ ॥ অন্ধান্ত্রের কিঞ্চুলুকাকৃতি ক্ষুদ্র সংলগ্নাংশবিষয়ে কেবল ইহা কহা যায় যে তাহারদের কার্য্য অদ্যাপি কেহ জ্ঞাত হইতে পারে নাই। পক্ষির অন্ত্রেতেও ঐ প্রকার অংশদ্বয় থাকে।

॥ ১৯ ॥ অন্ত্র সমস্ত এক প্রকার নির্য্যাসেতে সর্ব্বদা আর্দ্রভাবে থাকে তাহাতে অনুমান হয় যে ঐ নির্য্যাস অনেক ক্ষুদ্রং বুদ্বুদ

* কার্য্যদ্বারা আমরা জ্ঞাত আছি যে প্রক্ষিপ্তৌষধাদির ক্ষুদ্রান্ত্রেতে গমনবিষয় ঐ কপাটবদংশ সর্ব্বদা নিবারণ করে না যেহেতুক কখনোং ঐ প্রক্ষিপ্তবস্তু মুখেতে নির্গত হয় কিন্তু তাহা কদাচিৎ হয়।

দংশেতে নির্ম্মিত আছে *। ঐ নির্য্যাসেতে আহারাদির অধোগতি অত্যনায়াসে হয় এবং ঐ নির্য্যাস না থাকিলে আহারাদিদ্বারা অন্ত্রের অন্তঃপার্শ্ব যেং পীড়নপ্রাপ্ত হয় তাহা ঐ নির্য্যাস নিবারণ করে যেহেতুক আহারাদিদ্বারা অন্ত্রের পার্শ্ব অধিক পীড়াপ্রাপ্ত হইলে শূল নামে রোগ জন্মে।

॥ ২০ ॥ কখনং অন্ত্র বায়ুতে স্ফীত হয় তাহা হইলে পীড়া জন্মে ব্যবচ্ছেদকেরা ঐ পীড়াকে বাতশূল কহিয়াছেন।

॥ ২১ ॥ অন্ত্রেতে যেং রক্তপ্রবাহক নাড়ী স্থিতি করে সে গুলি মধ্যান্ত্রত্বচস্থ রক্তপ্রবাহক নাড়ীর শাখাকৃতিদ্বয় হইয়া হৃৎপ্রবাহক নাড়ীহইতে উৎপন্ন হয়। অপর রক্তের বহুলাংশ হৃদ্দ্বারনামক রক্তাবাহক নাড়ীতে পরাবৃত্ত হয়।

॥ ২২ ॥ সরলান্ত্রেতে যেং রক্তাবাহক নাড়ী স্থিতি করে ব্যবচ্ছেদকেরা সে সকলের অর্শোনাড়ীসংজ্ঞা করিয়া অন্তরর্শ এবং বহিরর্শ সংজ্ঞা করিয়াছেন তাহার মধ্যে অন্তরর্শোনাড়ী অন্ত্রমধ্যবর্ত্তিত্বচস্থ অধোরক্তাবাহক নাড়ী জানিবেন কিন্তু বহিঃস্থ অর্শোনাড়ী

* কোনোং ব্যবচ্ছেদকেরা বুদ্বুদমাংসগ্রন্থির কঙ্কণগ্রন্থি এবং মসূরবৎগ্রন্থি ইত্যাদি সংজ্ঞা করিয়াছেন। ব্রুনর এবং পেয়েরনামে ব্যবচ্ছেদকেরা অন্ত্রের মাংসগ্রন্থিবিষয়ে প্রথম রচনা করিয়াছিলেন তাঁহারা ঐ মাংসগ্রন্থিবিষয়ে যেং নিদর্শন দিয়াছিলেন সে সকল পশুর অন্ত্রের মাংসগ্রন্থি দেখিয়া দিয়াছিলেন যেহেতুক মনুষ্যের অন্ত্রে স্থিত ঐ প্রকার মাংসগ্রন্থিকার্য্যবিষয়ে অদ্যাপি কেহ কিছু নিশ্চয় কহিতে পারেন নাই। কিন্তু ইদানীন্তন এই এক বিষয় প্রায় সর্ব্বগৃহীত হইয়াছে যে যে নির্য্যাস অন্ত্রের অন্তঃপার্শ্বকে সর্ব্বত্র আর্দ্রভাবে রাখে তাহা রক্তপ্রবাহকনাড়ীর অতিসূক্ষ্মং অগ্রহইতে নির্গত হয় এবং ঐ অগ্রসমস্ত অতিক্ষুদ্রং শূন্যবুদ্বুদেতে প্রবেশ করে ঐ বুদ্বুদহইতে কৃত অনেক অগ্রের নির্য্যাস একত্র হইয়া এক সামান্যদ্বার দিয়া নির্গত হয়।

অন্যং রক্তাবাহক নাড়ীতে প্রবেশ করে। কখনোং ঐ রক্তাবাহক নাড়ীতে কোনো দ্রব্য বদ্ধরূপে স্থিতিপ্রযুক্ত কিম্বা অন্যং কোন কারণ প্রযুক্ত সে নাড়ী সকল রক্তেতে স্ফীত হয় তাহাতে অর্শোরোগ জন্মে কখনো বা অর্শোরোগগ্রস্ত মনুষ্যেতে ঐ রক্তাবাহক নাড়ী ফাটে তাহাতে করিয়া ঐ নাড়ীহইতে রক্ত স্রবে।

॥২৩॥ অন্ত্রের শিরাসমস্ত অষ্টম যুগ্মশিরাহইতে নির্গত হয়।

## তৃতীয় খণ্ডের ষষ্ঠোধ্যায়।

### চতুর্নবতিতম প্রকরণ।

মধ্যান্ত্রত্বচের নিদর্শন।

॥১॥ ঐ মধ্যান্ত্রবর্ত্তি ত্বচের সংজ্ঞাতে জানা যায় যে তাহা অন্ত্র মধ্যবর্ত্তি স্থলেতে স্থিতি করে বাস্তব ঐ মধ্যান্ত্রত্বচ্ অন্ত্রবেষ্টের কিয় দংশ হয় এবং কট্যাবর্ত্তকের উভয়পার্শ্বস্থ অন্ত্রবেষ্টের এক ভাঁজ রূপে স্থিতি করে * তাহাতে ঐ মধ্যান্ত্রত্বক্ কট্যাবর্ত্তকেতে অতিদৃঢ়

---

* ব্যবচ্ছেদগ্রন্থে ত্বচের ভাঁজের বিষয় যে ব্যক্তি পাঠ করে অন্ত্রবেষ্ট এবং বক্ষওদর বেষ্ট কি প্রকারে অম্বোদরস্থিতাংশের উপরি ভাঁজস্বরূপ পরাবৃত্ত হয় তদ্বিষয়ে তাঁহার অনুমান করা অতিদুঃসাধ্য যেহেতুক ঐ দুই ত্বচের মধ্যে যেমত এক ত্বচ্ বক্ষওদরের কার্য্য সম্পাদিকা তেমন অন্য ত্বচ্ উদরের কার্য্যসম্পাদিকা। ঐ দুই ত্বচের যে এই রূপ ব্যবস্থা তাহা ইদানীন্তন ব্যবচ্ছেদকেরা প্রথমতঃ জ্ঞাত হইয়াছিলেন এবং ব্যবচ্ছেদবিদ্যায় তাহা অত্যা শ্চর্য্য কিন্তু এই গ্রন্থে ঐ দুই ত্বচের বিষয়ে যাহা সংক্ষেপরূপে লিখিত আছে তদ্ব্যতিরিক্ত এবং মনুষ্যের শব স্বহস্তদ্বারা ছেদকরণব্যতিরিক্ত এবং অন্য গ্রন্থের দ্বারা অধিক জ্ঞাত না হইলে ব্যবচ্ছেদবিদ্যাভ্যাসকেরা প্রজ্ঞ হইতে পারেন না। কিন্তু এই স্থানে সংক্ষেপে কহি যে যদ্যপি ব্যবচ্ছেদবিদ্যাভ্যাসকেরা মধ্যান্ত্রত্বচকে একপার্শ্বে কট্যাবর্ত্তকের সহিত সং যুক্ত এবং অন্যপার্শ্বে অন্ত্রের সহিত সংযুক্ত এই এক বিষয় মনে রাখেন তবে তাহা প্রচুর।

রূপে সংলগ্ন হইয়া মধুকোষবত্তচদ্বয়দ্বারা একত্র সংলগ্নীকৃত দুই পর্দাতে নির্ম্মিত হয়।

॥ ২ ॥ অন্ত্রসমস্ত আপন পৃথকং বক্রস্থানে ধনুরাকৃতি ধারণ করে সেই সকল ধনুরাকৃত্যংশে মধ্যান্ত্রত্বচ্ তদ্বক্রতানুগামি হয় কিন্তু অন্ত্রের প্রত্যেক ধনুরাকৃত্যধোংশে সংলগ্নপ্রযুক্ত ঐ মধ্যান্ত্রত্বচ্ অন্ত্রের তাবদ্দ্রাঘিমাংশত্রয়ের কেবল একাংশ দীর্ঘ জানিবেন।

॥ ৩ ॥ মধ্যান্ত্রত্বচের যেং অংশ ক্ষুদ্রান্ত্রানুগামি ব্যবচ্ছেদকেরা তাহার কেবল মধ্যান্ত্রসংজ্ঞা করিয়াছেন কিন্তু অন্যাংশ যাহা আদিস্থূলান্ত্রের এবং সরলান্ত্রের সহিত সংযুক্ত তাহার আদিস্থূলান্ত্রযুক্ত এবং সরলান্ত্রযুক্ত মধ্যান্ত্রত্বচ্সংজ্ঞা করিয়াছেন।

॥ ৪ ॥ ঐ মধ্যান্ত্রত্বচ্ আবর্ত্তকের সহিত সংলগ্নপ্রযুক্ত অন্ত্র সমস্ত স্বস্বস্থানে স্বচ্ছন্দরূপে স্থিতি করে। পূর্ব্বে ব্যবচ্ছেদকেরা শূল রোগবিষয়ে অনুমান করিয়াছিলেন যে তাহা অন্ত্রের পরস্পরপাক পড়নেতে হয় কিন্তু সে ভ্রমমাত্র যেহেতুক মধ্যান্ত্রের সহিত সংলগ্ন হওয়াতে অন্ত্র স্বস্বস্থানচ্যুত হইয়া অন্যের সহিত গ্রথিত হইতে পারে না কিন্তু সে যাহা হউক কখনোং অন্ত্রপ্রণালীতে পাক পড়ে অর্থাৎ এক অন্ত্র অন্যান্ত্রাভ্যন্তরে গৃহীত হয় তাহাতে কখনোং অনেক ব্যামোহ জন্মে এবং কখনোবা মৃত্যু হয়।

॥ ৫ ॥ অন্ত্রে ঐ প্রকার পাকপড়নজন্যে যদি তাপ উৎপন্ন হইয়া বৃদ্ধি পায় তবে অন্ত্র ক্রমেং ঐ স্থানে [illegible] হয় তাহাতে অন্ত্রের কিঞ্চুলুকবদধোদিগে ক্রীড়া অর্থাৎ যৎক্রীড়াদ্বারা মল নির্গত হয় তাহা পরাবৃত্ত হইয়া বহবক্রান্ত্রযন্ত্রণানামক শূলবিশেষ রোগ

জন্মে। তদ্ভিন্নও উদরমধ্যে যেং অংশ স্থিতি করে অর্থাৎ অন্ত্র কিম্বা অন্ত্রবেষ্ট তাহারা এক কিম্বা দ্বয় একত্র হইয়া মুষ্কেতে অধোগামি হইলে তদ্রূপ রোগ জন্মে শেষকথিত রোগকে কুরণ্ড বলে যেহেতুক কুরণ্ড রোগেতে অন্ত্র কিম্বা অন্ত্রবেষ্ট মুষ্কেতে অধোগামি হয়।

॥ ৬ ॥ কুরণ্ড রোগেতে অন্ত্র কিপ্রকারে মুষ্কেতে পতিত হয় তদ্বিষয়ে এস্থানে কিঞ্চিৎ কথনোপযুক্ত। ঐ কুরণ্ডরোগেতে তের্চাগামি বহিঃস্থনামক মাংসপেশীর স্নায়ুবদংশের অধোংশ কট্যস্থির পুরোভাগাবধি অর্থাৎ শ্রোণিফলকাস্থির পুরোভাগাবধি উপস্থাস্থিপর্য্যন্ত বিস্তৃত হইয়া তদ্দারা পুপার্ত্ত কিম্বা ফালোপিয়স্ নামে বন্ধনীকৃত হওয়াতে এক ছিদ্র কৃত হয়। ঐ ছিদ্রমধ্য দিয়া উর্দ্ধস্থিত্ রক্তাবাহক এবং রক্তপ্রবাহক নাড়ী গতি করে পরে উপস্থাস্থিসমীপে ঐ বন্ধনীবত্তন্তুসমস্ত বিভিন্নীকৃত হইয়া তদ্দারা শরীরের উভয় পার্শ্বে উদরবলয় নামে ছিদ্র কৃত হয় ঐ ছিদ্র দিয়া পুরুষেতে রেতোনাড়ী এবং স্ত্রীতে জরায়ুবন্ধনী গতি করে। কথনোং অসঙ্গত শ্রম করিলে কিম্বা কথনোং স্বাভাবিক কারণেতে অন্ত্র ঐ ছিদ্রের মধ্যদিয়া গতি করে এবং গতিকালে অন্ত্রবেষ্ট ঐ অন্ত্রকে বেষ্টন করিয়া অন্ত্রের সহিত অধোগামি হয়। মুষ্কেতে অন্ত্র গমনসময়ে অনুমান হয় যে ঐ অন্ত্রবেষ্ট বহুসংমর্দ্দন প্রাপ্তি জন্যে ছিন্ন হয় কিন্তু তাহা নয় যেহেতুক অন্ত্রবেষ্ট অতিশয় বিস্তৃত হওনসামর্থ্যেতে কোষের ন্যায় অন্ত্রকে বেষ্টন করিয়া মুষ্কেতে প্রবিষ্ট হয় তাহাতে ব্যবচ্ছেদকেরা ঐ কোষের কুরণ্ডকোষসংজ্ঞা করিয়াছেন।

॥ ৭ ॥ অন্ত্র যদি পুপার্ত্ত নাম বন্ধনীর অধোদিগে নির্গত হয়

তবে তাহার উরুস্থ কুরণ্ড এবং যদি কটিদেশে হয় তবে উদরাধো দেশস্থ কুরণ্ড * এবং যদি মুষ্কেতে হয় তবে মুষ্ককুরণ্ড এই ক্রমে ব্যবচ্ছেদকেরা কুরণ্ডের বিশেষ২ সংজ্ঞা করিয়াছেন। তদ্ভিন্ন ও কুরণ্ড স্বস্বকোষেতে স্থিতদ্রব্যানুসারে কুরণ্ডের পৃথক২ সংজ্ঞা করিয়াছেন অর্থাৎ অন্ত্রবেষ্ট যদি একদা অধোগামি হয় কিম্বা অন্ত্র এবং অন্ত্রবেষ্ট এই উভয় যদি একদা অধোগামি হয় তদনুসারে তাহারদিগের পৃথক২ সংজ্ঞা করিয়াছেন কিন্তু সেই সমস্ত ভেদ অস্ত্রচিকিৎসাগ্রন্থে পৃথক২রূপে ব্যাখ্যার্হপ্রযুক্ত এই গ্রন্থে তদ্বিষয়ে অধিক কথন অনুপযুক্ত।

## তৃতীয় খণ্ডের সপ্তমাধ্যায়।

### পঞ্চনবতিতম প্রকরণ।

#### বৃক্কের নিদর্শন।

॥১॥ দীর্ঘ গোলবৎ একত্রীভূত মাংসগ্রন্থিময় ঐ বৃক্ক কটিস্থ প্রথমাবর্ত্তকাভিমুখ হইয়া আমাশয়ের অধোংশের পশ্চাদ্দিগে স্থিতি করে। ঐ বৃক্কের আকৃতি কুক্কুরজিহ্বার ন্যায় তাহার একাগ্র প্লীহার প্রতি বিস্তৃত এবং অন্যাগ্র আদিস্থূলান্ত্রের প্রতি বিস্তৃত ঐ বৃক্ক অষ্টাঙ্গুল দীর্ঘ এবং অঙ্গুলিত্রয় প্রস্থ এবং একাঙ্গুলপ্রমাণ স্থূল।

* অন্ত্রযুক্তগ্রন্থি কুরণ্ডের বিবরণ এই স্থানে ব্যাখ্যা না করিয়া পুরুষের উপস্থাংশের ব্যাখ্যাস্থানে ব্যাখ্যা করিব যেহেতুক ঐ রোগের ঐ সকল অংশের সহিত অতিশয় নিকটসম্পর্ক জানিবেন।

॥ ২ ॥ ঐ বৃক্কক হরিদ্বর্ণ এবং কখনোং কিঞ্চিদ্রক্তবর্ণ হয় এবং অন্ত্রবেষ্টহইতে উৎপন্ন এক ত্বচেতে আবৃত থাকে। ঐ বৃক্ককের রক্তপ্রবাহক নাড়ী ক্ষুদ্র কিন্তু অনেক এবং প্রায় সর্ব্বদা প্লীহস্থ এবং যকৃৎস্থ রক্তপ্রবাহক নাড়ীহইতে উৎপন্ন হয় এবং তদ্রক্তাবাহক নাড়ী কথিতাংশদ্বয়ের রক্তাবাহক নাড়ীতে প্রবিষ্ট হয় এবং তচ্ছিরাসমস্ত পর্শুকামধ্যবর্ত্তি শিরাহইতে উৎপন্ন হয়।

॥ ৩ ॥ ঐ বৃক্কক অনেক ক্ষুদ্রং মাংসগ্রন্থিতে নির্ম্মিত এবং ঐ সংলগ্নীভূত মাংসগ্রন্থিসমস্তের সাহায্যদ্বারা বৃক্ককরসনামক এক প্রকার রস উৎপন্ন হয়। ঐ রস বর্ণেতে এবং গাঢ়ত্বেতে এবং অন্যং পদার্থেতে অনুমান হয় যে তাহা নিষ্ঠীবহইতে বহুভিন্ন পদার্থ নয়। ঐ সংলগ্ন প্রত্যেক মাংসগ্রন্থিহইতে একং প্রক্ষেপক প্রণালী নির্গতা হয় পরে ঐ প্রক্ষেপক প্রণালী অন্যং প্রক্ষেপক প্রণালীর সহিত সংযুক্তা হইয়া তাহাতে অন্যং বৃহৎ প্রণালী কৃত হয় পরে ঐ সমস্ত প্রণালী এক বৃহৎ প্রক্ষেপক প্রণালীবৎ হইয়া বৃক্ককের মধ্যাংশ দিয়া গতি করে। ঐ প্রণালী ১৬৪২ শালে বির্ত্সঙ্গস্ নামে ব্যবচ্ছেদককর্তৃক প্রথমতঃ দৃষ্টপ্রযুক্ত ইদানী বির্ত্সঙ্গস্ প্রণালী নামে প্রসিদ্ধ আছে। ঐ প্রণালী দ্বাদশাঙ্গুলান্ত্রেতে প্রবিষ্ট হয় এবং কখনোং পিত্তপ্রণালীর সহিত এবং কখনোং পৃথক ছিদ্র দিয়া দ্বাদশাঙ্গুলান্ত্রেতে প্রবিষ্ট হয় ঐ প্রণালী দিয়া যে রস নির্গত হয় তাহা অহিংসক এবং আস্বাদরহিত হওয়াতে তদ্দ্বারা অন্ত্রমধ্যবর্ত্তি আহারাদি আর্দ্রভাবে রক্ষিতপ্রযুক্ত সেই আহারাদি পিত্তের সহিত অনায়াসে মিশ্রিত হয়।

## তৃতীয় খণ্ডের অষ্টমাধ্যায়।

### ষষ্ঠবতিতম প্রকরণ।

#### যকৃতের নিদর্শন।

॥ ১ ॥ ঐ যকৃৎ বৃহদাকার এবং রক্তবর্ণ ঐ যকৃতের যে অংশ পর্শ্বকাধঃস্থিত এবং ব্যবধায়কাধঃস্থিত তাহা উর্দ্ধে এবং পুরোংশে ন্যুব্জাকৃতি এবং পশ্চাৎপার্শ্বে অসমানাকার ঐ যকৃতের প্রায়সর্ব্বাংশ দক্ষিণোপপর্শুকাধোদেশে এবং উপপর্শুকার অধঃস্থানে স্থিতি করে কিন্তু তদ্ভিন্ন তাহার কিয়দংশ উদরোর্দ্ধদেশে আমাশয়পর্য্যন্ত বিস্তৃত আছে ঐ যকৃৎ অন্ত্রবেষ্টহইতে উৎপন্ন এক প্রকার ত্বচেতে আচ্ছন্ন হইয়া থাকে ঐ ত্বচের ভাঁজত্রয়দ্বারা যকৃৎ উপপর্শুকাতে বদ্ধ হয়। ব্যবচ্ছেদকেরা ঐ ভাঁজের বন্ধনীসংজ্ঞা কারিয়াছেন কিন্তু শরীরের অন্যং অংশে ব্যবচ্ছেদকেরা যেং দ্রব্যের বন্ধনীসংজ্ঞা করিয়াছেন তদ্দ্ব্যহইতে অতিভিন্ন পদার্থ। জন্মের পূর্ব্বে বালকের নাভিস্থ নাড়ী ছিদ্রময় কিন্তু জন্মের পরে তাহা কেবল বন্ধনীপদার্থ ঐ বন্ধনী যকৃতের প্রতি গতি করিয়া যকৃৎকে স্বস্থানে বদ্ধ করিয়া রাখনবিষয়ে সাহায্য করে।

॥ ২ ॥ ঐ যকৃতের পশ্চাদংশ যে স্থানে নাভিনাড়ীস্থ নাড়ীসমস্ত যকৃতেতে প্রবিষ্ট হয় সেই স্থানে যকৃৎ দলদ্বয়েতে বিভিন্নীকৃত আছে তাহার মধ্যে বৃহদ্দল দক্ষিণোপপর্শুকাধোদেশে স্থিতি করে এবং আমাশয় আচ্ছাদনকারি অন্যদলের ব্যবচ্ছেদকেরা ক্ষুদ্রদলসংজ্ঞা করিয়াছেন। অপর যেং নাড়ী যকৃতেতে প্রবিষ্ট হয় সেই সকল

পূর্ব্বকথিত দলদ্বয়ের মধ্যস্থিত খাঁজস্থানে যকৃতেতে প্রবিষ্ট হয় এবং ইংগ্লণ্ডীয় গ্লিসন্ নামে ব্যবচ্ছেদক কহিয়াছেন যে অন্ত্রবেষ্ট হইতে উৎপন্ন যে অংশ যকৃদ্বেষ্টন করিয়া থাকে সে অংশ ঐ নাড়ী সকলের সহিত যকৃন্মধ্যে প্রবিষ্ট হয় এবং কোষের ন্যায় তাহারদিগকে বেষ্টন করে তাহাতে ঐ কোষ গ্লিসন্নামক কোষেতে প্রসিদ্ধ আছে কিন্তু সে যাহা হউক অনুমান হয় যে ঐ কোষ কেবল উদরের হৃদ্দ্বারনামক রক্তাবাহক নাড়ীবেষ্টনকারী মধুকোষবত্ত্বচের কিয়দংশ।

॥ ৩ ॥ পুরাতন ব্যবচ্ছেদকেরা অনুমান করিয়াছিলেন যে যকৃৎ রক্তকে নির্ম্মাণ এবং পরিপক্ব করে কিন্তু তৎপরে অর্ব্বাচীন ব্যবচ্ছেদকেরদিগের জ্ঞানবাহুল্যেতে নিশ্চয় প্রমাণ হইয়াছে যে তাঁহারা ভ্রান্ত ছিলেন তাহাতে এইক্ষণে নিশ্চয় প্রমাণ হইয়াছে যে যকৃৎ মাংসগ্রন্থিময় তদ্দ্বারা পিত্ত নির্ম্মিত হয়।

॥ ৪ ॥ যকৃৎস্থ রক্তপ্রবাহক নাড়ী এবং হৃদ্দ্বারনামক রক্তাবাহক নাড়ী দিয়া রক্ত যকৃতেতে প্রবিষ্ট হয়। যকৃতেতে রক্তের যে ঐ প্রকার ক্রীড়নব্যবস্থা তাহা শরীরের অন্যাংশের ক্রীড়নব্যবস্থাপেক্ষা ভিন্ন জানিবেন যেহেতুক রক্তাবাহক নাড়ীদিয়া রক্তের বহুলাংশ বহিশ্চালিত হয় কিন্তু যকৃতেতে স্থিত যকৃৎস্থ নামে রক্তপ্রবাহক নাড়ী অন্ত্রস্থ রক্তপ্রবাহক নাড়ীহইতে উৎপন্ন হয় তদ্দ্বারা যকৃৎ প্রতিপালিত হয় এবং হৃদ্দ্বারনামক রক্তাবাহক নাড়ী যাহা প্রায় সমস্ত উদরের অন্ত্রস্থ রক্তাবাহক নাড়ীর সংমিলনেতে কৃত তাহা পিত্তোৎপাদক রক্ত নির্ম্মাণ করে তাহাতে নিশ্চয় জানি যে

ঐ দুই প্রকার নাড়ী ভিন্ন২ কার্য্যে নিযুক্ত হইয়াছে। অপর হৃদ্দ্বার নামক রক্তাবাহক নাড়ী শাখাকৃতি হইয়া যকৃন্মধ্য দিয়া গমন সময়ে রক্তাবাহক এবং রক্তপ্রবাহক এই উভয় পদার্থক নাড়ীর কার্য্যসম্পন্ন করে যেহেতুক ঐ হৃদ্দ্বারনামক নাড়ী রক্তপ্রবাহক নাড়ীর ন্যায় রক্তাবাহক নাড়ীর অগ্রাংশহইতে রক্ত প্রত্যাবৃত্ত করে এবং রক্তপ্রবাহক নাড়ীর ন্যায় রক্তকে অন্য দ্রবদ্রব্য নির্ম্মাণ জন্যে প্রস্তুত করে।

॥ ৫ ॥ যকৃতের শিরাসমস্ত পর্শুকামধ্যবর্ত্তিশিরার এবং চঞ্চল যুগ্মশিরার শাখা জানিবা। অপর পিত্ত যদ্বিষয়ক প্রকরণ অন্যস্থানে ব্যাখ্যা হইবে তাহা পিত্তচ্ছিদ্র নামে অতিসূক্ষ্ম২ প্রক্ষেপক নাড়ীদ্বারা যকৃৎহইতে প্রক্ষিপ্ত হয় পরে ঐ পিত্তচ্ছিদ্র বৃক্ষকের প্রক্ষেপক প্রণালীব্যবস্থানুসারে ক্রমে২ একত্র হইয়া তদ্দ্বারা অন্য এক বৃহন্নাড়ী কৃতা হয় ঐ বৃহন্নাড়ী যকৃৎপ্রণালী নামে এক বৃহৎপ্রণালীতে অন্ত পায়।

## তৃতীয় খণ্ডের নবমাধ্যায়।

### সপ্তনবতিতম প্রকরণ।

#### পিত্তকোষের নিদর্শন।

॥ ১ ॥ ঐ পিত্তকোষ নাটিমাকৃতি ত্বক্পদার্থক থৈলীবৎ এবং যকৃতের বৃহদ্দলের পশ্চাৎপার্শ্বে প্রায় অধোংশে স্থিতি করে।

॥ ২ ॥ ঐ পিত্তকোষ ত্বগ্দংশদ্বয়েতে কৃত তাহার মধ্যে বহিস্ত্বচ

অন্ত্রবেষ্টহইতে উৎপন্ন হয় এবং অন্তস্ত্বচ্ অর্থাৎ মকমলবস্ত্রবত্ত্বচ্ এক প্রকার নির্যাসদ্বারা কোষকে পিত্তের কটুত্বহইতে সুরক্ষিত করে পরে ঐ পিত্তকোষের ঐ দুই ত্বচ্ অন্য এক মধ্যকোষবত্ত্বচেতে অতিদৃঢ়রূপে সংলগ্নীভূত থাকে ঐ ত্বচ্ অতিচক্চকিয়াবর্ণপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা অনুমান করিয়াছেন যে তাহা মাংসপেশীপদার্থক।

॥৩॥ পিত্তকোষের রক্ত নাড়ীসমস্ত যকৃৎস্থ রক্তবাহক নাড়ী হইতে উৎপন্না হয় ঐ যকৃৎস্থ রক্তপ্রবাহক নাড়ীর শাখারদিগের ব্যবচ্ছেদকেরা কোষস্থ রক্তপ্রবাহক নাড়ীসংজ্ঞা করিয়াছেন ঐ কোষস্থ রক্তপ্রবাহক নাড়ীদ্বারা রক্ত পরাবৃত্ত হয়।

॥৪॥ পিত্তকোষের শিরার এবং যকৃতের শিরার একই উৎপত্তি স্থান।

॥৫॥ পিত্তকোষের গলভাগ কোষপ্রণালী নামে প্রণালীবৎ হইয়া কিঞ্চিদ্দূরগমনানন্তর নির্গত যকৃৎস্থ প্রণালীনামক প্রক্ষেপক প্রণালীর সহিত সংমিলিত হইয়া এক বৃহৎ প্রণালীর আকৃতিধারণ করে ব্যবচ্ছেদকেরা ঐ প্রণালীর পিত্তধারিকা সামান্য প্রণালীসংজ্ঞা করিয়াছেন ঐ প্রণালীর মধ্য দিয়া কোষস্থ এবং যকৃৎস্থ পিত্ত দ্বাদশাঙ্গুলান্ত্রান্তরেতে প্রবিষ্ট হয় ঐ প্রণালী দ্বাদশাঙ্গুলান্ত্রের বহিস্ত্বচ্‌কে ছিদ্র করিয়া উভয় ত্বচের মধ্যস্থানদিয়া কিঞ্চিদ্দূরগমনানন্তর অন্য ত্বচ্‌কে তের্চারূপে ছিদ্র করিয়া দ্বাদশাঙ্গুলান্ত্রে প্রবেশ করে। ঐ প্রণালীর ঐরূপ গমনব্যবস্থাতে অতিপ্রয়োজনার্হ কার্যদ্বয় সিদ্ধ হয় প্রথমতঃ তদ্দ্বারা পিত্ত বাহল্যরূপে নির্গত হয় দ্বিতীয়তঃ কোষেতে প্রত্যাবর্ত্তনবিষয়ে নিবারিত হয়।

## অষ্টানবতিতম প্রকরণ।

### পিত্তের নিদর্শন।

॥ ১ ॥　পিত্ত স্বাভাবিক দ্রবীভূত সাবনের ন্যায় কিঞ্চিৎ স্নিগ্ধ এবং তিক্ত পদার্থ এবং কিঞ্চিৎ হরিদ্বর্ণ জানিবেন তাহা জলের সহিত এবং তৈলের সহিত এবং সুরার সহিত অনায়াসে মিশ্রিত হয় এবং তদ্দ্বারা ধূপবদ্বস্তু দ্রবীভূত হয়। কাদেৎ নামে অল্পকাল গত এক ব্যবচ্ছেদক পিত্তবিষয়িকা কতগুলি পরীক্ষা করিয়াছিলেন তাহাতে অনুমান হয় যে দ্রব্যত্রয় সংমিলিত হওয়াতে পিত্তকৃত হয় বিশেষতঃ বসা এবং সমুদ্রলবণোৎপাদক সর্জ্জিকা মৃত্তিকা অর্থাৎ দুগ্ধাভ এক প্রকার লবণ এবং অম্ললৌহমিশ্রিত এক প্রকার চূর্ণজনক মৃত্তিকা।

॥ ২ ॥　পিত্তের নির্ণয়েতে পিত্ত কোন কার্য্যসম্পন্নার্থে নির্ম্মিত তাহা অত্যনায়াসে বোধ হয়*　যেহেতুক ঐ পিত্ত আহার পৃথক২ করণদ্বারা এবং চূর্ণকরণদ্বারা ভিন্ন২ আহারকে একত্র মিশ্রিত করে এবং আহারাদির যে অম্লত্বশীলতা আমাশয়ে অতিবাহুল্য হয় তন্নিবৃত্তি করে এবং ঐ পিত্ত স্বকটুত্বস্বভাবদ্বারা অন্ত্রের কিঞ্চুলুক রূপাধোগতির বাহুল্য করে।

॥ ৩ ॥　পিত্তবিষয়ে যাহা কথিত হইয়াছে তাহা বিবেচনা করিলে আমরা জানিতে পারি যে পিত্ত দুই প্রকার তাহার মধ্যে

* যকৃতের কার্য্যবিষয়ে অনবগত যে পুরাতন ব্যবচ্ছেদকেরা তাঁহারা অনুমান করিয়াছিলেন যে পিত্ত মলবৎ এক প্রকার অকর্ম্মণ্য বস্তু।

এক প্রকার পিত্ত যকৃতেতে উৎপন্ন হইয়া যকৃৎস্থ প্রণালী দিয়া গতি করে এবং অন্য প্রকার পিত্ত পিত্তকোষেতে উৎপন্ন হয়। কিন্তু ঐ দুই প্রকার পিত্ত বহুভিন্ন পদার্থ নয় তাহার মধ্যে যকৃৎস্থ পিত্ত কোষস্থ পিত্তাপেক্ষা কিঞ্চিন্ন্যূনতেজস্বী এবং অধিক দ্রবীভূত এবং ঐ কোষস্থ পিত্ত যকৃৎস্থ পিত্তাপেক্ষা সর্ব্বদা কিঞ্চিদ্গাঢ়ীভূতপ্রযুক্ত এবং অতিরিক্ত হরিদ্বর্ণপ্রযুক্ত এবং অধিক তিক্তপ্রযুক্ত অনুমান হয় যে তাহা অন্য পিত্তাপেক্ষা তেজস্বী।

॥৪॥ সকলে অবগত আছেন যে যকৃদ্দ্বারা যকৃৎস্থ পিত্ত রক্ত হইতে উৎপন্ন হয় কিন্তু কোষস্থ পিত্তের উৎপত্তিস্থান কোথায় ইহাতে অদ্যপর্য্যন্ত ব্যবচ্ছেদকেরদিগের মধ্যে অনেক বিবাদের কারণ হইয়াছে কেহ২ কহেন যে ঐ কোষস্থ পিত্ত যকৃন্মধ্যস্থানে রক্তহইতে বিভিন্নীকৃত হইয়া বিশেষ২ নাড়ী দিয়া কোষেতে প্রবেশ করে যেহেতুক মৃগেতে এবং অন্য২ কতগুলি চতুষ্পাদজীবিতে এবং অনেক প্রকার পক্ষি এবং মৎস্যেতে ইহা অতিপ্রমাণ যে অন্য কতগুলি বিশেষ২ নাড়ীদ্বারা যকৃৎহইতে পিত্তকোষেতে দ্রবীভূতবস্তুগমনের পথ আছে। তদ্ভিন্ন ব্লাঙ্কীনামক এবং বিনুশ্লোনামক এবং অন্য২ ব্যবচ্ছেদকেরা কহিয়াছেন যে মনুষ্যেতেও যকৃৎহইতে পিত্তকোষে গমনকারিণী তদ্রূপ নাড়ী আছে এবং তাঁহারা ঐ নাড়ীসকলের যকৃৎপিত্তকোষপ্রণালীসংজ্ঞা করিয়াছেন কিন্তু ইদানী প্রমাণ হইয়াছে যে ঐ প্রকার নাড়ী নাই। কোনো২ সময়ে যখন পিত্তকোষপ্রণালী কোনো দ্রব্যদ্বারা বদ্ধ হয় তখন ঐ পিত্তকোষ সঙ্কুচিত হয় এবং শূন্যভাবে থাকে তাহাতে অনমান হয় যে ঐ পিত্ত

কোষ কেবল যকৃৎস্থ পিত্তাধার এবং ইহাতেও নিশ্চয় প্রামাণ্য হইয়াছে যে পিত্তকোষেতে স্থিত তাবৎপিত্ত যকৃৎহইতে উৎপন্ন হয় এবং যকৃৎস্থ কিম্বা কোষস্থ প্রণালীহইতে গতিকরণানন্তর পিত্তকোষেতে প্রবিষ্ট হয়। নিশ্চলপ্রযুক্ত এবং শোষিতহওন প্রযুক্ত পূর্ব্ব কথিত ঐ প্রকারদ্বয়পিত্তের ভিন্ন২ বর্ণ এবং ভিন্ন২ গাঢ়ত্ব এবং ভিন্ন২ আস্বাদ জানিবেন। যখন আমাশয় আহারাদিদ্বারা বিস্তৃত হয় তখন ঐ পিত্তাধার সংমর্দ্দিত হওয়াতে পিত্তনির্গত হইয়া অন্ত্রেতে প্রবিষ্ট হয়। বমিকরণসময়েও ঐ পিত্তকোষ সর্ব্বদা চালিত হওয়াতে স্বমধ্যবর্ত্তিদ্রব্য নিক্ষেপ করে।

॥ ৫ ॥ কখন২ পিত্তকোষেতে পিত্ত সংযত হয় * তাহাতে পিত্ত প্রস্তরনামক পাথরীয়া কৃত হয় যখন ঐ সংযতপ্রস্তর কোষস্থ প্রণালীতে প্রবেশ করে তখন সে প্রস্তর দ্বাদশাঙ্গুলান্ত্রে গমনসময়ে পিত্ত প্রণালীকে বিস্তৃতকরণদ্বারা অতিশয় যন্ত্রণা দেয় এবং পিত্তকোষস্থ সামান্য প্রণালীতে আটক হওনেতে পিত্তগমন নিবারণ করে তাহাতে পিত্ত শোষিত হওয়াতে এবং পুনর্ব্বার রক্তেতে আকৃষ্ট হওয়াতে ক্ষণেকস্থায়ী কাঁওলরোগ জন্মে।

* ঐ সংযতবস্তু কখনো২ ব্যথাদায়ক না হইয়া অনেক কালপর্য্যন্ত পিত্তকোষেতে স্থিতি করে। হেবর্দেন্‌নামক চিকিৎসক পিত্তকোষস্থ প্রস্তরবিষয়ে এই এক বিবরণ দিয়াছেন যে অষ্টাচত্বারিংশদুত্তিকাপ্রমাণ এক পিত্তপ্রস্তর কর্ত্তাদের পিত্তকোষেতে পাওয়া গিয়াছিল কিন্তু তাহাতে তাঁহার কাঁওলরোগ কিম্বা অন্য কোনোরোগ উৎপন্ন হয় নাই।

## তৃতীয় খণ্ডের দশমাধ্যায়।

### নবনবতিতম প্রকরণ।

#### প্লীহার নিদর্শন।

॥ ১ ॥ প্লীহা অতিকোমল এবং তুলগুটিকাবৎ এবং কিঞ্চিন্নীল বর্ণ জানিবেন এবং পঞ্চ কিম্বা ষট্ অঙ্গুলিপ্রমাণ দীর্ঘ এবং প্রস্থে অঙ্গুলিত্রয় প্রমাণ হইয়া বামোপপর্শুকাধোদেশে আমাশয়ের এবং উপপর্শুকার মধ্যস্থানে থাকে ঐ প্লীহার যে পার্শ্ব পর্শুকাভিমুখ সে ন্যুব্জ এবং আমাশয়াভিমুখ যে অন্য পার্শ্ব সে অনুত্তানাকার।

॥ ২ ॥ প্লীহস্থ রক্তপ্রবাহক নাড়ী অন্ত্রস্থ রক্তপ্রবাহক নাড়ীর শাখা জানিবেন। ঐ প্লীহস্থ রক্তপ্রবাহক নাড়ীদ্বারা প্লীহা প্রতিপালিত হয় এবং প্লীহস্থ রক্তাবাহক নাড়ীদ্বারা প্লীহার রক্ত দ্বার নামক নাড়ীতে পরাবৃত্ত হয়।

॥ ৩ ॥ ঐ প্লীহার শিরাসমস্ত প্লীহস্থ জটা নামে এক জড়ীভূত জটাবদংশেতে উৎপন্ন হয় ঐ জড়ীভূত জটাবদংশ পর্শুকাভ্যন্তর শিরার এবং অষ্টম যুগ্ম শিরার কিম্বা চঞ্চলনামক শিরার শাখাতে উৎপন্ন হয়।

॥ ৪ ॥ পুরাতন ব্যবচ্ছেদকেরা অনুমান করিয়াছিলেন যে পিত্ত দুই প্রকার কিন্তু ঐ প্লীহা কেবল কৃষ্ণবর্ণ পিত্তের আধার। অপর হাবরনামক যে ব্যবচ্ছেদক অস্থিপ্রকরণবিষয়ে অনেক রচনা করিয়াছিলেন তিনি কহিয়াছেন যে প্লীহাতে বপা উৎপন্ন হয় তৎপরে হিউশন্ নামে ব্যবচ্ছেদক অনুমান করিলেন যে প্লীহা হৃল্কয়াপুষ্পবৎ গ্রন্থির এবং শরীরের অন্যং গ্রন্থির সহকারি হয় তাহাতে

রক্তের অনুপ্রমাণ রক্তবর্ণাংশ উৎপন্ন হয় কিন্তু ঐ ব্যবচ্ছেদকেরদিগের অনুমান অনুমানমাত্র বোধ হয় এবং ঐ প্লীহাতে প্রক্ষেপক নাড়ীর অভাবে তৎকার্য্য অদ্যপর্য্যন্ত সন্দেহের বিষয় হইয়াছে। অপর কোনোং ব্যবচ্ছেদকেরা অনুমান করিয়াছেন যে পিত্তনির্ম্মাণ বিষয়ে সাহায্যকরণার্থে রক্ত প্লীহাতে স্থিতিকালে অন্য কোনো পদার্থভাব ধারণ করে ঐ মত এতৎকালীন ব্যবচ্ছেদকেরদিগের মধ্যে অতিপ্রসিদ্ধ তৎপ্রযুক্ত এবং অন্যাংশাপেক্ষা প্লীহাতে অনেক রক্ত গতিপ্রযুক্ত এবং ঐ প্লীহার রক্তাবাহক নাড়ী দ্বারনামক রক্তাবাহক নাড়ীতে গমনপ্রযুক্ত তাঁহারদিগের অনুমান যথার্থ অনুমেয় হয়।

## তৃতীয় খণ্ডের একাদশাধ্যায়।

### শততম প্রকরণ।

মেটিয়োপরিস্থ গুম্থির এবং মেটিয়ার এবং মূত্রোৎপাদক প্রণালীর নিদর্শন।

॥ ১ ॥ পুরাতন ব্যবচ্ছেদকেরা অনুমান করিয়াছিলেন যে ঐ মেটিয়োপরিস্থিত গুম্থি কাল পিত্ত উৎপন্ন করে তাহাতে তাঁহারা ঐ গুম্থিদ্বয়ের কালপিত্তকোষসংজ্ঞা করিয়াছিলেন ঐ মেটিয়োপরিস্থ গুম্থি দ্বিসংখ্যক্ জানিবেন এবং অসমানাকৃতি হইয়া মেটিয়া এবং হৃৎপ্রবাহক নাড়ীর একং পার্শ্বে একটা করিয়া স্থিতি করে।

॥ ২ ॥ গর্ব্ভস্থবালকেতে ঐ মেটিয়োপরিস্থ গুম্থিদ্বয় মেটিয়ার মত বড় কিন্তু জন্মের পরে ঐ গুম্থিদ্বয় মেটিয়ানুসারে বেগবর্দ্ধিষ্ণু নয় এবং যৌবনাবস্থায় এবং বৃদ্ধকালে ঐ গুম্থিদ্বয় অতিসঙ্কুচিতরূপে

এবং অতিক্ষীণভাবে দেখা যায়। ঐ গ্রন্থিদ্বয়ের রক্তপ্রবাহক এবং রক্তাবাহক নাড়ী আছে তাহার মধ্যে রক্তপ্রবাহক নাড়ীসমস্ত প্রায় সর্ব্বদা প্লীহস্থ নাড়ীহইতে এবং দোহক নাড়ীহইতে নির্গত হয় এবং কখনোং হৃৎপ্রবাহক নাড়ীহইতে উৎপন্ন হয়। ঐ গ্রন্থির রক্তাবাহক নাড়ী সমস্ত নিকটবর্ত্তি রক্তাবাহক নাড়ীতে কিম্বা হৃদ্দুহা নামক রক্তাবাহক নাড়ীতে প্রবেশ করে ঐ গ্রন্থিদ্বয়ের শিরা সমস্ত পর্ত্তকামধ্যবর্ত্তিশিরার শাখা জানিবেন।

॥ ৩॥ মেটিয়োপরিস্থ ঐ গ্রন্থির কার্য্য কি তাহা অদ্যাপর্য্যন্ত ব্যবচ্ছেদকেরা ভালমতে জ্ঞাত নয় কিন্তু কোনোং ব্যবচ্ছেদকেরা অনুমান করিয়াছেন যে জরায়ুতে স্থিতিসময়ে বালকের মূত্রত্যাগ অত্যাল্প হয় তাহাতে রক্তের কিয়দংশ বালককে প্রতিপালনার্থে ঐ পথে গতি করে কিন্তু যৌবনাবস্থায় মূত্রনির্ম্মাণার্থে ঐ রক্ত মেটিয়াতে নীত হয়।

## একোত্তরশততম প্রকরণ।

### মেটিয়ার নিদর্শন।

॥ ১ ॥ মেটিয়া দ্বিসংখ্যক তাহার মধ্যে এক মেটিয়া কটিদেশের দক্ষিণ পার্শ্বে অন্যএক বাম পার্শ্বে কট্যস্থির এবং উপপর্ত্তকামধ্যস্থানে কট্যাবর্ত্তের পার্শ্বে স্থিতি করে ঐ মেটিয়া শিম্বীবীজাকৃতি এবং মেটিয়াদ্বয়ের অনুত্তানপার্শ্ব ঊর্দ্ধগামিহৃৎপ্রবাহক নাড়ীর এবং ঊর্দ্ধগামিহৃদ্দুহানামক রক্তাবাহক নাড়ীর প্রতিমুখ জানিবেন।

ঐ মেটিয়াদ্বয় অনেক বসাতে বেষ্টিত হইয়া থাকে এবং অন্ত্রবেষ্ট হইতে এক আচ্ছাদক ত্বচ্ প্রাপ্ত হয় ঐ ত্বচ্ স্বতন্ত্র করিলে মেটিয়াবেষ্টনকারি অন্য এক ত্বচ্ এবং ঐ ত্বঙ্মধ্যগামি নাড়ীসমস্ত দেখা যায়।

॥ ২ ॥ মেটিয়াদ্বয়েতে একং প্রধান রক্তাবাহক নাড়ী থাকে ঐ নাড়ীদ্বয়ের ব্যবচ্ছেদকেরা দোহক নাড়ীসংজ্ঞা করিয়াছেন। তাহার মধ্যে রক্তপ্রবাহক নাড়ী হৃদ্রক্তপ্রবাহক নাড়ীহইতে উৎপন্ন হয় এবং রক্তাবাহক নাড়ীর হৃদ্গুহানামক রক্তাবাহক নাড়ীতে প্রবেশ করে। ঐ মেটিয়ার শিরাসমস্ত সর্ব্বদা রক্তধমন্যনুগামিনী হইয়া পর্শুকাভ্যন্তরস্থিত এক বৃহজ্জড়ীভূত জটাবদংশ হইতে উৎপন্ন হয়।

॥ ৩ ॥ যৌবনাবস্থাতে ঐ মেটিয়াদ্বয় অতিদৃঢ় পদার্থ জানিবেন ঐ মেটিয়াদ্বয়েতে অতিগণনীয় অন্য অংশত্রয় আছে * তাহার মধ্যে প্রথমাংশ মাংসগ্রন্থি পদার্থ অথবা বল্কলবৎপদার্থ তৎপরে যে অংশ সে শিরাময় অথবা প্রণালীময় এবং অন্তঃস্থ যে অংশ সে তিলগুটিকাবৎ পদার্থ অথবা ত্বচ্ পদার্থ জানিবেন।

॥ ৪ ॥ ঐ মেটিয়ার বল্কলবদংশেতে মূত্রনির্ম্মিত হয় অর্থাৎ সে স্থানে মূত্র কেশবৎ অতিসূক্ষ্মং রক্তপ্রবাহক নাড়ীর অগ্রহইতে নীত হইয়া অন্য অনেক অতিক্ষুদ্রং প্রণালীদ্বারা অথবা প্রক্ষেপক নাড়ীদ্বারা ঐ বল্কলাংশহইতে নীত হয়। মেটিয়াতে স্থিত ঐ অতি

* গর্ভস্থ বালকেতে ঐ মেটিয়া দলদ্বয়াকৃতি কিন্তু যৌবনাবস্থায় ঐ মেটিয়া অতিদৃঢ় এবং সমানাকৃতি ধারণ করে।

সূক্ষ্মং নাড্যাংশকে ব্যবচ্ছেদকেরা পুণালীময়াংশসংজ্ঞা করিয়াছেন। পরে ঐ পুণালীসমস্ত মেটিয়ার অন্তরংশনিকটবর্ত্তিহওন সময়ে ক্রমেং পরস্পর সংমিলিত হয় তাহাতে অন্যং বৃহৎপুণালী কৃতা হয় ঐ পুণালী শেষেতে দশ কিম্বা দ্বাদশ ক্ষুদ্রং চূচুকাকৃতি ধারণ করিয়া অন্তপ্রাপ্ত হয় ঐ চূচুকের মুখসমস্ত দৃশ্যবর্দ্ধক দূরবীণব্যতিরিক্ত অত্যনায়াসে দেখা যায়। অপর ঐ চূচুকসমস্ত মেটিয়া বস্তি নামে এক শূন্যস্থানে অর্থাৎ এক আধারেতে নির্গত হয় ঐ আধারস্থান পৃথক এক কোষেতে আচ্ছন্ন থাকে ঐ কোষ চূচুকের দিগকে গ্রহণ করে। মেটিয়াবস্তিনামক ঐ স্থানহইতে মূত্র এক বৃহৎ পুণালীদ্বারা নীত হইয়া মেটিয়ার অনুত্তানপার্শ্বে তদুক্ত ধৃনাড়ীর কিঞ্চিদধোংশে নির্গত হয় ব্যবচ্ছেদকরো ঐ নাড়ীর মূত্রোৎপাদক নাড়ীসংজ্ঞা করিয়াছেন।

## দ্বাবিংশতিতম প্রকরণ।

### মূত্রোৎপাদক প্রণালীর নিদর্শন।

॥১॥ ঐ মূত্রোৎপাদক পুণালীদ্বয় রাজহংসপক্ষমূলবদ্বৃহৎ এবং মেটিয়াহইতে গমনসময়ে কিঞ্চিদ্বক্রাকৃতি হইয়া ক্লোমের পশ্চাৎ প্রায় অধোংশে কিঞ্চিৎ পৃথকং স্থানে অন্ত পায়। যেরূপ পিত্তধৃৎ সামান্য পুণালী কিঞ্চিৎ তের্চ্চারূপে ত্বগদ্বয়মধ্যস্থান দিয়া গমনান্তর দ্বাদশাঙ্গুলান্ত্রাভ্যন্তরেতে প্রবেশ করে তদ্রূপ ঐ মূত্রোৎপাদক পুণালীদ্বয় ক্লোমেতে প্রবেশ করে তাহাতে মূত্র অনায়াসে ক্লোমেতে প্রবিষ্ট হয় কিন্তু পরাবৃত্তবিষয়ে নিবারিত হয়। তদ্ভি

য়ও মূত্রোৎপাদক প্রণালীর ঐ রূপ ব্যবস্থাতে দ্রবীভূত বস্তু ক্লোম হইতে মূত্রোৎপাদক প্রণালীতে গমনে কেবল নিবারিত নয় কিন্তু বায়ুও তাহাতে প্রবেশ করিতে পারে না যেহেতুক ক্লোমেতে বায়ু প্রক্ষেপ করিলে ক্লোম স্ফীত হয় এবং মূত্রপ্রবাহক প্রণালীকে রজ্জুদ্বারা বদ্ধ করিয়া রাখিলে ঐ বায়ুতে ক্লোম অধিক স্ফীত হয় তাহাতে এই বিষয়ও অতিপ্রমাণ যে বায়ু ক্লোমহইতে মূত্রোৎপাদক নাড়ীতে প্রবেশ করিতে পারে না।

## দ্বিতীয় খণ্ডের দ্বাদশাধ্যায়।

### ত্র্যধিকশততম প্রকরণ।

#### ক্লোমের নিদর্শন।

॥১॥ ঐ ক্লোম অতিশয় ত্বক্‌পদার্থক এবং মাংসপেশী পদার্থক দীর্ঘগোলাকৃতি থৈলীবদাকার এবং পুরুষেতে উপস্থাস্থির এবং সরলান্ত্রের মধ্যস্থানে এবং স্ত্রীতে উপস্থাস্থির এবং জরায়ুর মধ্য স্থানে বস্তিদেশে স্থিতি করে ব্যবচ্ছেদকেরা তাহার উর্দ্ধাংশকে এবং সর্ব্বাপেক্ষাপ্রশস্তাংশকে তল এবং তদল্পপ্রশস্তাংশকে গল সংজ্ঞা করিয়াছেন তাহার মধ্যে তলাংশ কেবল অন্ত্রবেষ্টেতে আচ্ছন্ন জানিবেন।

॥২॥ ঐ ক্লোম মধুকোষবত্ত্বগ্‌দ্বারা সংলগ্নীভূত পর্দাত্রয়েতে কৃত আছে তাহার মধ্যে বহিঃপর্দা অর্থাৎ অন্ত্রবেষ্ট কেবল ক্লোমের উর্দ্ধ এবং পশ্চাদংশকে আচ্ছন্ন করে এবং মধ্যপর্দা অর্থাৎ মাংসপেশী পদার্থক পর্দা অনেক ব্যথনীয় মাংসপেশী পদার্থক

তন্তুতে কৃত ঐ মাংসপেশী পদার্থিক তন্তুসমস্ত ক্লোমগলদেশে পরস্পর সংনেদিত হয় কিন্তু অনেক ব্যবচ্ছেদকেরা যেরূপ অনুমান করিয়াছেন তদ্রূপ ঐ তন্তুতে ক্লোমগলসঙ্কোচক বলয় কৃত নয়।

॥ ৩ ॥ অপর ঐ ক্লোমের অন্তঃস্থ পর্দা অন্যপর্দাপেক্ষা অতিসূক্ষ্ম হইলেও অনেক ব্যবচ্ছেদকেরা কহিয়াছেন যে সে পর্দা অন্ত্রের মকমলবস্ত্রবৎ পর্দার ন্যায় এবং তাহারি মত একই প্রকার নির্যাসেতে লিপ্ত হওয়াতে ক্লোম মূত্রের কটুতাহইতে সুরক্ষিত হয়।

—o—

## চতুরধিকশততম প্রকরণ।

### মূত্রের নিদর্শন।

॥ ১ ॥ কথিত বাক্যানুসারে পাঠকেরা অনায়াসে জ্ঞাত হইতে পারিবেন যে ঐ মেটিয়াদ্বয় মাংসগ্রন্থিপদার্থিক এবং তাহার মধ্য দিয়া মূত্রনামে এক প্রকার লবণপদার্থিক দ্রবীভূত বস্তু নিত্য রক্ত হইতে নির্ঝরে।

॥ ২ ॥ যখন ক্লোমেতে অত্যল্প মূত্র থাকে তখন কোনো প্রকার ব্যথা বোধ হয় না কিন্তু যখন মূত্রের বাহুল্যদ্বারা ক্লোম অতিশয় স্ফীত হয় তখন কেমন একপ্রকার অনুভব উৎপন্ন হয় যে তাহাতে মূত্রত্যাগার্থে ক্লোম সঙ্কোচনেচ্ছা জন্মে কিন্তু ঐ সঙ্কোচন শক্তি ক্লোমের মাংসপেশী পদার্থকতন্তুতে কেবল উৎপন্ন নয় যেহেতুক তদ্ভিন্নও উদরস্থ সমস্ত মাংসপেশীরা ইচ্ছানুগত হইয়া সঙ্কুচিত হওয়াতে বস্তিমধ্যস্থিত তাবদংশ সংমর্দ্দিত হয় তাহাতে শক্তিদ্বয় সংমিলিত হইয়া ক্লোমগলস্থ মাংসপেশীপদার্থিক তন্তুতে মূত্র

ত্যাগনিবারণের যে শক্তি তাহা পরাভূতকরণানন্তর ক্লোমের গল ক্রমেং শ্লথ হইয়া মূত্র নির্গত হয়।

॥ ৩ ॥ ক্ষণেং মূত্রত্যাগের কারণচতুষ্টয় জানিবেন প্রথমতঃ ক্লোমেতে মূত্রের বাহুল্যানুসারে দ্বিতীয়তঃ ঐ মূত্রের কটুত্বানুসারে তৃতীয়তঃ ক্লোমের বৃহত্ত্বক্ষুদ্রতানুসারে এবং চতুর্থতঃ ঐ ক্লোমের ব্যথনীয় স্বভাবানুসারে মূত্র ত্যাগবাঞ্ছা ক্ষণেং কিম্বা শনৈঃং উপস্থিত হয়।

॥ ৪ ॥ মূত্র সর্ব্বদা এক প্রকার নয় কখনোং বর্ণেতে বিশেষ এবং কখনোং বস্তুতে বিশেষাকার হয় তাহার কারণ অনেক জানিবেন বিশেষতঃ বাতানুসারে এবং স্ত্রীপুরুষভেদানুসারে এবং দেশানুসারে এবং আহারানুসারে এবং অন্যং কারণেতে মূত্র বিশেষং প্রকার হয়। বাল্যাবস্থাতে মূত্র প্রায় সর্ব্বদা অতিশয় নির্ম্মল এবং গন্ধরহিত এবং আস্বাদরহিত দ্রববস্তুবৎ কিন্তু যৌবনে ঐ মূত্র বিশেষং বর্ণযুক্ত এবং বিশেষং ঘ্রাণযুক্ত এবং অল্পরূপে কিম্বা বাহুল্যরূপে লবণাক্ত হয় এবং বার্দ্ধক্যে অধিক কটুত্বযুক্ত এবং দুর্গন্ধিযুক্ত হয়।

॥ ৫ ॥ সমধাতুসময়ে মূত্র পলালবর্ণ এবং সমধাতুমনুষ্যের মূত্র পাত্রে করিয়া রাখিলে মদিরাজাখ্য এক প্রকার লবণ অধঃপতিত হয় ঐ মদিরাজলবণ মৃত্তিকাতে এবং সামান্যলবণেতে মিশ্রিত জানিবেন ঐ লবণ যে পাত্রেতে পতিত হয় সেই পাত্রের গাত্রাংশে অতিশীঘ্র সংযত হয় ঐ লবণাংশ মূত্রহইতে বিভিন্নহওন সময়ে অতিসূক্ষ্মং শুক্লবর্ণতন্তুবদ্দ্রব্য হইয়া মূত্রের মধ্যে পৃথকং হওয়ত মূত্রের উর্দ্ধাংশে এক প্রকার তৈলবৎগাদের ন্যায় ভাস

মাণরূপে দৃষ্ট হয়। তাহাতে মূত্রের আকার দৃষ্টি করণেতে অনা নায়াসে জ্ঞাত হওয়া যায় যে তাহা মৃত্তিকার এবং লবণের এবং তৈলের পরমাণুতে মিশ্রিত এক প্রকার দ্রবীভূত বস্তু।

॥ ৬ ॥ মূত্র সর্ব্বদা এক প্রকার বর্ণ এবং একইরূপে গাঢ় নয় যে হেতুক মূত্রের বর্ণ এবং গাঢ়ত্ব তদ্দ্রবাংশানুসারে এবং তদ্দ্র নাংশানুসারে বাহুল্য কিম্বা অল্পত্বপ্রাপ্ত হয়। অপর অনুমান হয় যে মূত্রের বর্ণের এবং দ্রবত্বের বাহুল্য তন্মধ্যস্থিত লবণাংশের এবং জ্বলনীয় রেণুর অল্পত্ব কিম্বা বাহুল্যানুসারে হয় তাহাতে ঐ অংশদ্বয়ের বাহুল্য হইলে মূত্র অধিক বর্ণযুক্ত হয় কিম্বা অধিক গাঢ়ত্বপ্রাপ্ত হয়।

॥ ৭ ॥ অন্ত্রে গৃহীত ঘনীভূত কিম্বা দ্রবীভূত আহারাদির স্বভাবানুসারে এবং অল্পত্ববহুত্বানুসারে মূত্র নানা আকার ধারণ করে তদ্ভিন্নও যেং নাড়ীদ্বারা মূত্র রক্তহইতে পৃথক্‌কৃত হইয়া বস্তির মধ্য দিয়া মূত্রোৎপাদক নাড়ীতে নীত হয় সেই সকল নাড়ীর পৃথকং ধাত্বনুসারে মূত্র নানাবর্ণ ধারণ করে। মূত্রনাড়ীতে কখনং চূর্ণজনক প্রস্তর জন্মে সেই সকল শর্করা শরীরের ধাত্বনুসারে এবং নানা প্রকার আহারাদ্যনুসারে কৃতা হয়।

॥ ৮ ॥ কোনো প্রকার অল্পতেজস্বিমদিরা কিম্বা স্নানামক স্থানের জল পান করিলে তাহা অতিশীঘ্র মূত্র হইয়া নির্গত হয় তাহাতে কোনোং ব্যবচ্ছেদকেরা অনুমান করিয়াছেন যে মূত্র মূত্রের যথার্থ নাড়ীদ্বারা কোষেতে প্রবেশকরণব্যতিরিক্ত অন্য কোনো পথ থাকিতে পারে বিশেষতঃ ক্লোম এবং আমাশয়মধ্যস্থিত অন্য কোনো নাড়ীদ্বারা কিম্বা মেদোৎপাদক

নাড়ীর পরাবর্ত্তনগতিদ্বারা ক্লোমেতে মূত্র নীত হয় এইরূপ অনুমান করেন কিন্তু সে যাহা হউক ইহা অতিনিশ্চয় যে যদি আমরা কোন এক কুকুরের উদর বিদীর্ণ করিয়া ঐ কুকুরের ক্লোমহইতে মূত্র নির্গত করণানন্তর তাহার দোহকনাড়ী রজ্জুদ্বারা বদ্ধ করি পরে ঐ কুকুরের উদর পুনর্ব্বার শেলাই করিয়া সে কুকুরকে অতিমূত্রজনক দ্রবদ্রব্য পান করাইলে তদ্দ্বারা আমাশয় এবং অন্যং নাড়ী স্ফীত হয় কিন্তু এক বিন্দুমূত্রও ক্লোমেতে পতিত হয় না ঐরূপেও মূত্রোৎপাদক প্রণালী রজ্জু দিয়া বদ্ধ করিলে মূত্র ক্লোমেতে প্রবেশ হয় না অতএব ঐ পরীক্ষাদ্বারা ইহা অতিপ্রমাণ যে মনুষ্যহইতে যে মূত্র নির্গত হয় তাহা নির্ণীত মতানুসারে দোহক নাড়ী হইয়া মেটিয়াতে প্রবেশ করে। অপর মদিরা কিম্বা অন্যং কোন মূত্রজনকবস্তু পান করিলে মূত্র অতিশীঘ্র নির্গত হয় সত্য কিন্তু অনুমান হয় যে তাহা ঐ বস্তুর প্রাবর্ত্তক স্বভাবেতে শীঘ্রনির্গত হয় যেহেতুক ঐ প্রাবর্ত্তকেতে ক্লোম এবং অন্যং মূত্রাংশ উদ্ঘাটিত হয় তাহাতে সেই দ্রববস্তু পান করণের পূর্ব্বে শরীরেতে যেং মূত্র থাকে তাহাই কেবল নির্গত হয় কিন্তু শেষগৃহীত পানীয় দ্রব্য তৎক্ষণে নির্গত হয় না এবং যদি সেই সময়ে উপর্য্যুপরি অন্যং দ্রববস্তু পান করে তবে যৎপর্য্যন্ত পান করে তৎপর্য্যন্ত মূত্র বাহুল্যরূপে নির্গত হয়। মেটিয়াগামি প্রণালীর বৃহত্তা এবং মনুষ্যকে সমধাতুভাবে রক্ষার্থে নিত্য নূতন রক্তের প্রয়োজন এবং ঐ রক্ত কিরূপে অতিশীঘ্র হৃৎপিণ্ডমধ্য দিয়া শরীরের অন্যং অংশে গতি করে এইং সকল বিষয় যদি আমরা বিবেচনা করিয়া দেখি তবে মূত্রের যে ঐরূপ বাহুল্য হয় তাহা অত্যাশ্চর্য্য বোধ হইবেক না।

## তৃতীয় খণ্ডের ত্রয়োদশাধ্যায়।

### পঞ্চাধিকশততম প্রকরণ।

#### জীর্ণতাবিষয়ক নিদর্শন।

॥ ১ ॥ এই স্থানে আহারজীর্ণবিষয় ব্যাখ্যাকরণ অত্যুপযুক্ত যেহেতুক উদরের নির্ণীতাংশসমস্ত জীর্ণকার্য্যের কোনো এক বিষয়ে অবশ্যই সাহায্য করে। আহারাদির অন্নরসপরিণাম সময়ে যেং আকৃতি ধারণ করে তাহাকে ব্যবচ্ছেদকেরা জীর্ণত্ব কহেন। আহারাদির যে ঐ পৃথকং পরিণাম সে মুখেতে এবং আমাশয়ে এবং ক্ষুদ্রান্ত্রেতে হয়।

॥ ২ ॥ শরীরের যে স্থানকে মুখ বলে তাহা সকলেই জ্ঞাত আছেন কিন্তু স্পষ্টবোধার্থে ব্যবচ্ছেদকেরা মুখের বিশেষরূপে নির্ণয় করিয়াছেন অর্থাৎ মাঢ্যাস্থির এবং হনুর মধ্যস্থানকে মুখ কহেন তাহা পুরোদিগে এবং পার্শ্বদিগে ওষ্ঠেতে এবং দন্তেতে এবং গণ্ডেতে নির্ম্মিত হইয়া পশ্চাদ্ভাগে গলদ্বারে সমাপ্তি পায়।

॥ ৩ ॥ ঐ নির্ণীত অংশের মধ্যে ওষ্ঠ এবং গণ্ড বসাতে এবং মাংসপেশীদ্বারা নির্ম্মিত হইয়া ত্বচেতে আচ্ছন্নভাবে থাকে ঐ ত্বচ্ অতিসূক্ষ্মরূপে মুখের বেড়ান্তঃপার্শ্বে বেষ্টিত হইয়া থাকে তত্ত্বগ্রিন্ন মুখের অন্তঃপার্শ্বে তূলগুটিকা ধর্ম্মক এবং অতিশয় নাড়ীময় দন্তবেষ্ট নামে এক প্রকার বস্তু স্থিতি করে ঐ দন্তবেষ্ট দন্তকে স্বস্বস্থানেতে অতিদৃঢ়রূপে বদ্ধভাবে রাখে। অপর ঐ দন্তবেষ্ট পদার্থিকা কাকুদের লুণ্ঠমান পর্দা নামে অন্য একাংশ কাকুদাচ্ছাদন করে ঐ কাকুদের লুণ্ঠমান পর্দা মাঢ্যাস্থিতে এবং কাকুদাস্থিতে

কৃত খিলানের অগ্রভাগে বদ্ধ হইয়া অতিকোমল এবং ক্ষুদ্রসূচ্যগ্রাকৃত্যুপদ্রাক্ষ নামে অংশেতে অন্ত পায়। ঐ উপদ্রাক্ষনামাংশ জিহ্বামূলোর্দ্ধে খিলানাংশের মধ্যস্থানে লুণ্ঠমানভাবে থাকে।

॥ ৪ ॥ ঐ কাকুদের লুণ্ঠমান পর্দা গলাগ্রের এবং মুখের মধ্য স্থানে কপাটবৎ কার্য্যসম্পাদিকা জানিবেন এবং কতগুলি মাংসপেশীর শক্তিদ্বারা ক্রীড়া করে *।

॥ ৫ ॥ জিহ্বা অনেক মাংসপেশীতে কৃতা † তাহাতে পৃথক২ শব্দস্ফূর্ত্যর্থে এবং আহারাদি চর্ব্বণার্থে এবং গলমধ্যে তৎপ্রবেশার্থে জিহ্বা সুসমর্থা। ঐ জিহ্বার উর্দ্ধাংশ অনেক ক্ষুদ্র২ চচুকাকৃতি গুটিকাতে আবৃত থাকে তাহাতে আস্বাদনশক্তি স্থিতি করে সে গুটিকা সমস্ত অত্যনায়াসে দৃশ্যা। অপর যে অতিসূক্ষ্ম ত্বচ্ মুখান্তর্ব্বেষ্টন করিয়া থাকে সে জিহ্বার অধোংশে পরাবৃত্ত হইয়া জিহ্বাচ্ছাদন করে এবং যে স্থানে ঐ ত্বচ্ পরাবৃত্ত হয় সেই স্থানের ব্যবচ্ছেদকেরা আকর্ষকসংজ্ঞা করিয়াছেন।

॥ ৬ ॥ অপর জিহ্বার পশ্চাদংশে তন্মূলভাগে কাকুদের লুণ্ঠমান পর্দাধঃস্থানে গলাগ্রাংশ স্থিতি করে ঐ গলাগ্র গলের আরম্ভাংশের চতুর্দ্দিগে ধূর্ত্তপুষ্পাকৃতি হইয়া বিস্তৃতভাবে থাকে তাহাতে আহারাদি আমাশয়ে প্রবেশ করে।

* ঐ কাকুদের লুণ্ঠমানপর্দাক্রীড়নকারিণী মাংসপেশী এই২ বিশেষতঃ কাকুদাবতানক মাংসপেশী এবং কাকুদোত্তোলক কোমল মাংসপেশী এবং কাকুদগলাগ্রযুক্ত মাংসপেশী এবং জিহ্বামূলখিলানসঙ্কোচক মাংসপেশী এবং ফলত্রাক্ষযুক্ত মূল মাংসপেশী।

† জিহ্বার মাংসপেশী এই২ বিশেষতঃ চিবুকজিহ্বাযুক্ত মাংসপেশী এবং জিহ্বাস্থিলগ্নযুক্ত মাংসপেশী এবং জিহ্বাদামিকা মাংসপেশী এবং শলাকাজিহ্বাযুক্ত মাংসপেশী।

॥ ৭ ॥ মুখের পশ্চাদংশে এবং ঊর্দ্ধাংশে নাসিকাগামি এক ছিদ্র আছে তদ্ভিন্ন ইউষ্টাখিয়স্ নামে প্রণালী মুখহইতে কর্ণে গতি করে এবং নলপ্রণালী মুখহইতে ফুষ্ফুসেতে গতি করে এবং আমাশয়ে গলপ্রণালী গতি করে।

॥ ৮ ॥ অপর ঐ গলাগ্র কাকুদের লুণ্ঠমান পর্দার উভয় পার্শ্বে স্থিত অতিবৃহদ্গুটিকা নামে মাংসগ্রন্থিদ্বয়েতে সর্ব্বদা আর্দ্রভাবে থাকে ঐ মাংসগ্রন্থিদ্বয় বাদামবীজাকৃতিপ্রযুক্ত কোনোং ব্যবচ্ছেদকেরা তাহারদিগের বাদামগুটিকাসংজ্ঞা করিয়াছেন।

॥ ৯ ॥ অপর মুখ নিত্যনিষ্ঠীবেতে আর্দ্রভাবে থাকে ঐ নিষ্ঠীব উপকর্ণিকাগ্রন্থিহইতে উৎপন্ন হয় ঐ মাংসগ্রন্থি দ্বিসংখ্যক এবং মুখের উভয়পার্শ্বে গণ্ডাস্থ্যধঃস্থানে স্থিতি করে। ঐ মাংসগ্রন্থি অনেক ক্ষুদ্রং মাংসগ্রন্থিদ্বারা বর্ত্তুলরূপে নির্ম্মিত এবং ঐ মাংসগ্রন্থিদ্বয়ের প্রক্ষেপক প্রণালীদ্বয় আছে ঐ প্রণালীদ্বয় অন্যং প্রণালীর সহিত সংযুক্ত হইয়া এক বৃহৎপ্রণালীবৎ হইয়া গণ্ডোপরি গতিকরণানন্তর এবং তূরীবাদকোপকারি মাংসপেশীর মধ্যদিয়া গমনানন্তর মুখের অন্তরে উভয়পার্শ্বে নির্গত হয় ঐ প্রণালীর মুখ এমত বড় যে তাহাতে শূকররোম অনায়াসে প্রবিষ্ট হয়। অপর ঐ মাংসগ্রন্থিদ্বয়ভিন্ন মাঢ়িস্থিত মাংসগ্রন্থির নির্ণয় করি ঐ মাংসগ্রন্থিমুখের উভয়পার্শ্বে হনুর অন্তঃস্থ কোণনিকটে স্থিতি করে তৎপরে জিহ্বাধঃস্থ মাংসগ্রন্থি নির্ণয় করি ঐ জিহ্বাধঃস্থ মাংসগ্রন্থি জিহ্বামূলে স্থিতি করে তৎপরে কাকুদের মাংসগ্রন্থি কাকুদের লুণ্ঠমান পর্দাতে স্থিতি করে ঐ নির্ণীত মাংসগ্রন্থিসমস্ত

এবং গালের এবং ওষ্ঠের মাংসগুম্বিসমস্ত এবং অন্যং অনেক অতিগণনীয় মাংসগুম্বি স্বস্বপ্রক্ষেপক নাড়ী দিয়া নিষ্ঠীবকে মুখেতে নিক্ষেপ করে।

॥ ১০ ॥ নিষ্ঠীব শরীরের অন্যং রসের ন্যায় নানা লোকেতে নানা আকার ধারণ করে কিন্তু সমধাতুলোকেতে প্রায় সর্ব্বদা স্বচ্ছ এবং আস্বাদরহিত এবং গন্ধরহিত তাহাতে অনুমান হয় যে নিষ্ঠীবেতে অত্যল্প লবণাক্তরেণু এবং স্থলনীয়রেণুবদংশ স্থিতি করে।

॥ ১১ ॥ ব্যবচ্ছেদকেরা অনুমান করিয়াছেন যে নিষ্ঠীব মুখকে আর্দ্রভাবে রাখে এবং আমাশয়ে গতিকরণপূর্ব্বে আহারাদিকে চূর্ণকরণবিষয়ে সাহায্য করে।

—০—

## ষড়ধিকশততম প্রকরণ।

### ক্ষুধা এবং তৃষ্ণার নিদর্শন।

॥ ১ ॥ জীবিশরীরমধ্যে পৃথকং কার্য্যসম্পাদনার্থে ক্রীড়াদির নিত্যাবশ্যক আছে তাহাতে শরীরের পৃথকং অংশ নিঃসন্দেহরূপে ক্রমেং ক্ষয়প্রাপ্ত হয় তাহার মধ্যে অননুভবনীয় স্বেদদ্বারা এবং অন্যং নির্গমনদ্বারা শরীরের অনেকাংশ প্রতিদিবস প্রক্ষিপ্ত হয় অতএব অন্নরসদ্বারা ঐ সমস্তাংশ নিত্য পুনরুৎপন্ন না হইলে সুতরাং শরীর ক্রমেং ক্ষয়প্রাপ্ত হইত কিন্তু তন্নিবারণার্থে ঈশ্বর অতি জ্ঞানপূর্ব্বক সেই সকল অংশ পুনর্নির্ম্মাণ সমর্থক অনেক ইন্দ্রিয়

দিয়াছেন তদ্ভিন্নও ক্ষুধাতৃষ্ণা ইত্যাদি প্রকারক জ্ঞান দিয়াছেন তাহাতে মনুষ্য অতিপ্রয়োজনার্হস্বপ্রতিপালনবিষয়ে অন্য কোনো বিষয়দ্বারা অন্যমনস্ক নয়। ক্ষুধা সকলেই জ্ঞাত আছেন কিন্তু বাক্যদ্বারা ক্ষুধাজ্ঞান নির্ণয় করা প্রায় অসাধ্য কিন্তু সে যাহা হউক তদ্বিষয়ে ইহা কহিতে পারি যে ক্ষুধাপ্রযুক্ত আমাশয়ে কেমন এক প্রকার অনিরস্ত অনুভব উৎপন্ন হয় তাহাতে মনুষ্য আহারাদি ভক্ষণে বাঞ্ছা করে এবং কতভক্ষণোপযুক্ত এবং কোন সময়ে ভক্ষণোপযুক্ত ইত্যাদি আমরা সে ক্ষুধাবিষয়দ্বারা জ্ঞাত আছি। আমাশয়নির্ণয়সময়ে আমরা কহিয়াছি যে উদররস আমাশয়ের অন্তঃপার্শ্বে সর্ব্বত্র লিপ্ত হইয়া আমাশয়কে সর্ব্বদা আর্দ্রভাবে রক্ষা করে পরে ঐ রস আমাশয়েতে আহারাদির সহিত মিশ্রিতহওয়াতে অন্ত্রমধ্যপ্রবেশার্থে ঐ আহারাদিকে প্রস্তুত করে কিন্তু যখন আমাশয় শূন্যভাবে থাকে তখন ঐ উদররস আমাশয়ের অন্তঃপর্দাতে পীড়ন জন্মানদ্বারা মনুষ্যেতে ক্ষুধাজ্ঞান জন্মায়।

॥২॥ অপর জীর্ণতাবিষয়ে সাহায্যকরণার্থে এবং শরীরের যে আর্দ্রাংশের নিত্য হ্রাস হয় তাহা পুনর্যোগানের নিমিত্তে ঘনীভূত আহারাদির সহিত কতক দ্রবীভূত দ্রব্যগ্রহণকরা অত্যাবশ্যক জানিবেন তাহাতে তৃষ্ণাজ্ঞান হইলে মনুষ্য প্রয়োজনার্হ দ্রবীভূত বস্তু পান করে। ঐ তৃষ্ণাজ্ঞান জিহ্বাতে এবং নলীদ্বারেতে এবং গলেতে স্থিতি করে ঐ সকল অংশ অতিশয় অনুভবনীয় প্রযুক্ত তাহারদিগের আর্দ্রভাবে সংরক্ষণ অতিপ্রয়োজনার্হ যেহেতুক নলীদ্বার কোনো এক প্রকার নির্য্যাসদ্বারা কিম্বা নিষ্ঠীবদ্বারা

সর্ব্বদা স্বভাবত আর্দ্রভাবে সুরক্ষিত হইলেও রক্ত যখন স্বকীয় অদ্রাংশরহিত হয় কিম্বা কোনো স্বাভাবিক কারণপ্রযুক্ত কটুত্ব প্রাপ্ত হয় তখন ঐ সকল অংশেতে এবং আহারাদিপ্রণালীতে তাহা তৃষ্ণা জন্মায় অতএব জ্বরেতে এবং বহুশ্রম করিলে তৃষ্ণা জন্মে যেহেতুক ঐ উভয়কারণদ্বারা রক্তের আর্দ্রাংশ ক্ষয়প্রাপ্ত হয় জানিবেন।

—o—

## সপ্তাধিকশততম প্রকরণ।

### চর্ব্বণের এবং গিলনের নিদর্শন।

॥১॥ পূর্ব্বে কহিয়াছি যে আহরাদির আমাশয়ে প্রবেশপূর্ব্বে মুখেতে সে আহারাদি অন্য প্রকারীকৃত হয় এবং ঐ পরিণাম চর্ব্বণ দ্বারা সিদ্ধ হয়। মাঢ্যস্থির প্রকরণে এবং হনুবিষয়ক প্রকরণেতে দন্তের সংখ্যা এবং তদ্ব্যবস্থা ব্যাখ্যাতা হইয়াছে সেই প্রকরণে কথিত আছে যে মাঢ়ি নিশ্চলরূপে স্থিতি করে কিন্তু হনু ঊর্দ্ধক্রীড়নবিষয়ে এবং অধঃক্রীড়নবিষয়ে এবং পেষণবিষয়ে সুসমর্থ। যখন আহারাদি প্রথমতঃ মুখে গৃহীত হয় তখন ঐ আহার মাঢ়িস্থ দন্তের এবং হনুস্থ দন্তের মধ্যে হনুর অতিশক্তি এবং বেগক্রীড়নদ্বারা সংমর্দ্দিত হয় এবং সে সময়েও জিহ্বা এবং গণ্ড সাহায্য করিয়া যাবৎ ঐ আহারাদি চূর্ণিত হইয়া পঙ্কবৎ না হয় তাবৎকাল দন্তচ্যুত আহারাদিকে শ্বদন্তমধ্যে এবং ছেদনদন্তমধ্যে পুনঃ২ স্থাপন করে।

ঐ ছেদনদন্ত এবং শ্বদন্ত প্রথমতঃ আহারাদিকে কেবল গ্রহণ করে কিন্তু পরে চর্ব্বণদন্তের মধ্যে হনুর পেষণক্রীড়াদ্বারা আহারাদির চূর্ণত্ব সম্পন্ন হয়।

॥ ২ ॥ ঐ আহারাদিচূর্ণকার্য্যসম্পন্ন হওনসময়ে নিষ্ঠীবোৎপাদক মাংসগ্রন্থি হনুক্রীড়নকারি মাংসপেশীর সঙ্কোচনক্রীড়াদ্বারা সংমর্দ্দিত হওয়াতে স্বস্বনিষ্ঠীব প্রক্ষেপ করে ঐ নিষ্ঠীবেতে আহারাদি অনায়াসে চূর্ণ হয় পরে পঙ্কের মত হইয়া জিহ্বামূলোপরিভাগ দিয়া গলদ্বারে নীত হয়। কিন্তু আহারাদিকে গলে নয়নবিষয় সম্পন্নার্থে পূর্ব্বে নির্ণীত মুখের এবং গলাগ্রের সহিত যেং পথের সংযোগ আছে সেই সকলের বদ্ধহওন অতিপ্রয়োজনার্হবিষয় জ্ঞান করিবেন। কারণ এই যে আহারাদি গলদ্বারে গৃহীতহওন নিমিত্তে গলদ্বারবিস্তৃতহওনসময়ে ঐ সকল দ্বারে কোনো ঘনীভূত কিম্বা দ্রবীভূত আহারাদি প্রবেশ না করে। আহারাদি গলদ্বারে প্রবেশ করিলে ঐ দ্বারসমস্ত কথিতরূপে বদ্ধ হয় তদ্বিষয়ক ব্যাখ্যা পরেতে কহা যাইবে।

॥ ৩ ॥ অপর নলী দিয়া বায়ু ফুস্ফুসেতে প্রবিষ্ট হয় ঐ নলী গলের পুরোভাগে স্থিতি করে অতএব গিলনসময়ে গলাগ্রদ্বার যদি বদ্ধ না হয় তবে গলগমনসময়ে আহারাদি নলীতে প্রবিষ্ট হইতে পারে কিন্তু নলীতে আহারাদির প্রবেশ উপজিহ্বানামক এক অতিশয় স্থিতিস্থাপক উপাস্থ্যংশেতে নিবারিত হয়। ঐ উপজিহ্বা নলাগ্রের কেবল পুরোংশের সহিত সংলগ্ন তাহাতে আহারাদি গলরে প্রতি গমনসময়ে ঐ উপাস্থ্যংশকে অধোদিগে নত করে তাহাতে নলীদ্বার আবৃত হইয়া থাকে ঐ আবৃতহওন সময়ে কার

দের লুণ্ঠমান পর্দাও অল্পক্রীড়নসমর্থহওয়াতে তন্মাংসপেশীদ্বারা তাহাও পশ্চাদ্দিগে আকৃষ্ট হওয়াতে নাসিকাগমনকারি প্রণালীর এবং ইউষ্টাখিয়স্ নামে প্রণালীর দ্বার বদ্ধ হয়। তদ্ভিন্ন নলী অনেক উপাস্থিবলয়েতে কৃতা তাহাতে স্বস্বভাবানুসারে তাহা নিঃসন্দেহরূপে ঐ ত্বগ্ধৎগলপ্রণালীকে সংমর্দ্দন করে যেহেতুক ঐ নলীদ্বার আহারাদি গিলনসময়ে স্বকীয়কার্য্যসম্পাদক মাংসপেশী দ্বারা ঊর্দ্ধ এবং অধোদিগে চালিত হয় তাহাতে গলাগ্রগলের সহিত একদা আকৃষ্ট হওয়াতে ঐ দ্বার অনায়াসে বিস্তৃত হয়। পরে যখন আহারাদি গলদ্বারসমীপবর্ত্তি হয় তখন স্বভাবেতে এবং গলের মাংসপেশীরতন্তুতে ঐ আহারাদির অধোগতি বর্দ্ধিতা হয় যেহেতুক যাবৎ আহারাদি আমাশয়ে পতিত না হয় তাবৎ ঐ মাংসপেশীবত্তন্তু অধোদিগে সঙ্কোচন ক্রীড়া করে। অপর কহি যে আহারাদিগিলনসময়ে ঐ মাংসপেশী অতিশয় প্রয়োজনার্হ সকলে অত্যনায়াসে জ্ঞাত হইতে পারিবেন যেহেতুক মস্তককে অধোদিগ করিয়া আহারাদি গ্রহণ করিলে আহারাদি স্বভাবেতে কখন চালিত নয় জানিবেন।

॥৪॥ বাক্যস্ফূর্ত্ত্যর্থে এবং নিশ্বাসপ্রশ্বাসার্থে নাসিকার সহিত এবং ফুস্ফুসের সহিত এবং মুখের সহিত পরস্পর পথ না থাকিলে তৎপৃথকং কার্য্যসম্পন্ন হইতে পারে না কিন্তু সেকার্য্য সিদ্ধিসময়ে আহারাদির অতিক্ষুদ্রাংশ যদি নলীতে প্রবিষ্ট হঁয় তবে তাহাতে অতিশয় কাশ জন্মে এবং কখনং মরণেরও আশঙ্কা হয়। আহারাদি গিলনসময়ে যেং অংশ নলীতে প্রবিষ্ট হয় সে যদি অল্পক্ষণমাত্র

নিঃশ্বাসনিবারণ করে কিম্বা যদি ব্যথাজনক আহারাদির ঐ ক্ষুদ্র২ অংশসকল তৎক্ষণাৎ কাশদ্বারা পুনঃপ্রক্ষিপ্ত না হয় তবে অতি শীঘ্র মৃত্যু হইতে পারে কিন্তু মনুষ্যের ভাগ্যার্থে ফুস্ফুসেতে কোনো দ্রব্য পতিত হইলে তদ্ব্যথানুসারে কাশও তৎক্ষণে বৃদ্ধি পায়।

॥ ৫ ॥ অপর কাকুদের লুণ্ঠমান পর্দাদ্বারা যদি নাসিকার প্রতি গমনপথ বদ্ধ না হইত তবে গিলনবিষয় অতিদুঃসাধ্য হইত কিম্বা অসাধ্যই হইত যেহেতুক তদ্রূপ হইলে আহারাদি নাসিকাতে ঊর্দ্ধগতি করিত যথা দ্রববস্তু পানকরণে কখনো২ হইয়া থাকে। অপর কখনো২ কাকুদের ঐ লুণ্ঠমান পর্দাভাবেতে বালক জন্মিবামাত্র মৃত্যুপ্রাপ্ত হয় তদ্ভিন্নও রোগপ্রযুক্ত কিম্বা অন্য২ কোনো কারণপ্রযুক্ত যে ব্যক্তিতে সে কাকুদ পর্দার কোনো হানি হয় তাঁহারা অতি কষ্টপূর্ব্বক গিলনকার্য্য সম্পন্ন করেন।

॥ ৬ ॥ অপর দন্ত ক্রীড়নদ্বারা আহারাদি প্রাচুর্য্যরূপে চূর্ণ হওনানন্তর এবং নিষ্ঠীবদ্বারা প্রাচুর্য্যরূপে আর্দ্র হওনানন্তর আমাশয়ে গৃহীত হয় সেই স্থানে আহারাদি অন্যপ্রকার আকারবিশিষ্ট হয়।

॥ ৭ ॥ আহারাদি আমাশয়ে প্রবিষ্ট হবামাত্রেতে তাহার পৃথক২ শক্তির বহির্নাথা হয় না তাহাতে উদরের রসেতে মিশ্রিতহওনের পূর্ব্বে ঐ আহারাদি আমাশয়ের অন্তঃস্থ পর্দায় ব্যথাজন্মাওনদ্বারা তদ্দ্বারদ্বয় সঙ্কুচিতকরণে সুসমর্থ জানিবেন। অপর ঐ তদ্বৎথৈলী উদরান্ত্রেতে এবং স্বভাবিক উষ্ণতাতে বেষ্টিত হওয়াতে আহারাদি উদরের মাংসপেশীদ্বারা এবং ব্যবধায়কের মাংসপেশীদ্বারা এবং

আমাশয়ের মাংসপেশীর সঙ্কোচনশক্তিদ্বারা নিত্য উদ্ঘাটিত হয়। ঐ প্রকার ক্রীড়নেতে আহারাদির যাবদংশ উদররসশক্তি বিশিষ্ট হয় তাহাতে আহারাদি ক্রমেং চূর্ণ হয় এবং আর্দ্রত্বপ্রাপ্ত হইয়া অন্ত্রমধ্যে প্রবেশার্থে প্রস্তুত হয়।

॥ ৮ ॥ হন্তরনামক ব্যবচ্ছেদক অল্পকালগতে জীর্ণতাবিষয়ে অনেক রচনা করিয়াছেন তাহাতে জীর্ণতার ব্যবস্থা বহু সুবোধগম্য হইয়াছে। প্রায় সকল শবেতে আমাশয়ের বৃহদগ্রভাগ জীর্ণভাবে*

---

* স্পালান্জানিনামক যে পণ্ডিত জীর্ণশক্তিবিষয়ে অনেক রচনা করিয়াছিলেন তিনি চতুষ্পদজন্তুতে এবং পক্ষিতে এবং মৎস্যেতে জীর্ণবিষয়ক অনেক রচনা করিয়াছিলেন এবং কহিয়াছেন যে মৃত্যুর পরে জীর্ণকার্য্য সিদ্ধ হইতে পারে কিন্তু জীবিতে যে রূপ সিদ্ধ হয় তদ্রূপ হয় না এবং আরো কহিয়াছেন যে অনেক জন্তুতে জীর্ণবিষয়নিমিত্ত স্বার্থে উষ্ণতা অতিপ্রয়োজনগাহী যেহেতুক তাহাতে জীর্ণকার্য্য অতিসুগম হয়। অপর ঐ ব্যবচ্ছেদক কহিয়াছেন যে শরীরহইতে আমাশয় বাহিরকরণানন্তর তাহাতে জীর্ণশক্তি কিঞ্চিৎ থাকে কিন্তু শরীরেতে স্থিত্যনুসারে নয়। অপর যেং জন্তুর শরীরে ঐ পণ্ডিত ঐ পরীক্ষাসমস্ত করিয়াছিলেন তাহারদিগের একেতেও মৃত্যু পরে আমাশয়ের বৃহদ্ভাগ গলিতভাবে কিম্বা জারিতভাবে পান নাই। কিন্তু কথনোং কোনো জন্তুতে অর্থাৎ জারিক মৎস্যজাতিতে তাহারদিগের আমাশয় কিঞ্চিৎ জারিতভাবে ছিল এবং সেই সকল জন্তুর আমাশয়হইতে অন্যং দ্রব্য বহিষ্করণানন্তর ঐ আমাশয়ের অন্তঃপর্দাসমস্ত গলিত ভাবে পাওয়া গিয়াছিল তদ্ভিন্ন অন্যং জন্তুর আমাশয়ের অন্তঃপর্দা অত্যল্প জারিতা হইয়াছিল কিন্তু সে যাহা হউক সকল জন্তুতে আমাশয়ের অধোভাগে অর্থাৎ তদ্বৃহদংশে তাহারদিগের আমাশয় জারিতা হইয়াছিল। অপর মৃত্যুর পরে আমাশয়ের পর্দাসমস্ত শরীরের অন্যং মাংসাংশের ন্যায় এবং আমাশয়েতে স্থিত অন্যং জন্তুর আমাশয়াংশের ন্যায় অতিশীঘ্র গলিত হয় না তৎপ্রমাণ ঐ পণ্ডিত এরূপে দিয়াছেন যে ঐ অন্যং আমাশয়াংশসমস্ত চতুষ্পার্শ্বে উদররসেতে লিপ্ত থাকে কিন্তু ঐ উদররস কেবল জীবনযুক্ত আমাশয়াংশের অন্তঃপার্শ্বে কার্য্যসম্পাদক হইতে পারে জানিবেন।

থাকে। অপর কোনো জীবী কিম্বা কোনো জীবযুক্তাংশ জীবত সময়ে আমাশয়ে গৃহীত হইলে সেই জীবন যাবৎ থাকে তাবৎ আমাশয়ের ক্রীড়নশক্তিদ্বারা সে সকলের কিঞ্চিদন্যথা হয় না কিন্তু সেই জীবনশক্তিরহিত হবামাত্রেতে সেই বস্তুসমস্ত জীর্ণশক্ত্যধীন হয়। অতএব আমাশয়ের ঐ গতি জানিবেন যেহেতুক আমাশয় জীবতসময়ে স্বমধ্যবর্ত্তি রসের শক্তিনিবারণকরণসমর্থ কিন্তু যখন জীবনরহিত হয় তখন স্বমধ্যস্থিতবস্তুজীর্ণার্থে কৃত স্বকীয়রসের শক্তিনিবারণে অক্ষম যেহেতুক মরণের পরেও আমাশয়ে জীর্ণ কার্য্য সম্পন্ন হইতে পারে। অপর মৎস্যের আমাশয়ে জীর্ণকার্য্য যে সম্পন্ন হয় তদ্দ্বারা ঐ মত অধিক স্থিরীকৃত হইয়াছে যেহেতুক মৎস্য চর্ব্বণ না করিয়া স্বকীয় আমাশয়স্থ জীর্ণাংশাপেক্ষা বৃহৎ অন্যং মৎস্য গিলে তাহাতে গিলিত মৎস্যের যে অংশ আমাশয়ে প্রবিষ্ট হয় তাহাই কেবল গলিতভাবে থাকে কিন্তু যে অংশ গলেতে থাকে তাহার কোনো বিকার হয় না। অপর মৎস্যেতেও এবং মনুষ্যেতেও আমাশয়ের যে অংশ জীর্ণকার্য্য সম্পন্ন করে সে অংশ কখনোং অন্যং জীর্ণবস্তুর ন্যায় পাওয়া যায় তাহাতে অতি প্রমাণ হয় যে জীর্ণকার্য্য শরীরের কোনো শক্তিতে কিম্বা আমাশয়ের সঙ্কোচনেতে কিম্বা তদুষ্ণতাতে সম্পন্ন হয় না কিন্তু আমাশয়ের পর্দাংশেতে নির্ম্মিত এক প্রকার রসেতে সম্পন্ন হয়। পরে ঐ রস আমাশয়ে প্রবিষ্ট হইয়া আহারাদিকে জীবনবিশিষ্ট করে অথবা রক্তের ন্যায় শক্তিপ্রদান করে।

॥ ৯॥ অল্পকাল গত সাজ্‌নামক পণ্ডিতের কতকগুলিন পরীক্ষাদ্বারা এতদ্বিষয়ক জ্ঞান উৎপন্ন হইয়াছে যে জ্বলনীয় বায়ুতে শরীরের জীবযুক্তাংশের উত্তরোত্তর নাশ হয় কিম্বা তদ্দ্বারা গলিত হয় তাহাতে ঐ পণ্ডিত কহিয়াছেন যে মনুষ্য আহারাদির সহিত অনেক সামান্য বায়ু উদরেতে গ্রহণ করে ঐ বায়ু স্বভাবতঃ হতজ্বালভাব কিন্তু আমাশয়ে প্রবিষ্ট হওনানন্তর জ্বলনীয় বায়ুস্বরূপীকৃত হয় কিম্বা ঐ সামান্য বায়ুদ্বারা আহারাদির তৈলবৎ প্রধানাংশ জ্বলনীয়বায়ুর স্বভাব ধারণ করে তাহাতে ঐ পণ্ডিত এই প্রশ্ন করিয়াছেন যে জ্বলনীয় বায়ুতে আহারাদি জীর্ণ হয় কি না এবং যদি হয় তবে তদ্দ্বারা আহারাদি অনায়াসে রসীকৃত হয় কি না।

॥ ১০॥ কিন্তু সে যাহা হউক আহারাদি আমাশয়ে এক কিম্বা দুই কিম্বা তিন ঘটিকাপর্য্যন্ত স্থিতি করিলে পঙ্কবৎ হয় তাহার নাম ধাতুপ তাহাতে দুগ্ধের ন্যায় ধবল অন্নরসরেণু প্রথমতঃ দৃষ্ট হয় অপর আহারাদির আমাশয়ে অল্প কিম্বা বহুকাল যে স্থিতি সে আহারাদির এবং আমাশয়ের এবং তন্মধ্যবর্ত্তিরসের স্বভাবানুসারে জানিবেন। অপর আহারাদির অতিশয় দ্রবীভূত এবং সর্ব্বাপেক্ষা জীর্ণাংশ অল্পং করিয়া আমাশয়াধশ্ছিদ্র দিয়া দ্বাদশাঙ্গুলান্ত্রনামকান্ত্রেতে প্রবিষ্ট হয় তাহাতে প্রবেশসময়ে আমাশয়াধশ্ছিদ্রের তন্তুর শ্লথ হওয়াতে আহারাদির অল্পজীর্ণপ্রাপ্তাংশ এবং স্থূলাংশ অন্ত্রেতে প্রবেশার্থে যাবৎ প্রাচুর্য্যরূপে আর্দ্র না হয় তাবৎ আমাশয়ে স্থিতি করে এবং আহারাদির ঐ পঙ্কবদ্ধাতুপাংশ আমাশয়হইতে নির্গত হইয়া

অন্ত্রেতে প্রবেশানন্তর অন্যরূপ কৃত হয় পরে সেস্থানে দ্বাদশাঙ্গুলান্ত্র গমনকারী পিত্ত এবং বৃক্কস্থ রস এবং অন্ত্রের অন্তঃপার্শ্বহইতে নিত্য নির্গত নির্যাস আহারাদির সহিত মিশ্রিত হয় তাহাতে আহারাদি পূর্ব্বাবস্থাপেক্ষা অধিক চূর্ণ হইয়া অন্যধর্ম্মবিশিষ্ট হয়।

॥ ১১॥ অপর ঐ পিত্ত এবং বৃক্কস্থ রস আহারাদির সহিত মিশ্রিত হওনানন্তর অতিবিভিন্ন দ্রব্যদ্বয়স্বরূপ নির্ম্মিত হয় তাহার মধ্যে এক দ্রব্য ঐ আহারাদির দ্রবীভূতাংশের এবং ঘনীভূতাংশের কতকাংশ অতিশয় সূক্ষ্মরূপে নির্ণীত রসেতে মিশ্রিত হওনদ্বারা কৃত হয় ঐ দ্রব দ্রব্য অল্প তেজস্বী এবং মিষ্ট এবং দুগ্ধবৎ শুক্লবর্ণপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা তাহার অন্নরস সংজ্ঞা করিয়াছেন পরে ঐ অন্নরস দুগ্ধধৃগাবাহক নাড়ীদ্বারা চোষিত হইয়া শরীরের অন্যান্যাংশে নীত হওনানন্তর রক্তধর্ম্মবিশিষ্ট হয় তাহাতে রক্তের যেং আর্দ্রাংশের নিত্য হ্রাস হয় তাহা ঐ অন্নরসদ্বারা পুনর্ব্বর্দ্ধিষ্ণু হয়। অপর অন্য যে দ্রবদ্রব্যের বিষয় কহিয়াছি সে বর্দ্ধিষ্ণুধর্ম্মরহিত বস্তু এবং দুগ্ধনাড়ীর অগ্রাহ্যাহারাদির অবশিষ্টাংশেতে কৃত জানিবেন। পরে আহারাদির স্থূলাংশ অর্থাৎ যে অংশের ব্যবচ্ছেদকেরা মলসংজ্ঞা করিয়াছেন তাহা অন্ত্রেতে অধোগামী হইয়া নির্দ্দেতব্য মতানুসারে গুহ্যদ্বারদিয়া নির্গত হয়। অপর নির্দ্দেয় কহিয়াছি কেন তাহার কারণ কহি নিশ্বাসপ্রশ্বাসব্যবস্থাজ্ঞ হওনপূর্ব্বে মলের অধোগমনব্যবস্থা জ্ঞাত হওন অতিদুঃসাধ্য কিন্তু সে যাহা হউক অন্ত্রনির্ম্মাণবিষয়ে এই স্থানে কিঞ্চিদ্ব্যাখ্যাকরণ অতিপ্রয়োজনার্হ অতএব তাহা পূর্ব্বেই কহি।

॥ ১২ ॥ ইহার পূর্ব্বে কহিয়াছি যে অন্ত্র শরীরাপেক্ষা পঞ্চগুণ

কিম্বা ষষ্ঠগুন দীর্ঘ এবং উদরমধ্যে বহুবক্রতা ধারণকরত এবং কোন স্থানে উদরের দক্ষিণপার্শ্বহইতে বামপার্শ্বের পুতি গতি করত এবং বামপার্শ্বহইতে দক্ষিণপার্শ্বে গতি করত এবং অধোগামী এবং উর্দ্ধগামী হওত স্থিতি করে অপর ইহাও কহিয়াছি যে ঐ অন্ত্রের অন্তঃপর্দা তদ্বহিঃস্থ পর্দাপেক্ষা অতিবৃহৎপুযুক্ত তদ্দ্বারা স্থানেং সংমেদনভাঁজ নামে অনেক ভাঁজবদংশ কৃত হয়। অতএব অন্ত্রের ঐ পুকার ব্যবস্থাতে ব্যবচ্ছেদকেরা এবং বস্তুজ্ঞেরা ঈশ্বরের বহুজ্ঞানবিষয় অবগত হইতে পারেন যেহেতুক স্বাভাবিক ব্যবস্থাপেক্ষা অন্ত্র যদি কিঞ্চিৎ হ্রস্ব হইত কিম্বা নির্ণীত ব্যবস্থানুসারে অতিশয় বক্র না হইয়া যদি আমাশয়হইতে সরলভাবে গতি করিত কিম্বা যদি ঐ অন্ত্রের অন্তঃপার্শ্ব সমান হইত কিম্বা কপাটরহিত হইত তবে আহারাদি গুহ্যদ্বার পুতি অতিশীঘ্র গতি করিত তাহাতে আহারাদিহইতে অন্নরস বিভিন্নীকৃত হওনের এবং ঐ রসেরও দুগ্ধনাড়ীদ্বারা চোষিত হওনের পুাচুর্য্য সময় থাকিত না অতএব অত্যনায়াসে বোধ হয় যে জীবনরক্ষার্থক এবং মনুষ্যকে সমধাতুভাব রক্ষার্থক শরীর স্বকীয় বর্দ্ধিষ্ণুবিষয়ে অতিপুয়োজনার্হ যে রস তদ্রহিত হইত কিন্তু ঐ অন্ত্রের দীর্ঘতাতে এবং তদতিশয় বক্রতাতে এবং তাহার অন্তঃপার্শ্ব অত্যসমান হওয়াতে এবং তন্মধ্যদিয়া আহারাদির অত্যসমানগতিতে অন্নরস মলাংশহইতে বিভিন্নকরণবিষয়ে এবং শরীরকে পুতিপালনবিষয়ে অতিপুয়োজনার্হ দ্রাংশনির্ম্মাণবিষয়ে সাহায্য করে।

## তৃতীয় খণ্ডের চতুর্দ্দশাধ্যায়।

### অষ্টাধিকশততম প্রকরণ।

অন্নরসগমনপথ এবং মেদগমনপথবিষয়ক নিদর্শন।

॥ ১ ॥ দুগ্ধবহনাড়ী নামে অসংখ্যক অতিসূক্ষ্ম২ আবাহক নাড়ী [illegible] হইয়া অন্ত্রের অন্তঃপার্শ্বহইতে উৎপান্ন হয় কিন্তু অধিকন্তু শূন্যসংজ্ঞান্ত্রের এবং বহুবক্রান্ত্রের অন্তঃপার্শ্বহইতে উৎপন্না হয় ঐ সকল নাড়ী দিয়া অন্নরস অর্থাৎ শরীরের প্রতিপালনার্থ দ্রবদ্রব্য শরীরমধ্যে গৃহীত হয়! ঐ নাড়ীসমস্ত ষোলোশত বাইশ শালে*

* গালেন্‌নামক ব্যবচ্ছেদককর্তৃক আমরা জ্ঞাত আছি যে এরা,শস্‌ত্রাতস্‌নামে ব্যবচ্ছেদক ঐ দুগ্ধবহনাড়ী প্রথমতঃ ছাগলেতে দেখিয়া কহিলেন যে ঐ নাড়ীসকল আবাহক নাড়ী হয় এবং তাহারদিগেতে দুগ্ধবৎ এক প্রকার রস চালিত হয়। কিন্তু অন্যং ব্যবচ্ছেদকেরা অনেক কালপর্য্যন্ত সেই নাড়ীবিষয়ে বড় একটা মনযোগ করিলেন না তাহাতে তৎপরে যাবৎ আসেল্লিয়স্‌ নামে অন্য ব্যবচ্ছেদক সে নাড়ী কুক্কুরেতে প্রথমতঃ না দেখিয়াছিলেন তাবৎ তাহারদিগের দুগ্ধবহনাড়ী সংজ্ঞা হইয়াছিল না কিন্তু পরে ঐ ব্যবচ্ছেদক ঐ নাড়ীকে দুগ্ধবহনাড়ী সংজ্ঞা করিয়াছিলেন যেহেতুক তিনি অনুমান করিলেন যে ঐ নাড়ী দিয়া অন্নরস অন্ত্রহইতে যকৃতেতে গতি করে কেননা দুগ্ধপ্রণালী প্রথমতঃ দৃষ্টা হওনের পূর্ব্বে প্রাচীন ব্যবচ্ছেদকেরা অনুমান করিয়াছিলেন যে অন্নরসকে রক্তকরণবিষয়ে যকৃৎ সাহায্য করে কিন্তু কিছুপরে পেকেৎনামে ব্যবচ্ছেদকদ্বারা দুগ্ধপ্রণালী দৃষ্টা হওয়াতে ঐ পূর্ব্বমত লুপ্ত হইল। অপর পেক্কেৎনামে ব্যবচ্ছেদক প্রবঞ্চনা না করিয়া কহিলেন যে আমি এক জীবৎ কুক্কুরের হৃৎপিণ্ড ছেদনকরণের সময়ে অম্বুহানামক রক্তাবাহক নাড়ীহইতে নির্গমনকারী এক প্রকার শুক্লবর্ণ রস রক্তের সহিত নির্গত হওন অকস্মাৎ দেখিয়াছিলাম পরে ঐ রসকে দেখিয়া অনুসন্ধান করিয়া তদুৎপত্তিস্থান চেষ্টা করত দেখিলাম যে তাহা দুগ্ধবৎ প্রণালীহইতে নির্গত হইল। ঐ ব্যবচ্ছেদকের পূর্ব্বে প্রায় এক শতবৎসর

ইওস্তাখিয়স্‌

আসেল্লিয়স্ নামে ব্যবচ্ছেদককর্ত্তৃক প্রথমতঃ দৃষ্ট হইয়াছিল ঐ নাড়ী সমস্ত তের্চারূপে অন্ত্রপার্শ্বমধ্যদিয়া প্রবেশানন্তর মধ্যান্ত্র ত্বচের উপর দিয়া গতি করে পরে পরস্পর সম্মিলিত হইয়া তদ্দারা অন্য বৃহৎ২ নাড়ীশাখা কৃতা হয় ঐ নাড়ীশাখা সমস্ত মধ্যান্ত্রত্বক্স্থ মাংসগ্রন্থির অর্থাৎ অনেক বর্ত্তুলাকৃতি ক্ষুদ্র গ্রন্থিতে কৃত মাংসগ্রন্থির মধ্যদিয়া প্রবেশ করে মনুষ্যজাতিতে ঐ মাংসগ্রন্থি অতিশয় বাহুল্যরূপে স্থিতি করে। পরে ঐ নাড়ীসমস্ত অন্ত্রের এবং ঐ মাংসগ্রন্থির মধ্যদিয়া গতি করণাবস্থায় ব্যবচ্ছেদকেরা তাহারদিগের প্রথম প্রকারক দুগ্ধধৃদ্বাবাহকনাড়ীসংজ্ঞা করিয়াছেন পরে ঐ নাড়ী ঐ মাংসগ্রন্থির নিকটবর্ত্তিস্থানহইতে কিঞ্চিদ্দূরগমনানন্তর অল্প সংখ্যক হইয়া কিঞ্চিদ্বৃহদাকার ধারণ করে ঐ স্থানে ব্যবচ্ছেদকেরা ঐ নাড়ীরদিগের দুগ্ধধৃদ্বাবাহক দ্বিতীয়প্রকারক নাড়ীসংজ্ঞা করিয়াছেন পরে ঐ নাড়ীসমস্ত স্বমধ্যবর্ত্তি দ্রবদ্রব্যকে দুগ্ধধৃৎপ্রণালীতে প্রক্ষেপ করে তাহাতে ঐ প্রণালী দিয়া অন্নরস রক্তেতে নীত হয়।

॥২॥ ঐ দুগ্ধধৃৎপ্রণালী কট্যাবর্ত্তকের অধ আবর্ত্তকসমীপ স্থানে উৎপন্ন হইয়া হৃৎপ্রবাহক রক্তনাড়ীর পার্শ্ব হইয়া এবং অযুগ্ম রক্তাবাহক নাড়ীর এবং আবর্ত্তকের মধ্যস্থান দিয়া গতি করে এবং বক্ষউদরবেষ্টনদ্বারা আচ্ছন্ন হইয়া থাকে। কোনো২ মনুষ্যেতে ঐ দুগ্ধধৃৎপ্রণালী দুই শাখাকৃতি ধারণ করে

ইস্তাখিয়স্ নামে এক জন ব্যবচ্ছেদক ঐ প্রণালীকে অশ্বেতে দেখিয়াছিলেন তাহাতে তিনি অনুমান করিলেন যে সে কোন এক প্রকার অদ্ভুত নাড়ী বটে কিন্তু তাহার উৎপত্তি স্থান এবং অন্ত কোথায় এবং কার্য্য কি ইহার কিছুই জ্ঞাত ছিলেন না।

কিন্তু পরে পুনর্ব্বার এক প্রণালীবৎ হয়। পরে ঐ প্রণালী জত্রুধঃস্থিত রক্তাবাহক নাড়ীর পার্শ্বাংশদ্বয়ের মধ্যদিয়া কিঞ্চিত্তেচারূপে গমনানন্তর তন্মধ্যে প্রবেশ করে ঐ জত্রুধঃস্থ রক্তাবাহক নাড়ী হৃদ্গ্রহানামক রক্তাবাহক নাড়ীতে সংযুক্ত হইয়া হৃৎপিণ্ডের দক্ষিণ কোষেতে প্রবেশ করে।

॥৩॥ ঐ দুগ্ধধৃৎপ্রণালীর অধোভাগ অন্য ভাগাপেক্ষা কিঞ্চিদ্বৃহৎ তাহাতে ব্যবচ্ছেদকেরা সে অংশের পিত্তাধার সংজ্ঞা করিয়াছেন এবং কোনোং ব্যবচ্ছেদকেরা পুপার্ত্তনামক পিত্তাধারসংজ্ঞা করিয়াছেন যেহেতুক পুপার্ত্ত নামে ব্যবচ্ছেদক ষোলশত একান্ন শালে ঐ প্রণালীর প্রথমোদ্দেশ পাইয়াছিলেন। কোনং চতুষ্পদ জন্তুতে এবং কচ্ছপেতে এবং মৎস্যেতে ঐ প্রণালীর বৃহদংশ স্বকীয় বৃহত্ত্ব ক্ষুদ্রত্বানুসারে মনুষ্যজাতিতে স্থিতাপেক্ষা কিঞ্চিদ্বৃহৎ জানিবেন যেহেতুক মনুষ্য জাতিতে ঐ প্রণালী এরূপ ক্ষুদ্র যে তাহার আধারসংজ্ঞা করা অনুপযুক্ত।

॥৪॥ দুগ্ধধৃন্নাড়ী মনুষ্যের শবেতে সর্ব্বদা দৃশ্য নয় কিন্তু কুক্কুরকে কিম্বা অন্য কোন চতুষ্পজ্জন্তুকে দুগ্ধাহার করাইলে পর ঘটিকাদ্বয় কিম্বা ঘটিকাত্রয় অতীত হইলে যদি সে জন্তু মারা যায় তবে তাহার দুগ্ধধৃন্নাড়ীতে অন্নরস শুক্লবর্ণরূপে অনায়াসে দৃশ্য হয়।

॥৫॥ কিন্তু যেং দুগ্ধধৃন্নাড়ী নির্ণয় করিয়াছি সেই সকল নাড়ী অন্ত্রহইতে মধ্যান্ত্রত্বচের মধ্যদিয়া দুগ্ধধৃৎপ্রণালীতে প্রবেশ করে ঐ দুগ্ধধৃন্নাড়ী সমস্ত অন্নরসচূষণবিষয়ে সাহায্যকারি নাড়ীর কেবল কিয়দংশ জানিবেন ঐ নাড়ীসমস্ত অনেক স্থানহইতে একত্র হইয়া তাহাতে দুগ্ধধৃৎ এক সামান্য প্রণালী কৃতা হয় এবং

শরীরে স্থিত অন্যান্যবর্ত্তুলাকৃতি ক্ষুদ্র২ অংশেতে নির্ম্মিত মাংসগ্রন্থি সমস্তকে সংযোগ করিয়া ব্যবচ্ছেদকেরা তাহারদিগের মেদনির্ম্মাণবিষয়কোপকার্য্যাংশসংজ্ঞা করিয়াছেন তাহাতে দুগ্ধধৃৎ প্রণালীবিষয়ে ব্যবচ্ছেদকেরা যাহা২ কহিয়াছেন তাহা শেষ কথি তাংশের বিষয়েও কথনোচিত।

—০—

## নবাধিকশততম প্রকরণ।

### মেদহৃন্নাড়ীর নিদর্শন।

॥ ১ ॥ মেদধৃন্নাড়ী সকল * অতিসূক্ষ্ম এবং স্বচ্ছ প্রণালীর ন্যায়

---

* শরীরস্থ রক্তপ্রবাহক নাড়ী সমস্ত উত্তরোত্তর অতিসূক্ষ্ম হয় তাহাতে তন্মধ্যে রক্তের লোহিতাংশ প্রবেশ করিতে পারে না তৎপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা ঐ রক্তপ্রবাহক নাড়ীর অতিসূক্ষ্ম অংশের কেশবদ্রুক্ত প্রবাহক নাড়ী অথবা মেদপ্রবাহিকা নাড়ী সংজ্ঞা করিয়াছেন। যে২ নাড়ীর ব্যবচ্ছেদকেরা মেদহৃন্নাড়ীসংজ্ঞা করিয়াছেন সেই সকল নাড়ীকে রক্তপ্রবাহক নাড়ীর অগ্রাংশ অনুমান করিয়া কহিয়াছেন যে তদ্দ্বারা মেদ লোহিত নাড়ীতে অথবা দুগ্ধবৃৎপ্রণালীতে নীত হয় যেহেতুক ব্যবচ্ছেদকেরা অনুমান করিয়াছিলেন যে ঐ লোহিত নাড়ী চূষণকার্য্যসম্পন্ন করে কিন্তু অর্ব্বাচীন ব্যবচ্ছেদকেরদিগের জ্ঞানবাহুল্যেতে আমরা নিশ্চয় জানি যে মেদোবাহক নাড়ী মেদপ্রবাহক নাড়ীর অগ্রাংশ নয় কিন্তু তাহারাই চূষণকার্য্যসম্পন্ন করে তাহাতে তাহারদিগের চূষকনাড়ীসংজ্ঞা হইয়াছে। কিন্তু সে যাহা হউক অর্ব্বাচীন অভিখ্যাতাপন্ন অনেক ব্যবচ্ছেদকেরা কহিয়াছেন যে ঐ লোহিতবর্ণ রক্তবাহক নাড়ীও চূষণকার্য্য সম্পন্ন করে কিন্তু এখন নিশ্চয় জানা গেল যে ঐ লোহিতবর্ণ রক্তবাহক নাড়ী কেবল পুরুষাদির মস্তুকোষ মদংশেতে চূষণকার্য্য সম্পন্ন করে তাহাতে ঐ কোষ সমস্ত রক্তপ্রবাহক নাড়ীস্থ রক্তেতে পরিপূর্ণ হওনদ্বারা পুরুষাদি দণ্ডায়মান হয়।

দেখা যায় এবং দুগ্ধধৃন্নাড়ীর মত শরীরের মধ্যাংশের প্রতি গতি করে এবং এক প্রকার অতিস্বচ্ছ দ্রবদ্রব্যকে দুগ্ধধৃৎপ্রণালীতে প্রক্ষেপ করে। অপর শরীরের অধোংশস্থিত যে ঐ মেদধৃন্নাড়ী সমস্ত তাহারা ক্রমেং সংমিলিত হইয়া বৃহৎ শাখাত্রয়াকৃতি ধারণ করিয়া দুগ্ধধৃৎপ্রণালীতে প্রবেশ করে ঐ প্রবেশস্থানের ব্যবচ্ছেদেকেরা অন্নরসাধারসংজ্ঞা করিয়াছেন্ তাহাতে ঐ আধারস্থান মেদধৃন্নাড়ীর প্রধানাংশ জানিবেন। দুগ্ধধৃন্নাড়ীও সেই আধারস্থানে প্রবেশ করে এবং মেদধৃন্নাড়ীসমস্ত শরীরের উর্দ্ধাংশহইতে একত্র হইয়া স্বকীয় মেদ জত্রূধঃস্থ রক্তাবাহক বামস্থনাড়ী প্রতি উর্দ্ধগমনকারি ঐ দুগ্ধধৃৎপ্রণালীতে প্রক্ষেপ করে। অপর গ্রীবার এবং কণ্ঠের দক্ষিণপার্শ্বহইতে এবং দক্ষিণ হস্তহইতে উৎপন্ন তাবন্মেদধৃন্নাড়ী দক্ষিণ জত্রূধঃস্থ রক্তাবাহক নাড়ীতে অন্ত পায়।

॥২॥ ঐ মেদধৃন্নাড়ীসমস্ত প্রায় সর্ব্বদা বৃহদ্বৃহদ্রক্তধৃন্নাড়ীর সমীপস্থানে স্থিতি করে তাহাতে জীব জন্তুর মেদধৃন্নাড়ী বেষ্টন করিয়া যদি উরুস্থ রক্তপ্রবাহক নাড়ী রজ্জুদ্বারা বদ্ধ করা যায় তবে ঐ রজ্জ্বধঃস্থানে মেদধৃন্নাড়ী সমস্ত স্ফীত হওয়াতে ঐ নাড়ী সমস্ত অত্যনায়াসে দৃষ্টা হয় অপর কোন জন্তু মারিলে পর তৎক্ষণাৎ ঐ দুগ্ধধৃৎপ্রণালী রজ্জুদ্বারা যদি বদ্ধ করা যায় তবে তন্মধ্যস্থিত দ্রবদ্রব্য জত্রূধঃস্থ রক্তাবাহকনাড়ীতে গমনবিষয়ে নিবারিত হয় তাহাতে দুগ্ধধৃন্নাড়ী কেবল স্ফীত হয় না কিন্তু উদরস্থ মেদধৃ

ন্নাড়ী এবং শরীরের অধোংশে স্থিত অন্যং মেদধৃন্নাড়ী স্বস্বদুবাংশদ্বারা স্ফীতা হয় *।

॥ ৩ ॥ ঐ দুগ্ধধৃন্নাড়ীর এবং মেদধৃন্নাড়ীর পার্শ্বাংশ সমস্ত এমত অতিশয় পাতল যে তাহারদের পৃথকং পর্দা স্বতন্ত্র করা যায় না কিন্তু সে সকল পার্শ্বাংশ পারদধারণক্ষমপ্রযুক্ত তাহারা অতিদৃঢ়বস্তু বোধ হয় এবং স্ফীত হইয়া বিস্তৃত হওনানন্তর অতিশয় সংকোচনক্ষমপ্রযুক্ত এবং হালরনামক ব্যবচ্ছেদবেত্তার বাক্যানুসারে ঐ নাড়ীসমস্ত অতিব্যথানুভবস্বভাবপ্রযুক্ত অনুমান হয় যে তাহারা অন্যং রক্তধৃন্নাড়ীর ন্যায় মাংসপেশীবিশিষ্ট স্বচ্ পদার্থক।

॥ ৪ ॥ মেদধৃন্নাড়ীসমস্ত শরীরের অন্যং অংশের ন্যায় প্রতিপালিত জানিবেন কেননা অনুমান হয় যে ঐ মেদধৃন্নাড়ীর মধ্যে সর্ব্বাপেক্ষা অতিক্ষুদ্রং নাড়ী সকলও অন্যং রক্তাবাহক এবং রক্তপ্রবাহক নাড়ীতে প্রতিপালিত আছে এবং তাহারদিগেতে তাপজ্ঞানপ্রযুক্ত ঐ বিষয় অতিপ্রমাণ অনুমান হয় তদ্ভিন্নও ঐ নাড়ীসমস্ত রোগদ্বারা স্ফীতা হইয়া ব্যথাদায়িকাপ্রযুক্ত নিশ্চয় জানি যে ঐ মেদধৃন্নাড়ীতে রক্তধৃন্নাড়ীছাড়া শিরাও আছে।

॥ ৫ ॥ অপর দুগ্ধধৃন্নাড়ী এবং মেদধৃন্নাড়ী এবং দুগ্ধধৃৎপ্রণালী সমস্ত অন্যং লোহিত রক্তধৃন্নাড়্যপেক্ষা অতিশয় কপাটযুক্ত জানি

---

* শবেতে যদি প্রত্যেক কোনো এক অংশ অর্থাৎ প্লীহার কিম্বা অন্য কোন অংশ গামিতিগমনকারী রক্তপ্রবাহক নাড়ী বিদীর্ণ করা যায় এবং ঐ নাড়ীতে বায়ু প্রবিষ্ট হয় তবে ঐ দুগ্ধধৃন্নাড়ী এবং মেদধৃন্নাড়ী স্ফীতা হওয়াতে অক্লেশে দেখা যায় পরে ঐ স্ফীত নাড়ীতে ছিদ্র করিয়া নলদ্বারা পারদ প্রবিষ্ট হইতে পারে।

বেন। ঐ কপাটসমস্ত যোড়াং থাকে তাহাতে দুগ্ধধৃৎপুণালীর প্রতি অন্নরসের এবং মেদের গমন বর্দ্ধিত হয় এবং তৎপ্রত্যাগমনের নিবারণ হয়। ইহার পূর্ব্বে মাংসগ্রন্থিপ্রকরণে কথিত হইয়াছে যে দুগ্ধধৃন্নাড়ীসমস্ত মাংসগ্রন্থির মধ্য দিয়া এবং অন্ত্রমধ্যান্ত্রস্থগ্রন্থিমধ্যদিয়া গতি করে তদ্রূপেও মেদধৃন্নাড়ীসমস্ত দুগ্ধধৃৎপুণালীর প্রতি গমনসময়ে স্বকীয় মাংসগ্রন্থি মধ্য দিয়া গতি করে। ঐ মাংসগ্রন্থিসমস্ত অন্যং ক্ষুদ্রং মাংসগ্রন্থিদ্বারা বর্ত্তুলাকৃতি নির্ম্মিত জানিবেন কিন্তু ঐ মাংসগ্রন্থিমধ্যদিয়া গতিকরণসময়ে অন্নরসের এবং মেদের কি প্রকার পরীবর্ত্তন হয় তাহা অদ্যপর্য্যন্ত নির্ণীত নয়।

॥ ৬ ॥ অপর মেদধৃন্নাড়ী শরীরের নানাংশের সমানপার্শ্ব হইতে এবং নিম্নাংশহইতে চোষকনাড়ীর ন্যায় আরব্ধা হয় ইহা প্রায় সর্ব্বত্র ব্যবচ্ছেদকেরদের মধ্যে অতিশয় গৃহীত মত কিন্তু ঐ নাড়ীদ্বারা চোষিত আর্দ্রাংশ কিরূপে ঐ নিম্নতার মধ্যে প্রক্ষিপ্ত হয় তাহা অদ্যপর্য্যন্ত বিবাদের কারণ হইয়াছে। ইহার পূর্ব্বে কহিয়াছি যে উদরমধ্যস্থিত যেং অংশ সে সকল এক অতিপাতল দ্রব দ্রব্যেতে সর্ব্বদা আর্দ্রভাবে রক্ষিত হয় তদ্রূপেও হৃদ্বেষ্টেতে এবং বক্ষউদরবেষ্টেতে এবং শরীরের অন্যান্যোদর বৎস্থানেতে যেং স্থিতি করে ঐ দ্রবাংশের ব্যবচ্ছেদকেরা মেদ সংজ্ঞা করিয়াছেন। কিন্তু ঐ দ্রবাংশ রক্তপ্রবাহক নাড়ীর অতিক্ষুদ্রাগ্রের অগ্রহইতে বাষ্পের ন্যায় ঐ সকল উদরেতে প্রক্ষিপ্ত হয় কিম্বা ঐ রক্ত প্রবাহক নাড়ীর পার্শ্বাংশ দিয়া ক্ষরে ইহা বিবাদের কারণ হইয়াছে। অপর ঐ দুই মতস্থাপনার্থে নানা ব্যবচ্ছেদকে